### বিজ্ঞাপনা

নবচরিত মুদ্রিত ও প্রচারত হহল। বাঁহার। বিদ্যা ও দলাচারের সাহায়ে, অধ্যবসায়ের প্রভাবে এবং পরোপ-কার-গুণে পৃথিবীতে অক্ষয় কীর্ত্তি রাখিয়া গিয়াছেন, সদেশের ও বিদেশের এমন পাঁচ জনের জীবন-রভান্ত ইহাতে লিখিত ইয়াছে। আশা করি, এই চরিতপাঠে পাঠকদের স্থায় পাঠিকারাও অনেক উপদেশ লাভ করিতে পারিবেন।

কতিপর পৃস্তক ও সাময়িক পত্র প্রভৃতি ইইতে উপস্থিত গ্রন্থের প্রতিপাদ্য বিবরণ সংগৃহীত ইইয়াছে। ৺ প্যারীটাদ মিত্রপ্রণীত গ্রন্থ ইইতে রামক্ষল সেনের বিবরণ এবং ৺ উমাচরণ ভটাচার্য্যপ্রণীত গ্রন্থ ইইতে জগলাথ তর্কপঞ্চাননের জীবনীসংক্রান্ত কোন কোন বিষয় সংগৃহীত ইইয়াছে। আমার শ্রদ্ধাম্পদ বন্ধু শ্রীযুক্ত বাবু নগেন্দ্রনাথ চটোপাধাণয়ের রামমোহন রায়ের জীবনীসংক্রান্ত গ্রন্থ এই পুস্তক লিখিত রামমোহন রায়ের জীবন চরিতের প্রধান অবলম্ব। ফল-বিশেষে ঐ প্রন্থের ভাব অবিকল গ্রহণ করিয়াছি। এন্থলে ঐ সমস্ত গ্রন্থকারগণের নিকট যথোচিত রুতক্ততা হীকার করিতেছি।

শ্রীরজনীকান্ত গুপ্ত।

## সূচী।

विषद्र।				পৃষ্ঠা।
স্ <b>শক্তি-সম্</b> থিত প্ৰসিদ্ধ পণ্ডি	ত			
জগন্নাথ তর্কপঞ্চানন	•••	***	••	5
বৈদেশিক প্রহিটত্ত্বী				
ডেবিড হেয়ার	•••	***	•••	৫৯
धर्मानिष्ठं (न एशान				
র্মকমল দেন		•••	•••	৬৬
পরোপকারিণী অবলা				
সারা মার্টিন		•••	•	65
স্থদেশহিতৈষী, প্রাকৃত সংস্থা	রক			
মহাত্মা রাজা রামমোহন	রায়	•	•••	ン・カ

# নবছরিত/

## স্বশক্তি-সমূখিত প্রদিদ্ধ পণ্ডিত জগন্ধাথ তর্কপঞ্চানন।

ভগলী জেলায় ত্রিবেণী নামে এক খানি গ্রাম আছে। গ্রাম খানি হুগলী ও চুঁচুড়ার নিকটবর্তী। প্রিত্র-সলিলা ভাগীরথী উহার পাদদেশ দিয়া প্রবাহিত হইতেছে। গ্রামে ক্লদ্ৰদেৰ তৰ্কবাগীশ নামে একজন ব্ৰাহ্মণ অধ্যাপক বাম করিতেন। তিনি সঙ্গতিপন্ন ছিলেন না; ক্রিয়া কাণ্ডের নিমন্ত্রণ ও শিষ্য যজমান হইতে যাহা লাভ হইত, তাহা দার। অতি কপ্তে পরিবারবর্গের ভরণপোষণ নির্বাহ করি-তেন। দরিদ্রতাহেতু রুদ্রদেবের অনেক সাংসারিক কষ্ট উপস্থিত হইত, কিন্তু তিনি সহিষ্ণুতা-গুণে সমুদ্য সম্ করি-তেন। তাঁহার হৃদয় কোনরপ ছুর্ঘটনার অধীর হইত না, এবং তাঁহার কর্ত্তব্য-বুদিও কোনরূপ তুশ্চিন্তায় অবসর হইয়া পড়িত না। তিনি সকল সময়ে ধীরভাবে আপনার কার্য্য করিতেন। সংস্কৃত শান্তে রুজ্রদেবের পারদ্রশিতা ছিল। অনেক ছাত্র তাঁহার শিক্ষত্ব গ্রহণ করিত; তিনি रेशिनिशदक यएवत निरुठ निका निएठन। नानाक्रभ मार्गा-

রিক কট্ট পাইয়াও, তিনি শাস্ত্রচর্চায় কথনও অবহেলা করিতেন না। শাস্ত্রানুশীলন তাঁহার একটি প্রধান আমোদ ছিল। তিনি কয়েকখানি সংস্কৃত সাহিত্য শাস্ত্রের দীকা প্রস্তুত করেন। এইয়পে অধ্যয়ন, অধ্যাপন ও এন্থ-প্রগামনে তাঁহার সময় অতিবাহিত হইত।

কিন্ত দরিদ্রতা অপেক্ষা একটি ঘোরতর ছুর্ঘটনা রুদ্রদেবের সাতিশয় কষ্টকর হইয়া উটিল। তিনি দ্রীপুত্রে
পরিয়ত হইয়া নিজের সহিয়ুতা-গুণে যে শান্তি-মুখ তোগ
করিতেছিলেন, ঐ ছুর্ঘটনায় দে মুখ বিলুপ্ত হইল। রুদ্রদেবের বয়ন প্রায় চৌষ টি বৎসর, এই সময়ে তাঁহার স্ত্রী ও
পুদ্র, উভয়েরই য়ৃত্যু হয়। রুদ্ধ দশায় এইয়প গুরুতর শোক
শাইয়া, রুদ্রদেব সংসার পরিত্যাগে রুত-নিশ্চয় হইলেন।
পুণ্য-ভূমি বারাণসীতে ঘাইয়া, ঈশরচিন্তায় জীবিত কালের
অবশিপ্ত ভাগ অতিবাহিত করা, এক্ষণে তাঁহার একজন
স্কল্প হইল। চন্দ্রশেশর বাচম্পতি নামে তাঁহার একজন
স্কল্প হেলাতিব শাস্ত্রে মুপণ্ডিত ছিলেন। রুদ্রদেব একান্ত
নির্মিল্প হদয়ে কাশীবাস করিবার উদ্দেশে তাঁহার নিকট
উপস্থিত হইয়া কহিলেন,

\*বাচম্পতি! আমার ত সংসারের সমস্ত সুখ শেষ হইল, এখন গণনা করিয়া দেখ, আমার কাশীপ্রাণ্ডির কোন বিশ্ব হইবে কি না ?\*

চন্দ্রবেশ্বর শোক-সম্বর্গ রুদ্রদেবের কথার দাতিশর বিষয় হইলেন কিন্তু স্থানতিবিলবে তাঁহার বিষাদ

#### কগগাপ তর্কপঞ্চানন।

তিরোহিও হইল। তিনি স্বীয় অভুত জ্যোতির্বিদ্যা প্রভাবে গণনা করিয়া হর্ষোৎফুল লোচনে কহিলেন,

তির্কবাগীশ! শোক পরিত্যাগ কর; তোমার দংসা-রের সুখ আজিও শেষ হয় নাই। তুমি কাশী বাদ করিও না; কয়েক বংসরের মধ্যেই তোমার একটি দিথিজয়ী পুত্র-দন্তান ভূমিপ্ত হইবে, এবং তোমার বিস্তীর্ণ বংশ বহুকাল থাকিবে।

त्रक्ष क्रिक्टान्य द्रेष्ठ शिवा क्रिक्टान्य,

শূর্থ ! জ্যোতির্বিদ্যায় তোমার অন্তুত পারদর্শিতার পরিচয় পাইলাম। মৃত-পত্নীক রদ্ধ দরিদ্ধ ব্যক্তির পুত্র-দন্তান ভূমিষ্ট হওয়ার দন্তাবনা কোধায় ? ভূমি অনেক নির্বোধকে মুগ্ধ করিয়া প্রতিপত্তি দঞ্চয় করিয়াছ, এখন আর চাপল্য না দেখাইয়া, আমার তীর্থমাত্রার শুভ দিন ফির কর।

চন্দ্রশেষর বাচম্পতি রুদ্রদেবের কথায় কিছুমাত অপ্র-তিভ হইলেন না, বিলক্ষণ দৃঢ়তার সহিত দগর্বে উত্তর করিলেন,

\*আমি যাছা কহিলাম, তাহা কখনও মিথ্যা হইবে না, আমি প্রতিজ্ঞা করিতেছি, আমার এই গণনা ভ্রম-পূর্ণ হইলে আমি জ্যোতিষ শাল্রের সমস্ত গ্রন্থ গঙ্গার জলে ফেলিয়া, তোমার সহিত কাশীবাসী হইব।

অদূরে ত্রিবেণী ও তাহার নিকটবর্তী থামের কতিপর ব্যক্তি দণ্ডায়মান থাকিয়া, প্রাচীন পণ্ডিতবয়ের কথোপকখন শুনিতেছিলেন। ইহাদের মধ্যে রঘুনাথপুর-নিবাসী বাসুদেব

### নৰ চরিত।

ক্রকারী নামে একজন ধর্মনিষ্ঠ প্রাক্ষণ চক্রশেশর বাচস্পতির কথা শুনিয়া, তাঁহার সম্মুখে আসিয়া কহিলেন,

শিহাশর! বিবাহের একটি দিন স্থির করুন"।
চন্দ্রশেশর কিঞ্চিৎ উদ্মনস্কভাবে জিজ্ঞাসা করিলেন,
কার বিবাহ ?"
বামুদেব উত্তর করিলেন,
জ্ঞামার কন্যার।"
চন্দ্রশেশর আবার জিজ্ঞাসা করিলেন,
পাত্র স্থির হইয়াছে ?"
বামুদেব গন্তীর ভাবে উত্তর করিলেন,

<sup>\*</sup>হাঁ। সংপাত্ত স্থির করিলাম।<sup>\*</sup> পরে ক্লন্তদেবের দিকে অঙ্গুলি প্রসারণ করিয়া কহিলেন,

"আপনার সমুখেই পাত্র উপন্থিত। আমি এই শান্ত্রক্ত বিশুদ্ধাচারী মহাপুরুষকেই কন্যা সম্প্রদান করিব।"

চক্রশেখর নিরুত্তর হইলেন। তাঁহার মুখমণ্ডলে বিস্মর ও সন্দেহের চিহ্ন প্রকাশ পাইতে লাগিল। বাস্থদেব তাঁহাকে বিশ্বিত ও সন্দিহান দেখিয়া পুনর্কার গন্তীরভাবে কহিলেন,

শিংশার ! আমার কথার সন্দেহ বা বিশ্বর প্রকাশ করিবেন না। আমি এক্সনিষ্ঠ এক্সচারী, কখনও মিখাা-বাদী হইরা পাপ সঞ্চর করি নাই। আমরা তর্কবাসীশ সহাশরের পিতার শিষা। ধর্মতঃ কহিতেছি, আমি গুরু-পুদ্রকেই শীর ছহিতা সম্প্রদান করিব। আপনি নিঃসন্দিশ্ধ-চিতে বিবাহের একটি শুভ দিন স্থির করুন। চন্দ্রশেখরের মুখ হর্ষোৎকুল হইল। রন্ধ রুদ্রদেব ভবিতব্যতার নিকট মস্তক অবনত করিলেন। তিনি আর কোন রূপ আপত্তি করিলেন না। এদিকে চন্দ্র-শেখর ছপ্তচিতে বিবাহের দিন ছির করিলেন। বাস্থদেব ঐ শুভ দিনে আপনার বাসগ্রাম রঘুনাথপুরে আত্মীয় স্বজনদিগকে আহ্বান করিয়া, যথাবিধানে রুদ্রদেবের হস্তে সীয় তুহিতা অদ্বিকাকে সমর্পণ করিলেন। চন্দ্রশেখরের গণনার একাংশ সিদ্ধ হইল। রুদ্রদেব নবপরিণীতা বনিতার সহিত ত্রিবেণীতে প্রত্যাগত হইলেন।

কিন্তু রুদ্রদেবের উৎকর্চা দূর হইল না। বিবাহের কিছু দিন পরেই তিনি কাশীতে যাইয়া, সন্তান কামনায় বিশ্বের দেবের আরাধনা করিয়া, গৃহে প্রত্যাগত হইলেন। অন্ধিকা সাতিশয় পতিপরায়ণা ও প্রিয়ভাষিণী ছিলেন। জরাজীণ পতির প্রতি তিনি কথনও অসম্মান বা অনাদর দেখান নাই। রুদ্রদেব তর্কবাগীশ শেষ দশায় এইরূপ দ্রীরত্ম লাভ করিয়া হাইচিতে পুনর্কার সংসারধর্ম্মে মনোনিবেশ করিলেন। অনতিবিলম্বে রুদ্রদেবের বাসনা ফলবতী হইল। ১১০১ সালে (খ্রীঃ ১৯৯৪ অন্দে) পৈতৃক বাসভূমি ত্রিবেণী গ্রামে ভাঁহার একটি পুত্রসন্তান জন্মগ্রহণ করিল। এই সময়ে রুদ্রদেবের বয়ঃক্রম ছয়িট বৎসর ইইয়াছিল। রুদ্রদেব তনয়লাভে হাই ইইয়া যথানিয়মে জাতকর্মাদি সম্পাদন পূর্ব্ধক জন্মরাশিনক্ষ্মানুসারে বালকের নাম রাম রাম রাখিলেন।

এদিকে বাস্থদেব ব্রহ্মচারীও নিশ্চেষ্ট ছিলেন না। তিনি পুরীতে যাইয়া, ছহিতার অপত্যকামনায় জগলাথদেবের আরাধনা করেন। যথারীতি আরাধনা শেষ করিয়া বাস্থদেব নযজাত দৌহিত্রের নামকরণের দশ দিন পরে ত্রিবেণীতে প্রত্যাগত হন। জামাতৃগৃহে আনিয়াই দৌহিত্রের মুখ দদ্দনে বাস্থদেবের অপরিসীম আহ্লাদের দক্ষার হইল। জগলাথের প্রসাদে দৌহিত্লাভ হইল বলিয়া, বাস্থদেব বালকের নাম জগলাথ রাখিলেন। রুদ্রদেব-তুনয় অতঃপর এই জগলাথ নামেই প্রসিদ্ধ হইয়া উঠিল।

শেষ দশায় পুল্র-সন্তানের মুখ দেখিয়া, রুদ্রদেব অপরিসীম সন্তোষ লাভ করিলেন। পুল্রের সন্তুষ্টি সাধনই এক্ষণে তাঁহার একমাত্র কার্য্য হইয়া উঠিল। জগরাথ পিতা মাতার সাতিশ্য আদর ও স্নেহের পাত্র হইয়া কালাতিপাত করিতে লাগিলেন। কিন্তু এইরূপ অতি আদরে তাঁহার স্বভাব বিরুত হইল। বাল্যকালে জগরাথ ছঃশীল ও অত্যাচারী হইয়া উঠিলেন। তিনি যেরূপে ইপ্টক নিক্ষেপ পূর্বক পথিকদিগকে উৎপীড়িত করিতেন, কুলকামিনীদিগের কলসী ভাঙ্গিয়া কেলিতেন, গ্রামের বালকদিগকে ধরিয়া প্রহার করিতেন, অভীপ্ট বস্তু না পাইলে জননীকে যত্রণা দিতেন, তাহা অত্যাপি ত্রিবেশীর রন্ধ সম্প্রদায় কথাপ্রসঙ্গে ব্যক্ত করিয়া থাকেন। স্থানীলা অন্বিকা তনয়ের দুঃশীলতার জন্ম সর্ব্বদাই পল্লীস্থ কামিনীদ্বিগের নিক্ট ক্ষমা প্রার্থনা করিতেন। প্রতিবেশিগণ ক্ষমাথের অত্যাচারে সর্ব্বদা শক্ষিত থাকিত। জগরাথ ইহাতে

আব্দাদে মন্ত হইতেন। পিতা জগন্নাথকে শাসন করি-তেন, জগন্নাথ তাহাতে বধির হইয়া থাকিতেন; মাতা জগন্নাথকে কোলে তুলিয়া, উপদেশ দিতেন, জগন্নাথ ঈষৎ হাসিয়া, তাহাতে উপেক্ষা দেখাইতেন। এইরূপ তুঃশীলতায় ও অত্যাচারে অনাশ্রব (একগুঁয়ে) বালকের সময় অতিবাহিত হইত।

রুদ্রদেব জগনাথকে পাঁচ বৎসর বয়সে, বিদ্যাশিক্ষায় প্রবর্ত্তিত করেন। জগন্নাথ অনাবিষ্ট ছিলেন না। তাঁহার মেধা অসাধারণ ছিল, বুদ্ধি পরিমাজ্জিত ছিল, এবং মনোযোগ, প্রগাঢ় ছিল। তিনি পিতার নিকটে প্রথমে মুখে মুখে ব্যাক-রণ ও অভিধান শিথিয়া, পরে কয়েকখানি নাহিত্য গ্রন্থ অধ্য-য়ন করেন। পাঠ্য গ্রন্থগুলির সমস্তই এই প্রথবর্ষীয় শিশুর আয়ত্ত ছিল; পুর্বের যাহা না পড়া হইয়াছে, তাহাও তিনি পঠিত পাঠের ন্যায় বলিয়া দিতে পারিতেন। একদিন ক্যেক জন গ্রামবাসী জগন্নাথের অত্যাচারে সাতিশ্য বিরক্ত হইষা, রুদ্রদেবের নিকট অভিযোগ করিল। রুদ্রদেব পুত্রের অসদ্য-वशात यात्रभतनारे अमल्के श्रेटलन, अवः जाशात्क पूर्व छ छ লেখাপড়ায় অনাবিষ্ট বলিয়া, নানারূপ ভং দ্না করিতে করিতে পুস্তক আনিয়া, পাঠ বলিতে কহিলেন। জগন্ধ অপ্রতিভ হইলেন না, তিনি ধীরভাবে পুস্তক আনিলেন, এবং পূর্ব্বে যাহা না পড়া হইয়াছে, ধীরভাবে তাহারও আর্ত্তি ও ব্যাখ্যা করিতে লাগিলেন। রুদ্রদেব পুত্রের এই অসাধা-রণ ক্ষমতা ও স্বাবলম্বন দেখিয়া, যুগপৎ বিশ্বিত ও আহ্লাদিত

হইলেন। তাঁহার দৃঢ় বিশ্বাস জন্মিল, জগন্নাথ কালে একজন অসাধারণ পণ্ডিত হইয়া উঠিবে। রুদ্রদেবের এই বিশ্বাস অমৃ-লক হয় নাই। কালে জগন্নাথ অসাধারণ পণ্ডিত হইয়া সমস্ত সভ্য সমাজে প্রতিপত্তি লাভ করিয়াছিলেন।

জগলাথের বয়দ যখন আট বৎদর, তখন তাঁহার মাতার পরলোকপ্রাপ্তি হয়। এত অল্প বয়নে মাতৃহীন হওয়াতে জগ-রাথ পিতার অধিকতর আদর ও স্নেহের পাত্র হইয়া উঠেন। এই সময়ে তাঁহার এক মাতৃষ্দা ভাঁহাকে পুত্রের স্থায় প্রতিপালন করেন। মাতৃ-বিয়োগপ্রযুক্ত পিতার আত্য-ন্তিক স্নেহ, অপ্তবর্ষীয় শিশুর ছুঃশীলতা বৃদ্ধির একটি প্রধান কারণ হইয়া উঠে। বংশবাদী (বাঁশবেডিয়া) গ্রামে রুদ্রদেব তর্কবাগীশের জ্যেষ্ঠ জাতা ভবদেব স্থায়ালঙ্কারের চতুস্পাঠী ছিল। জ্বগন্নাথের উদ্ধত্যদর্শনে ভবদেব সাতিশয় বিরক্ত ছইয়া, তাহাকে আপনার চৌবাডীতে আনয়ন করেন। এই কলে জগনাথ সাহিত্য ও অলঙ্কার পাঠ শেষ করিয়া স্মৃতি পড়িতে প্রবন্ধ হন। তিনি প্রতি দিন প্রতা্যে বংশবাদীতে ষাইয়া জ্বোষ্ঠতাতের ভবনে মধ্যাহ্ন ভোজন করিতেন। মাসী ভাঁহাকে বড ভাল বাসিতেন, এজন্য তাঁহার অনুরোধে রাত্রি-কালে তাহাকে ত্রিবেণীর বাটীতে আনিতে হইত। জগন্নাথ এইব্লুপে প্রতিদিন ত্রিবেণী ও বংশবাদীতে যাতায়াত করি-তেন। এসময়েও তাঁহার ঘু:শীলতা একবারে তিরোহিত হয় নাই। একদিন তিনি ক্রিবেণী হইতে বংশবাদীতে আসিতে-ছিলেন, পথে দেখিতে পাইলেন প্রসিদ্ধ বিগ্রহ-পঞ্চানন

ঠাকুরের সন্মান অনেকগুলি ছাগ বলি হইতেছে। জগরাথ, মাংস্প্রিয়তাবন্তঃ পাণ্ডার নিকটে একটি ছিন্ন ছাগ প্রার্থনা করিলেন। পাণ্ডা তাঁহার প্রার্থনা পূরণ করিতে অসমত इरेल । जगनाथ ता नगरत किंडू करिएलम मा, मौतर अधा-পকের চতুসাসীতে আসিয়া পাঠে প্রবন্ত হইলেন। পরে জগরাথ সন্ধ্যাকালে যখন গৃহে প্রত্যাগমন করিবেন, তখন গোপনে জোষ্ঠতাতের গোশালা হইতে একটি রুড়ী সংগ্রহ कतिया नहेलान, अवर शालात छैड़। नहेंसा, ग्रह याहे-বার সময় প্রধানন ঠাকুরের মন্দিরের সম্মুথে উপনীত হই-लन। धे मगरा मिनत करहे छेनिहर हिन ना। नार्वात সারংকালীন আরতি সমাপন করিয়া **আপনাদের বাদগুতে** গিয়াছিল ; সুতরাং জগরাথ নিঃশব্দে ও নিঃলকোচে কেব मिस्ति श्रातम कवितान, निःमस्य ७ निःमस्याति नम् जन-কার-সমেত পবিত্র বিপ্রহ বুড়ীতে রাখিলেন এবং নিঃশব্দে ও নিঃস্কোচে উহা মাথায় লইয়া, ত্রিবেণীতে আগমন পূর্বক বাটার নিকটবর্তী একটি ক্ষুদ্র পুষ্করিণীর জলে কেলিয়া দিলেন। পর দিন প্রাতঃকালে পাণ্ডারা আপনাদের উপজীব্য বিগ্রহ দেখিতে না পাইয়া সাতিশয় চিন্ধিত ও বিষয় হইল। তাহারা জগন্নাথের স্থভাব জানিত, সুতরাং জগন্নাথকেই অপহারক ভাবিয়া ভবদেব স্থায়ালকারের টোলে আদিয়া. তাঁহাকে ममल विवत् कानाहेल। क्राभाष अनृत उपविष्टे हिलन, ভবদেব মেহমধরম্বরে তাঁহাকে জিজানা করিলেন,

'জগনাথ! পঞ্চানন-র্ভান্ত কিছু অবগত আছ ?"

জগরাথ নিরুত্তর রহিলেন। তিনি নানারূপ অত্যাচার করিলেও কখনও মিথা। কথা কহিতেন না, অনেকেই তাঁহার এই সতাবাদিতার প্রশংসা করিত। জগরাথ যাহাদের প্রতি অত্যাচার করিতেন, তাহারাও অনেক ন্ময়ে তাঁহার সত্য-বাদিতা ও তেজহিতা দেখিয়া বিন্দিত হইত। জগরাথ য়ে, পঞ্চাননের ছুর্দ্দশা ঘটাইয়াছেন, তাহা অস্বীকার করিলেন না। জ্যেষ্ঠতাত অতঃপর কি বলেন, জানিবার জন্ম নীরবে রহি-লেন। ভবদেব জগরাথকে নিরুত্তর দেখিয়া সমুদয় বুঝিলেন, কিন্তু কুদ্ধ হইয়া কোন রূপ তিরস্কার করিলেন না, প্রের্বির স্থায় স্বিশ্ব স্থরে জগরাথকে কহিলেন,

'বিগ্রহ প্রত্যর্পণ কর। ইঁহারা তোমার সহিত আর কখ-নও অসম্বহার করিবেন না।'

জগন্নাথ তেজ্বিতাসহকারে কহিলেন,

''উহারা অত্যে মহাশয়ের পাদম্পর্শ পূর্ক্তক প্রতি বংসর আমাকে এক একটি পাঁঠা দিবার অঙ্গীকার করক।'

পাণ্ডারা তাহাই করিল। জগরাথ তথন পঞ্চানন ঠাকুরকে পুক্রিনীর যে স্থানে রাথিয়াছেন, তাহা নির্দেশ করিয়া পাণ্ডাদিগকে কহিলেন, "ঝুড়ীট জ্যেঠা মহাশয়ের বাড়ীতে দিয়া যাইও।" পাণ্ডারা জগরাথের নির্দেশ অনুসারে বিগ্রহ ভুলিয়া লইল। এদিকে জগরাথের মাতৃষসা দেবতার এই ছুরবস্থার বিবরণ অবগত হইয়া সাতিশয় উদ্বিগ্র হইলেন। তিনি জগরাথকে আনেক তিরক্ষার করিলেন, এবং পাছে জগরাথের কোন অমঙ্গল হয়, এই আশ্রুয়ের পঞ্চানন ঠাকুরের পূজা মানিলেন।

এইরপ ছঃশীল হইলেও জগনাথ পাঠে অমনোযোগী ছিলেন না। তিনি যে শাস্ত্র পড়িতে আরম্ভ করিতেন, অসাধারণ বুদ্ধি ও তীক্ষ প্রতিভাবলে জন্ম সময়ে ও জন্ম আয়ানে তাহাই আয়ত্ত করিয়া তুলিতেন। পূর্বে উক্ত হইয়াছে যে, জগনাথ এই সময়ে শ্বতিশাস্ত্র পড়িতেছিলেন। প্রসিদ্ধ পণ্ডিত চন্দ্রশেখর বিদ্যাবাচম্পতির প্রণীত 'বৈতনিণ্র' নামে একথানি শ্বতিগ্রন্থ আছে। চন্দ্রশেখর বিদ্যাবাচম্পতি ভবদেব ন্যায়ালয়ারের পিতা হরিহর তর্কালয়ারের জ্যেষ্ঠ সহোদর। একদা ভবদেব ঐ গ্রন্থ খানি আপনার এক জন প্রধান ছাত্রকে পড়াইতেছিলেন। অধ্যাপনাসময়ে বছ চিন্তাতেও গ্রন্থের এক স্থলের অর্থপরিগ্রহ করিতে না পারিষা কহিলেন.

এই অংশ জ্যেঠা মহাশয় ভাল বুঝিতে পারেন নাই। নিকটে জগরাথ বিসিয়াছিলেন, ভবদেবের কথায় ঈষৎ হাসিয়া অসক্ষৃতিত চিতে কহিলেন,

\*মহাশয়ের জ্যেঠ। বেশ বুঝিয়াছিলেন, আমার জ্যেঠা বুঝিতে পারিতেছেন না।"

ষাদশবর্ষীয় বালকের এইরূপ প্রগণ্ভতার ভবদেব লাতিশয় কুদ্ধ হইলেন। তাঁহার মুখমণ্ডল আরক্ত হইল। জগলাথ জ্যেষ্ঠতাতকে কুদ্ধ দেখিয়া, কিছুমাত্র ভয় পাইলেন না, এন্থের যে স্থলের অর্থসংগতি হয় নাই, অল্লানবদনে ও বিলক্ষণ সমীচীনতালহকারে তাহার মীমাংসা করিয়া দিলেন। ইহাতে সহক্ষে লেই স্থলের অর্থ পরিকৃতি হইল। তবদেব অনেক ভাবিয়াও ক্ষাক্ষানের মীনাংসায় কোন দোষ ধরিতে পারিলেন না। ইহাতে ভবদেবের আহ্লাদের স্বর্ধি রহিল না। তিনি জগরাধকে ক্ষাক্ষিক্র করিলেন। এড়-ক্ষণে তাঁহার দৃঢ় বিশ্বাস ক্ষিল যে, কালে ক্যাল্য এর জন অসাধারণ পণ্ডিত হইয়া উঠিবে। ভবদের জগরাথের এই রূপ প্রতিভাদেশনে যতুপূর্বক তাঁহাকে স্মৃতি পড়াইতে লাফ্রিলেন। অল্প সময়ের মধ্যে জগরাথ ঐ শাল্রে পারদর্শী হইয়া উঠিলেন। তিনি ধীরভাবে স্মৃতিশান্তের বিচার করিয়া আপনার অসাধারণ পাণ্ডিত্য বিকাশ করিতেন, এবং ধীরভাবে স্মৃতিঘটিত ত্রহ বিষয় গুলির বিশ্বারপে ব্যাখ্যা করিয়া, ব্যবহা দিতেন। এই সময়ে তাঁহার বয়স লাদশ বৎসরের অধিক হয় নাই। লাদশবর্ষীয় বালককে এইরপ একজন প্রধান স্মার্ভ হইতে দেখিয়া, সকলেই নিরতিশ্র বিশ্বয় প্রকাশ করিয়াছিলেন।

১১১৬ সালে ( খ্রীঃ ১৭০১ অব্দে ) জগনাথ পরিণর-স্ব্রে আবদ্ধ হন। মেড়ে গ্রামের দ্রৌপদী নামে একটি সুলক্ষণ-সম্পন্না বালিকার দহিত তাঁহার বিবাহ হয়। এই দময়ে জগনাথ, প্রথমন বর্ষে পদার্পন করিয়াছিলেন। বলা বাছলা, জগনাথ, জরাগ্রন্থ পিতার একমাত্র সন্তান ছিলেন, এইজন্ম তাঁহাকে এত অন্ধ্রমনে উবাহ-বন্ধনে আবদ্ধ হইতে হইয়াছিল। তিনি অন্ধবয়নে মানুহীন হন, তাঁহার পিতা জরাজীণ হইয়া, এইক জীবনের চরম সীমায় পদার্পন করেন। সুতরাং শেষ দশার পুক্র-বধুর মুখ নিরীক্ষণ করিতে পিতার রলবতী ইছা।

জ্বন্দে। প্রাচীন মতাবলম্বী ক্লদ্রদেব এই ইচ্ছা পূর্ণ করিতে ক্রাট করেন নাই। তিনি বথাবিধানে পরম স্নেহাস্পদ তনয়কে একটি মনোমত কুমারীর সহিত সম্মিলিত করিয়া, আপনাব মনোরথ সিদ্ধ করিয়াছিলেন।

অল্প বয়সে বিবাহ হইলেও জগন্নাথ বিদ্যাশিক্ষায় অমনো-যোগী হন নাই। তাঁহার বিবাহের কিছু দিন পরেই ভবদেব স্থায়ালকারের পরলোকপ্রাপ্তি হয়। এজন্ম জগনাথ স্কৃতি অধ্যয়নের পর, আপনার বাসগ্রামে আসিয়া, রঘুদেব বিভা-বাচস্থতির টোলে স্থারশাস্ত্র পড়িতে আরম্ভ করেন। সংস্কৃত ভাষায় স্থায় অতি ছুব্রহ ও জটিল বিষয়। তীক্ষ্ণ মদীযা-সম্পন্ন না হইলে এই শাস্ত্রে ব্যুৎপত্তি লাভ করা হুর্ঘট। কিন্তু জগলাথের মনীধার অভাব ছিল না, তিনি অল্প সময়েই ন্যায়শাস্ত্র আয়ত করিয়া, একজন প্রাদিক নৈয়ায়িক হইয়া উঠেন। সাধারণ নৈয়ায়িকগণের স্থায় তাঁহার কেবল বাচা-লতা বা পাণ্ডিত্যাভিমান ছিল না। ঐ সকল নৈয়ায়িক দিগের বুদ্ধি আছে, কিন্তু বুদ্ধির স্থিরতা নাই, বহুশাল্তে দর্শন আছে কিন্ত কোন শান্তে প্রবেশ নাই, বিচারে প্রবৃত্তি আছে, কিন্তু যুক্তিপ্ৰদৰ্শনে ক্ষমতা নাই; জগনাথ ঐ অহ মুখ ও অঙ্কহারী পণ্ডিতসম্প্রদায় অপেক্ষা সর্বাংশে উন্নত ছিলেন। তাঁধার বুদ্ধির স্থিরতা ছিল, বছণাত্তে প্রবেশ ছিল, এবং যুক্তি প্রদর্শনে অসাধারণ ক্ষমতা ছিল। কবিত আছে, স্থায়শাস্ত্র পড়িতে আরম্ভ করার এক বংসর পরে, তিনি নবদীপের একজন প্রাস্থার-বাবসায়ী পণ্ডিতকে

বিচারে পরাজিত ও সম্বন্ধ করিয়াছিলেন। এই পণ্ডিভের নাম রমাবল্লভ বিদ্যাবাগীশ। ইনি বিখ্যাত জগদীশ তর্কাল-ক্লারের \* পৌত্র। রমাবল্লভ একদা কতিপয় শিষ্যসমভি-ব্যাহারে রঘুদেবের টোলে আসিয়া, অতিথি হন এবং মহা দর্পে বিচার আরম্ভ করিয়া, সকল ছাত্রকে অপ্রতিভ ও পরা-জিত করিয়া তুলেন। সমুদয় ছাত্র পরাভূত হইল দেখিয়া, রঘুদেব অক্যায় মার্গ অবলম্বন পূর্বক রমাবল্লভের সহিত কুট তর্ক আরম্ভ করিলেন। রমাবল্লভ ইহাতে বিরক্ত হইয়া তথায় ক্ষণকালও অবস্থান করিলেন না। পূর্ব্বের স্থায় মহা-দর্পে দে স্থান পরিত্যাগ করিলেন। জগরাথ বাডীতে আহার করিতে গিয়াছিলেন, এই ব্যাপারের কিছুই অক-গত ছিলেন না, শেষে চতুষ্পাসীতে আসিয়া সমুদর শুনি-লেন। অভ্যাগত পণ্ডিত আতিথ্য গ্রহণ না করিয়া, চলিয়া ণিয়াছেন শুনিয়া, জগনাথ হদয়ে আঘাত পাইলেন: তিনি আর কালবিলম্ব করিলেন না, রমাবলভের উদ্দেশে টোল হইতে প্রস্থান করিলেন। পথে রমাবলভের সহিত সাক্ষাৎ হুইল। জগন্নাথ আত্মপরিচয় দিয়া তাঁহাকে চতুপাঠীতে প্রতি-নিয়ন্ত হইতে আগ্রহের সহিত অনুরোধ করিলেন। রুমাবল্লভ তাঁহার অনুরোধ রক্ষা করিতে দমত হইলেন না। জগনাধ শেৰে বিনীতভাবে ফহিলেন.

লগদীল তর্কালয়ার নবরীপের একজন প্রধান নৈরায়িক। ইনি ন্যায় শাল্পের

ক্রিকা করিবা লোক-প্রমিক্ত হইয়াছেন।

"মহাশয়! জগদীশ-প্রণীত গ্রন্থের এক স্থলে আমার বড় সন্দেহ আছে। যথন অনুগ্রহ করিয়া আসিয়াছেন, তথন আমার সন্দেহ ভঞ্জন করিয়া দিলে সাতিশয় উপকৃত হইব।"

রমাবল্লভের ক্রোধ তখনও শাস্ত হয় নাই। তিনি তীব্র-ভাবে কহিলেন,

"আর নেই বিতগুবাদী রঘুদেবের মুখ দর্শনে ইচ্ছা নাই। ছুমি প্রশ্ন উথাপন কর, আমি এই খানেই তাহার উত্তর দিব।"

জগন্নাথ অপ্রতিভ বা বিচলিত হইলেন না। তিনি স্থায় শান্ত্রের এমন একটি তুরহ প্রশ্ন জিজ্ঞাসা করিলেন যে, রমা-বল্লভ অনেক ভাবিয়াও ভাহাব উত্তর ঠিক করিতে, পাবিলেন না। এদিকে জগরাথ বিশেষ সৃক্ষ যুক্তির সহিত স্থায়-শাত্র-ঘটিত প্রত্যেক কথার মীমাংসা করিতে লাগিলেন। রমাবল্লভ জগুরাথের শান্ত্রীয় জ্ঞানের গভীরতা, যুক্তি-প্রয়োগ-নৈপুণ্য ও সুন্ধ-বিচার-প্রণালী দেখিয়া, বিন্মিত ও চমকিত হই-লেন। ক্রমে তাঁহার দর্প অন্তঃত হইল। তিনি জগরাথের মুখে জটল স্থায়ণাম্বের প্রাঞ্জল ব্যাখ্যা শুনিতে শুনিতে পুনর্বার টোলে সমাগত হইলেন। আর তাঁহার পুর্বের স্থায় উদ্ধতভাব রহিল না। নবধীপের প্রসিদ্ধ নৈয়ায়িক যোড়শ-বর্ষীয় বালকের নিকট স্থায়শান্তের বিচারে পরাঞ্চিত হইরা. পরম পরিতোষসহকারে ত্রিবেণীর চতুপাঠীতে আতিখ্য গ্রহণ করিলেন। অতিথি বিমুখ হওয়াতে রঘুদেব দশিষ্য অনা-হারী ছিলেন। এক্ষণে রমাবলভের ভোজন শেষ হইলে, তিনি সাতিশয় আজ্ঞাদসহকারে আহার করিলেন।

পারাধ এইরপে সাত আট বংসর ত্রিবেণীর চতুপাঁ তিথে থাকিয়া, স্থায় ও অন্থায় শাস্ত্র অধ্যয়ন করেন। শাস্ত্রানুশীলন ও শাস্ত্রীয় আলাপ তাঁহার বিশুদ্ধ আমোদ ছিল। তিনি বিশিষ্ট অভিনিবেশসহকারে সকল শাস্ত্রই আতোপাশু অধ্যয়ন করিতেন। শিক্ষা তাঁহার অন্তঃকরণ প্রশস্ত করিয়াছিল, ভূরোদর্শন তাঁহার বিচারণক্তি মাজ্জিত করিয়াছিল, এবং প্রগাঢ় কর্ত্তব্য-জ্ঞান তাঁহার স্বভাব উন্নত করিয়া ভূলিয়াছিল। তিনি সাধনায় অটল, সহিষ্ণুতায় অবিচলিত এবং অধ্যবসায়ে অনলস ছিলেন। বাঁহার সহিত তাঁহার একবার মাত্র শাস্ত্রালাপ হইত, তিনিই তাঁহাকে অসাধারণ পণ্ডিত বলিয়া সম্মান করিতেন। এইরূপে তাঁহার পাণ্ডিত্য-খ্যাতি চারি দিকে প্রসারিত হইল। তিনি বাল্যে ছঃশীল ও ছক্ষ্মারত ছিলেন, যৌবনে স্থালীল ও লংক্ষ্মারিত হইয়া, শাস্ত্রাল

কমে রুদ্রদেবের আরুকাল পূর্ণ হইল। নক্ষই বংসর বয়নে রুদ্রদেব ইহলোক হইতে অবস্ত হইলেন। রুদ্রদেব নিরতিশয় দরিদ্র ছিলেন, এজক্ত পুজের জক্ত কিছুরই দংস্থান করিতে পারেদ নাই। কিন্তু ইহাতে তোঁহার কোন কোভ জন্মে নাই। তিনি পুজের অসাধারণ বিভাবুদ্ধিকেই তদীয় ভাবী জীবনের একমাত্র সম্বল বিবেচনা করিতেন। তাঁহার সৃত্ বিশ্বাস ছিল, জগলাথ আপনার বিশ্বার প্রভাবে অনায়াসে জীবিকানির্কাহে সমর্থ হইবে। এইরূপ আত্মপ্রত্যয়ের উপর নির্ভর করিয়াই, তিনি সর্বাদ্য

সন্তর থাকিতেন; কোন বিরাগ অথবা কোন চিন্তা একদিনের জন্মও তাঁহার প্রসন্ত্রতা কলুষিত করে নাই। তিনি সংযত-ভাবে আপনার কার্য্য করিতেন, এবং আপনার কার্য্য করিন্য়াই, আপনি পরিতৃপ্ত হইতেন। তিনি যে অবস্থার পতিত হইয়াছেন, যে অবস্থা তাঁহাকে এক মুষ্টি অরের জন্ম ঘর্মাক্ত-কলেবর করিয়া তুলিয়াছে, দে অবস্থার জন্ম কথনও আক্ষেপ প্রকাশ করিতেন না। তাঁহার প্রশান্তভাব অটল ও অপরিমেয় ছিল, তিনি অমূল্য পুত্র-রত্নের অধিকারী হইয়া, আপনাকে মহাভাগ্যবান্ ও সমৃদ্ধ বিবেচনা করিতেন। রুদ্রদেব স্থাও সন্তর্গ ছিলেন। ঘোরতর দরিদ্রতা কথনও তাঁহার প্রসন্ম হদয়ে কালিমার সঞ্চার করে নাই।

পিতৃবিয়োগ-সময়ে জগনাথের বয়স চলিশ বৎসর হইয়াছিল। এই তরুল বয়সে সংসারের ভার পড়াতে তিনি
চারি দিক অন্ধকারময় দেখিতে লাগিলেন। গৃহে প্রায়
কিছুরই সংস্থান ছিল না। রুজদেবের সম্পত্তির মধ্যে ছুইটি
পিতলের জলপাত্র, যৎকিঞ্জিৎ তৈজস ও বার্ষিক পঞ্চাশ
টাকা উপস্বত্বের এক খণ্ড নিকর ভূমি ছিল। জগনাথ ঐ
সামান্ত সম্পত্তির প্রায় সমস্তই বিক্রয় করিয়া, পিতার আদাদি
সম্পন্ন করিলেন, কেবল মাতৃষ্পার একান্ত অনুরোধে পিতলের জলপাত্র ছুইটি গৃহে রাখিলেন। এইরূপে সর্ক্ষান্ত
ছওয়াতে জগনাথের কপ্রের অবধি রহিল না। দিনান্তে
উদারন্ন সংগ্রহ করা ছুর্ঘট হইয়া উঠিল। তিনি অপরের
নিকট হইতে গৃহ কর্মের উপযোগী জব্যাদি চাহিয়া কার্য্য

করিতে লাগিলেন। এইরপে ছরবন্থার একশেষ হওয়াতে তাঁহাকে অর্থ উপার্জ্জনের পথ দেখিতে হইল। জগন্নাথ চছুপ্রাঠী পরিত্যাগ করিলেন। এই নময়ে তিনি অধ্যাপকের নিকট হইতে 'তর্কপঞ্চানন' উপাধি প্রাপ্ত হন।

জগন্নাথ তর্কপঞ্চানন কোনরূপে একটি টোল খুলিয়া, ছাত্রনিগকে শিক্ষা দিতে প্রবৃত্ত হইলেন। তাঁহার অধ্যাপনা-গুণে নানাদেশ হইতে অনেক শিক্ষার্থী আদিতে লাগিল। জগন্নাথ স্থানিয়মে নকলকে শিক্ষা দিতে লাগিলেন। অভুত পাণ্ডিত্য-বলে ক্রমে তাঁহার খ্যাতি বাড়িয়া উঠিল, নানা স্থান হইতে নিমন্ত্রণ-পত্র আদিতে লাগিল, অনেক ধর্মপরান্য়ণ ভূষামী তাঁহাকে নিক্ষর ভূমি দিতে লাগিলেন। রুজ্বদেবের আশা ফলবতী হইল। আপনার বিভাবুনির বলে জগন্নাথ তর্কপঞ্চানন অনেক সম্পত্তির অধিকারী হইয়া উঠিলেন।

সুপণ্ডিত ও সুবিদান বলিয়া, জগলাথ এমন মাননীয় ছিলেন যে, অনেক বড় বড় লোক তাঁহাকে নাতিশয় প্রজা করিতেন। নন্দকুমার রায় এই সময়ে মুর্বিদাবাদের নবাবের দেওয়ান ছিলেন। নবাবের দরবারে তাঁহার বিশিষ্ট ক্ষমতা ও প্রতিপত্তি ছিল। দেওয়ান নন্দকুমার জগলাথকে নাতিশয় প্রজা করিতেন। একদিন নবাব নন্দকুমারের মুথে জগলাথের অলৌকিক পাণ্ডিত্যের বিবরণ শুনিয়া তাঁহাকে দেখিতে ইচ্ছা করেন। নন্দকুমার এজন্য জগলাথকৈ পত্র লিখিলে জগলাথ নির্দিষ্ট দিনে নবাবের

দরবারে উপনীত হন। সেই সময় সমাগত মৌলবীগণ জগ-শ্লাথকে ধর্ম্মবিষয়ে কয়েকটি তুরুহ বিষয় জিজ্ঞানা করিলে জগ-ল্লাথ বিলক্ষণ শিষ্টতাসহকারে সরল ভাষায় তাহার যথাযথ উত্তর দান করেন। নবাব ইহাতে সাতিশয় প্রীত হইয়া জগ-নাথকে হস্তী, যোটক প্রভৃতি পারিতোধিক দেন। কিন্তু হন্তী, ঘোটক ব্রাহ্মণ পণ্ডিতের পক্ষে বিভম্বনার বিষয় বলিয়া, জগন্নাথ কেবল নিশান, ডঙ্কা ও পার্মীক ভাষায় নিজ নামা-ক্ষিত মোহর গ্রহণ করেন, এবং নবাবের নিকট দ্বিতল ইপ্রকা-লীয় নির্মাণের, যান আরোহণের ও আপনার ইচ্ছামুদারে বাড়ীতে নওবাৎ বসাইবার অনুমতি লইয়া, আবাস-গৃহে প্রত্যাগত হন। এই অবধি নৰাবের দর্বারে জগন্নাথের সম্ভ্রম ও খ্যাতি বাড়িয়া উঠে। মুর্ষিদাবাদের নবাব ও দেওয়ান নন্দকুমার ব্যতীত কলিকাতার প্রধান শাসনকর্তা স্যার জন শোর সাহেব\*. প্রধান বিচারপতি স্যার উইলিয়ম জ্বোল নাহেব ণ, শোভাৰাজারের রাজা নবকুঞ, বর্দ্ধানের মহা-রাজ ত্রিলোকচন্দ্র বাহাত্তর, নবধীপের মহারাজ রুফচন্দ্র রায় প্রভৃতি বড় বড় লোকের নিকট জগন্নাথের বিশিষ্ট সম্ভ্রম ছিল।

<sup>\*</sup> স্যার্ জন শোর্ এদেশে রাজকার্য্যে নিযুক্ত ইইরা আসিরা, ক্রমে গ্রন্থরের পদ প্রাপ্ত হন। ইহার নময়ে বারাণসী বিটিশ কোম্পানির অধিকার-ভুক্ত হয়। ইনি শেবে লর্ড টেন্মাট্প নামে প্রসিদ্ধ হন।

<sup>†</sup> স্যার উইলির্ম জোল হুশীমকোর্টের জন্ত ছিলেন। সংস্কৃতে ইহার বিশিষ্ট ব্যুৎপত্তি ছিল। ইনি ইক্রেজীতে সংকৃত "অভিজ্ঞানশক্তল" নাটকের অমুঝ্র করেন।

ইহাঁরা অবকাশ পাইলেই জগন্নাথের সহিত সাক্ষাৎ করিতে আদিতেন। দে সময়ে আমাদের দেশের ধনিগণ বিভার যথোচিত সমাদর করিতেন। তাঁহাদের নিকট লক্ষ্মীর ভায় সরস্বতীরও নমুচিত সম্মান ছিল। তাঁহারা নিকর ভূমি বা অর্থ দিয়া, দেশের প্রধান প্রধান অধ্যাপকের গ্রাসাচ্ছাদনের স্থবিধা করিয়া দিতেন। এইরূপ অর্থ-সাহায্য পাওয়াতে পণ্ডিতগণ নিশ্চিন্ত মনে শাস্ত্রানুশীলন করিতেন। তাঁহাদের কোন অভাব বা কোন সাংলারিক ভাবনা ছিল না। অমৃত্রুত্বী সারস্বতী শক্তির উপাসনা করাই তাঁহাদের একমাত্র কার্য্য ও আমোদ ছিল। তাঁহারা সংযতিতিত্তে এই উপাসনাতেই সময় ক্ষেপ করিতেন,এবং সংযতিতত্তে এই উপাসনা করিয়াই, আপনাদের দেশকে গৌরবাহিত করিয়া তুলিতেন \*।

পূর্বে উক্ত হইয়াছে, নবদীপের রাজা ক্রফচন্দ্র রায় জগ
রাখ তর্কপঞ্চাননকে বিশিষ্ট প্রকা করিতেন। কিন্তু প্রথমে

ক্রফচন্দ্রের দহিত জগরাথের সন্তাব ছিল না; প্রাত্যুত

অনেক সময়ে ক্রফচন্দ্র জগরাথের প্রতি বিদ্বেষর পরিচয়

\* জগরাথ তর্কপঞ্চাননের সমকালে প্রায়শাস্ত্রব্যব্যায়ী ইরিরাম তর্কদিছান্ত, ফুলানল বাচম্পতি, রামগোপাল সার্বভৌম, প্রাণনাথ ন্যায়পঞ্চানন; ধর্মণান্ত ব্যব্দারী গোপাল ন্যায়ালছার, রামানল বাচম্পতি, বীরেবর ন্যায়পঞ্চানন, বড়বর্ণনবেছা শবরাম বাচম্পতি, রামবরাভ বিদ্যাবাদীশ, রুস্তরাম তর্কবাদীশ, শরণ তর্কালছার, মধুস্বন ন্যায়ালছার, কান্ত বিদ্যালছার, শব্দ তর্কবাদীশ, গুপ্তিপাড়া-নিবাসী প্রদিদ্ধ বিশ্বের বিদ্যালছার প্রভৃতি প্রতিত্তপ বর্জবান ছিলেন। নব্দীপের কুঞ্চন্দ্র রাম বাহাত্রর প্রভৃতি বিন্যোৎসাহী ভূবাবিগণ অর্থ দিয়া, ইহাবিগকে উৎসাহিত করিতেন।

দেন। একদা রুষ্টন্দে রায় আপনার সভাপণ্ডিত গুরুপল্লী-निवामी वार्षभव विशानकात्रक करूम या. अक मुखारबर মধ্যে একটি নৃতন ভাবের কবিতা রচনা করিতে পারিলে এক শত রৌপ্য মুদ্রা ও এক শত বিঘা নিষর ভূমি পারি-তোষিক দেওয়া যাইবে। উপস্থিত কবি বলিয়া বাণেশবের বিশিষ্ট প্রতিপতি ছিল। সকলেই তাঁহার কবিত্রের প্রশংসা করিত; রুঞ্চন্দ্রের আজ্ঞায় এক্ষণে বাণেশ্বর কবিতারচনার্থ নূতন ভাব চিন্তা করিতে লাগিলেন, কিন্তু বছ চিন্তাতেও কোন অভিনব ভাব সংগ্রহ করিতে পারিলেন না, শেষে সপ্তম দিবসে কোন রূপে একটি কবিতা রচনা করিয়া ক্লফচক্রকে শুনাইলেন। ক্লফচক্র বাণেধরের কবিতার এক এক খণ্ড প্রতিনিপি আপনার অধিকৃত সমান্ধের পণ্ডিত-মগুলীতে পাঠাইয়া ঘোষণা করিয়া দিলেন যে. যিনি এক মানের মধ্যে সংস্কৃত কিংবা প্রাকৃত ভাষায় এই ভাবের কবিতা বাহির করিতে পারিবেন, তাঁহাকে এক শত রৌপ্য মূদ্রা সহিত এক শত বিঘা নিষ্কর ভূমি পারিতোষিক দেওয়া যাইবে। পণ্ডিতগণ পুরস্কার লাভের প্রত্যাশায় নানা গ্রন্থ আলোচনা করিতে লাগিলেন, কিন্তু কোথাও রাণেশ্বরের কবিতার অনুরূপ ভাব দেখিতে পাইলেন না। অগত্যা তাঁহাদিগকে কবিতাটিকে নূতন বলিয়া স্বীকার করিতে হইল। ইহার কিছু দিন পরে জগন্নাথ তর্কপঞ্চানন কোন কার্য্য উপ-লক্ষে রুঞ্বনগরের রাজবাটীতে উপস্থিত হইলে রাজা তাঁহাকে বাণেশ্বরের লিখিত কবিতা শুনাইয়া, উহা নৃতন ভাবের কি না, জিজ্ঞানা করিলেন। জগনাথ ক্ষণকাল চিন্তা করিয়া সন্মিত মুখে প্রাসিদ্ধ হিন্দী কবি তুলনী দানের লিখিত অবি-কল ঐ ভাবের পদ \* আর্বন্তি করিয়া কহিলেন, কবিতাটির ভাব ঐ পদ হইতে সংগৃহীত হইয়াছে। এই সময়ে বাণেশ্বর সভায় উপস্থিত ছিলেন। কৃষ্ণচন্দ্র গ্রন্থান্তরের ভাব হরণ জন্ম কুপিত হইয়া, তাঁহার দিকে দৃষ্টিপাত করাতে তিনি কহিলেন,

শামি বহু আয়াদেও নুতন ভাব সংগ্রহ করিতে না পারিয়া অগতা। ঐ পদটি অবলহন পূর্দক কবিতা রচনা করিয়াছিলাম; ভাবিয়াছিলাম সংস্কৃত শাস্ত্র-ব্যবসায়ী পণ্ডি-তেরা হিন্দী ভাষার অনুশীলন করেন না, স্বতরাং তাঁহারা সংস্কৃত গ্রন্থে ঐ ভাব দেখিতে না পাইয়া, আমার কবিতাটিকে নুতন বলিতে বাধ্য হইবেন। কিন্তু এই তুরন্তু পণ্ডিত যে, হিন্দী গ্রন্থ পর্যন্ত আয়ন্ত করিয়াছেন, তাহা জানিতাম না।"

ক্ষণচন্দ্র বাণেধরের কথায় আর কিছু না বলিয়া ছষ্ট-চিত্তে পূর্ব্ব প্রতিজ্ঞানুসারে জগমাথ তর্কপঞ্চাননকে উথড়া পরগণায় একণত বিঘা নিজর ভূমি ও শত মুদ্রা প্রদান করিয়া কহিলেন,

"এই বাটীতে আপনার চণ্ডীপাঠের রন্তি নাই। কিপ্রকারে সংসার-যাত্রা নির্কাহ হয় ?"

তুলসীদানের প্রশীত পদটি এই:-শ্বপ্নে ভোষ, ঘৰ আয়া সৰ হ'াসা ভোষ রোর।
এয়সা কাম করো পিছে হ'াদি না হোর।"

क्रगमाथ क्रक्ष्ठत्स्वत नगर्स वात्का विज्ञक श्रहेश छेलुज कतित्वन,

"বৰ্দ্ধমানের মহারাজ প্রভৃতি বিদ্যাৎসাহী ভূসামিগণ থাকাতে আমার অল-সংস্থানের কোন কষ্ট নাই।"

রুষ্ণচন্দ্র বিদ্যোৎসাহ ও গুণগ্রাহিতার আপনাকে শ্রেষ্ঠ বলিরা জানিতেন, এক্ষণে জগন্নাথের মুখে অপরের উৎকর্ষ-স্থান তানিরা, যারপরনাই কুদ্ধ হইলেন। কিন্তু সে নুময়ে জগন্নাথকে কিছু বলিলেন না, সমাদরের সহিত ভাঁহাকে বিদার করিয়া, তাঁহার ছিদ্রাম্বেমণে তৎপর রহিলেন।

ইংার কিছুকাল পরে জগন্নাথ তর্কপঞ্চানন কোন ব্যক্তির প্রার্থনা অনুমারে ব্রাহ্মণের তুলদীমালাধারণের আবশ্যকতা দয়কে ব্যবস্থা দিয়াছিলেন। রাজা ক্রফচন্দ্র আপনার সভাপতিতগণের সাহায্যে ঐ ব্যবস্থার আশাস্ত্রীয়তা প্রতিপন্ন করিতে যথাশক্তি প্রয়াস পান। কিন্তু তর্কপঞ্চাননের অসীম পাণিত্রে তাঁহার প্রয়াস সর্বাংশে বিফল হয়। ক্রফচন্দ্র জগনাথের প্রতি পূর্ব্বেই কুদ্ধ হইরাছিলেন, এক্ষণে আপনার প্রয়াস বিফল হওয়াতে ভাঁহার ক্রোধ বর্দ্ধিত হইয়া উঠে।

এই নময়ে হিন্দুনমান্দে রাক্সা ক্রফ্চন্দ্রের অনীম প্রতাপ ও প্রভুত্ব ছিল। নকলেই তাঁহাকে ভয় করিয়া চলিত। তিনি ইছা করিলে যে কোন ব্যক্তিকে জাতিচ্যুত করিতে পারি-তেন। তাঁহার ইছা হইলে জাতিম্রষ্ট ব্যক্তিও পুনর্বার আপ-নার নমান্দে উঠিতে পারিত। এবিয়য়ে কেইই নে নময়ে তাঁহার ক্ষমতাম্পর্কী হন নাই। কিন্তু ক্রফচন্দ্র আশাবুরপ অর্থ না পাইলে সমাজভাষ্ট ব্যক্তির সমন্বয়ের অনুমতি দিতেন না। ইহাতে অনেকেই, জাতিচ্যুত হইলে তাঁহাকে বহু অর্থ দিয়া, জাতিতে উঠিত। ত্রিবেণীর নিকট বিশপাড়া নামে একখানি আম আছে। ঐ আমের একজন দরিদ্র বান্ধণ কোন অপবাদে নমাজচ্যুত হওয়াতে রাজা কুফচন্দ্রের অনু-গ্রহের প্রত্যাশায় দীর্ঘকাল তাঁহার নিকট অবস্থান করেন, ব্রাহ্মণের আগ্রহ দেখিয়া, রুষ্ণচন্দ্র বহু অর্থ প্রার্থনা করিলেন। ব্রাহ্মণ ধনশালী ছিলেন না, সুতরাং ক্লফচন্দ্রের প্রার্থনাপূর্বণে একান্ত অসমর্থ হইয়া কাত্রভাবে জগনাথ তর্কপঞ্চাননের নিকট আসিলেন। জগরাথ দরিদ্র বান্ধণের এইরূপ ছুর-বস্থায় বড় ছুঃখিত হইলেন। তিনি সে সময়ে অনেক আখাদ দিয়া, ব্রাহ্মণকে বিদায় করিলেন। যেরূপেই হউক, ঐ নির্দ্ধন ব্যক্তির উপকার করিতে জগরাথ এক্ষণে বন্ধপরি-কর হইয়া উঠিলেন। ইহার কিছুদিন পরে ছুর্গোৎনব আরম্ভ হইল। এই উপলক্ষে অনেক সম্ভ্রান্ত ব্যক্তি জগন্নাথের বাদীতে উপ্তিত হইলেন। জগনাথ ই হাদিগকে কহিলেন,

"কোন ব্যক্তি কর্মদোষে বা অপবাদবিশেষে পতিত হইলে শাস্ত্রজ্ঞ পণ্ডিতের ব্যবস্থা অনুসারে যথাবিধি প্রায়শ্চিত করিয়া, জাতিতে উঠিতে পারে। এবিষয়ে নবন্ধীপের রাজা রুষ্ণচন্দ্র হস্তক্ষেপ করেন কেন ? তিনি ধর্মশাস্ত্র-ব্যবসায়ী পণ্ডিত নহেন, স্বাধীন রাজাও নহেন। স্থতরাং এ বিষয়ে তাঁহার হস্তক্ষেপ করিবার কোনও অধিকার নাই। আমি শাস্ত্রাত্মারে প্রায়শ্চিত করাইয়া সমাজত্ত্বই ব্যক্তিদিগকে সমাজে তুলিতে ইচ্ছা করি।

জগনাথের এইরূপ নাহন ও ম্পষ্টবাদিতা দেখিয়া সমাগত ব্যক্তিগণ কিছুকাল নিরুত্তর রহিলেন। পরে তাঁহাদের অনেকে কহিলেন,

\*রাজা কৃষ্ণচন্দ্র বাতিশয় প্রতাপশালী। তাঁহার অমতে কোন কাজ করিলে বিপদ ঘটতে পারে।\*

জগরাথ দৃঢ়তার সহিত বলিলেন,

\* আপনার। কিছুমাত্র ভীত হইবেন না। আমি শীভ্র বিশপাড়া গ্রামের একজন ব্রাহ্মণের সময়র করিব।"

দকলে জগন্নাথের এইরপ তেজস্বিতায় সন্তুষ্ট হইলেন।
নির্দিষ্ট দিনে দরিদ্র ব্রাক্ষণের সমস্বয়-কার্য্য নির্দ্ধিয়ে সম্পন্ন
হইল। ক্রমে অনেকে আসিয়া জগন্নাথের ব্যবস্থা লইয়া,
জাতিতে উঠিতে লাগিল। রাজা কুষ্ণচন্দ্র ইহা শুনিয়া সাতিশয় বিরক্ত ও কুদ্ধ হইলেন। তিনি জগন্নাথকে অপ্রতিভ ও
অপমানিত করিতে অনেক চেষ্টা পাইতে লাগিলেন, কিন্তু
সহসা ক্রতকার্য্য হইতে পারিলেন না।

কিছু দিন পরে ক্ষণ্টক্র বাজপের নামে একটি সমৃদ্ধ বজ্ঞের অনুষ্ঠান করেন। কাশী, মিধিলা, দ্রাবিড় প্রভৃতি দূরতর জনপদের অনেক প্রসিদ্ধ পণ্ডিত ঐ যজ্ঞে নিমন্ত্রিত হইরা, ক্ষমনগরে উপস্থিত হন। পনর দিন পর্যন্ত মহতী সভার এই পণ্ডিতগণের বিচার হয়। বলা বাহুল্য, জ্পানাথ এই মহা-যজ্ঞে নিমন্ত্রিত হন নাই। নিমন্ত্রণ না হইলেও তিনি আপি নার পাণ্ডিতা-খাতি অব্যাহত রাখিবার নিমিত এক শত শিষ্য সমভিব্যাহারে ক্লফনগরে আগমন করেন, এবং সভায় উপনীত হইয়া, সমাগত পণ্ডিতদিগকে বিচারে পরাজিত করিয়া তুলেন। কিন্তু জগন্নাথ কৃষ্ণচন্দ্রের আতিথ্য গ্রহণ করেন নাই। রাজা বহু অনুরোধ করিলেও তাঁহার দ্রব্য গ্রহণ না করিয়া নিজ ব্যয়ে ভোজনাদি করেন। পরে যজ্ঞ শেষ হইলে জগন্নাথ ছাত্রদিগকে ত্রিবেণীতে পাঠাইয়া. স্বয়ং मुर्यिनावाम উপনীত হন, এবং দেওয়ান নন্দকুমারকে नমু-দয় ঘটনা জানাইয়া কর্ত্তব্য অবধারণ করিতে অনুর্রোধ করেন। নন্দকুমার জগন্নাথকে গুরুর স্থায় সম্মান ও শ্রহা করিতেন। এক্ষণে তাঁহার প্রতি এইরূপ অবজ্ঞা প্রদর্শিত হওয়াতে নন্দকুমার ক্লফচন্দ্রের উপর দাতিশয় বিরক্ত হইয়া উঠিলেন। এই সময়ে নবাবের সরকারে ক্লফ্টন্দ্রের বার লক্ষ টাকা রাজস্ব বাকী ছিল। এজন্য দেওয়ান নবাবকে কহিয়া রুঞ্চত্রকে মুর্যিদাবাদে আনিতে এক শত পদাতিক পঠि हिंसा फिल्म । नवाद्यत बाब्हास कृष्णहत्त्र मूर्सिकावादक উপনীত হইলেন। নবাব তাঁহাকে এক সপ্তাহের মধ্যে সমু-দয় বাকী রাজ্য পরিশোধ করিতে কহিলেন, এবং উহার অন্তথা হইলে তাঁহার প্রতি গুরুত্ব দণ্ড বিহিত হইবে বলিয়া. ভয় দেখাইলেন। রুঞ্চন্দ্র নবাবের কথায় দ্রিয়মাণ হইলেন। জগরাথের সহিত যে, দেওয়ান নন্দকুমারের বিশেষ সন্তাব আছে, তাহা তিনি জানিতেন। সুত্রাং কুফচন্দ্র এক্ষণে জগলাথের শর্ণাপন হইতে অভিলাধী হইলেন। পরে তিনি

শ্বনুগন্ধান করিয়া জানিলেন যে, শ্বণনাথ মুর্ষিদাবাদেই অব-দ্বিতি করিতেছেন। ক্রঞ্চন্দ্র অবিলম্বে তাঁহার সহিত সাক্ষাৎ করিলেন এবং উপস্থিত বিপদ হইতে পরিত্রাণ পাইবার জন্য তাঁহার করুণাপ্রার্থী হইলেন। জগন্নাথ রাজা ক্রফচন্দ্রকে আপনার শরণাগত দেখিয়া, আর তাঁহার বিরুদ্ধাচারী হইলেন না; দেওয়ান নন্দকুমারের নিক্ট যাইয়া, তাঁহার বিমুক্তির প্রস্তাব করিলেন। নন্দকুমার নবাবকে কহিয়া ক্রঞ্চন্দ্রকে উপস্থিত দায় হইতে আপাততঃ নিক্কৃতি দিলেন। এই অবধি জগন্নাথের সহিত ক্রঞ্চন্দ্রের সোহাদি জন্মিল; ইহার পর আর কখনও তাঁহাদের এই সৌহাদের ব্যত্যয় হয় নাই।

জগনাথ তর্কপঞানন এই সময় আমাদের দেশের সর্বপ্রধান অধ্যাপক ও পণ্ডিত ছিলেন। পাণ্ডিত্যের অনুরপ
তাঁহার অর্থ-সঙ্গতি ছিল না। এজন্থ অনেক বিদ্যাৎসাহী
ভূস্বামী স্বতঃপ্রার্ভ হইরা, তাঁহাকে অর্থসাহায্য করিতে প্রার্ভ
হইলেন। জগনাথের একখানি অতি জীর্ণ পর্ণ-কূটীর মাত্র
ছিল। জগনাথ এক্ষণে ইপ্তকালয় নির্ম্মাণ পূর্বক যথানিয়মে
ঘুর্গোৎসর করিতে আরম্ভ করিলেন। রাজা নবরুষ্ণ তাঁহাকে
বহুলান্ডের একখণ্ড ভূ-সম্পত্তি দিতে চাহিয়াছিলেন, কিন্তু
বিষয় নানা অনর্থের মূল বলিয়া, জগনাথ উহা গ্রহণ করিতে
সম্মত হন নাই। কিন্তু নবরুষ্ণ ইহাতে বিরত হইলেন না।
তিনি জমীদারীসংক্রান্ত সমুদ্র কার্যভার আপনার হস্তে
রাথিতে প্রতিশ্রুত হইয়া, তাঁহাকে সম্পত্তি গ্রহণ করিবার জন্ম
অনেক অনুরোধ করিতে লাগিলেন। জগনাথ আর তাঁহার

অনুরোধ লজনে সমর্থ ইইলেন না; একথানি ক্ষুদ্র পরগণা গ্রহণপূর্বক রাজা নবক্তফের বাসনার সম্মান রক্ষা করিলেন। নবদ্বীপের অধিপতি ও বর্দ্ধমানের মহারাজও রাজা নবক্তফের এই সদ্ষ্টান্তের অনুসরণ করিয়াছিলেন। ইহারা উভয়েই জগন্নাথের অসাধারণ বিদ্যা ও পাণ্ডিত্যের প্রতি সম্মান প্রদ-র্শনার্থ তাঁহাকে নিজর ভূমি দান করেন।

নৌভাগ্য র্দ্ধির সহিত জগন্নাথের বংশও রুদ্ধি পাইতে লাগিল। তাঁহার দুই পুত্র ও তিন কন্যা হইয়াছিল। প্রত্যেক পুত্রের পাঁচটী করিয়া পুত্রসন্তান ভুমিষ্ঠ হয়। স্কুতরাং র্জগ-শ্লাথের ছুই পুত্র ও দশ পৌত্র বর্তমান ছিল। জ্যেষ্ঠ পৌত্র ঘনশ্রাম নার্কভৌম নংস্কৃতশান্তে পারদশী ছিলেন। জগ-ল্লাথের উপযুক্ত পৌল্ল বলিয়া লোকে ইহাঁর সম্মান করিত। জগন্নাথ অনুরূপ পৌত্র লাভে সন্তুষ্ট হইয়া কালাতিপাত করিতে লাগিলেন। কিন্তু তিনি ইহার মধ্যে হৃদয়ে একটি গুরুতর আয়াত প্রাপ্ত হন। জগরাথের বয়স ৬২ বংসর, এই সময় পতিপ্রাণা দৌপদীর পরলোক-প্রাপ্তি হয়। জগমাথ মহা সমারোহে পত্নীর আদাদি কার্য্য সম্পন্ন করিলেন। কিন্ত ভার্যাবিয়োগে তাঁহার যে নিদারুণ ছঃখের সঞ্চার হইয়াছিল, তাহা দর হইল না। অনেকে জগলাথকে পুনর্কার দার পরিগ্রহ করিতে অনুরোধ করিয়াছিলেন। কিন্তু জগরাথ তাহাদের কথায় কখনও কর্ণপাত করেন নাই।

স্ত্রীবিয়োগের পর জগন্নাধ ঈশ্বর-চিন্তার অধিকতর আদক হইলেন। তিনি রাত্রিশেষে শয্যা পরিত্যাগ পূর্বক প্রাতঃ- ক্ষত্য সমাপন করিয়। বাহিরে আসিতেন, পরে অধ্যাপনাকার্য্য শেষ করিয়। স্থান, পূজা ও ভোজনের পর পারিবারিক
বিষয়ের ব্যবস্থা করিতেন। অবশিষ্ট সময় গ্রন্থপ্রণয়ন, অভ্যাগত ব্যক্তিদিগের সহিত সদালাপ ও প্রতিবেশীদিগের অবস্থা
পর্যাবেক্ষণে অতিবাহিত হইত। সায়ংকালে জগরাথ নির্জ্জন
স্থানে বসিয়া, নিবিষ্টিচিত্তে ঈশ্বরিচন্তা করিতেন; কোন
গুরুতর ঘটনা উপস্থিত না হইলে সন্ধ্যার পর কাহারও সহিত
আলাপ করিতেন না।

°এই সময়ে ইঙ্ক্রেজনিগের শাসন-প্রণালী আমাদের দেশে বন্ধন্ন হইতেছিল। কিন্তু ইঙ্ক্রেজেরা আমাদের ব্যবস্থাশাস্ত্র ভাল বুঝিতে পারিতেন না। এজন্য যথানিয়মে বিচারকার্য্য সম্পন্ন হইত না। গবর্ণমেন্ট এই গোলবোগ দূর করিবার 
অভিপ্রায়ে একজন প্রসিদ্ধ পণ্ডিত দ্বারা হিন্দুদিগের ব্যবস্থা 
সঙ্কলন করিতে অভিলাধী হন। এই সঙ্কলনের ভার জগালাথের প্রতি সমর্পিত হয়। জগন্নাথ গবর্ণমেন্টের অনুরোধে 
ব্যবস্থা-সংক্রান্ত একখানি রহৎ সংস্কৃত গ্রন্থ সঙ্কলন করেন।
যাবৎ তিনি এই কার্য্যে ব্যাপ্ত ছিলেন, তাবৎ মাসিক 
পাঁচ শত টাকা পাইতেন। সঙ্কলন-কার্য্য শেষ হইলেও ভাঁহার 
প্রতিমানে তিন শত টাকা বুল্তি নির্দারিত হয়। স্যার উই-

<sup>\*</sup> এই এছের নাম, "বিবাৰতকার্ণব সেতু," ইহা চারি ভাগে বিভক্ত হয়। জগয়াথ কয়েকথানি সংস্কৃত এছও য়চনা কয়েন। কিয় অধ্যাপনা-কার্যেই তাহার
অধিক সময় বায় হইত; এলভ তিনি অফ-অপয়নে ভাদৃশ মনোবোগ বিতে পায়েন
নাই।

লিয়ম জোল সাহেবের সহিত জগনাথের বিশিষ্ট সৌহার্দ্ধ ছিল, 'তিনি ও তাঁহার বনিতা প্রায়ই জগন্নাথের সহিত সাক্ষাৎ করিতে আসিতেন \*। সদর দেওয়ানী আদালতের বিচারপতি হারিংটন সাহেবের সহিতও জগলাথের বন্ধত্ব ্ছিল। অবসর পাইলেই হারিংটন জগরাথের বাটীতে আসি-তেন, এবং হিন্দু ব্যবস্থা-সংক্রান্ত বিষয়ে কোন সন্দেহ থাকিলে তাহার মীমাংসা করিয়া লইয়া যাইতেন। বিচারা-লয়ে জগন্নাথ তর্কপঞ্চাননের মত দাদরে গৃহীত হইত। আমা-দের ধর্মশান্ত সম্বন্ধে তিনি যে ব্যবস্থা দিতেন, বিচারপতিগণ তদমুদারে বিচার-কার্য্য নির্বাহ করিতেন। পর্নে লিখিত হইয়াছে যে, মুর্যিদাবাদের নবাব তাঁহাকে একটি উৎকুষ্ট মোহর প্রদান করিয়াছিলেন। এই মোহরে "সুধীবর কবি বিপ্রেক্ত জীযুক্ত জগন্নাথ তর্কপঞ্চানন ভটাচার্য্য" এই কয়েকটি বাকা খোদিত ছিল। জগমাথ তর্কপঞ্চান্ন আপ্নার ব্যবস্থাপত্র সকল ঐ মোহরে অঙ্কিত করিতেন।

আমাদের দেশে এই সময়ে শান্তিরক্ষণ-কার্যা স্থনিয়মে নির্বাহিত হইত না। দম্য তপ্করেরা অনেক স্থানে যাইয়া উপদ্রব করিত। ইহাদের মধ্যে শ্রাম মল্লিক নামে একজন

<sup>\*</sup> একদা সার উইলিরম জোদ সত্রীক জগরাথ তর্কপঞ্চাননের বাটাতে উপস্থিত ইইয়াছেন, এমন সমরে এক জন তাঁহাদিগকে পূজার দালানে বসিতে জমুরোধ করি-লেন। ইহাতে জোদ সাহেবের পত্নী সংক্তে কহিলেন, "আবাং দ্লেছে।" অর্থাৎ আমরা ক্লেছে, পূজার দালানে বসিবার অধিকারী নহি। ইহার পর তাঁহারা উভরেই জগরাথের অন্তঃপুরে যাইয়া, বিবিধ সদালাপে সকলকে পরিতুই করেন।

প্রানিদ্ধ দ্যা-দলপতি ছিল। সে গুপ্ত চর দারা জগনাথের অন্তঃপুরের অবস্থা অবগত হইয়া, একদা নিশীথ সময়ে হরিসকীর্ত্তনের ছলে অনুচরবর্গের সহিত জগনাথের বাটার সম্মুথে
আদিল। বাটার লোকেরা সকীর্ত্তন শুনিবার নিমিত্ত দার
খুলিয়া বাহির হইল। শ্রাম মল্লিক অমনি অনুচরবর্গ সমভিব্যাহারে বাটার মধ্যে যাইয়া দাররক্ষকদিগকে বন্ধন করিল,
পরে অনুচরদিগকে কহিল,

জগন্নাথ কোথার আছেন, অনুসন্ধান কর। তিনি ধনশালী ও রূপণ, তাঁহার ধনে আমার অধিকার আছে। তিনি
নিজে আদিয়া আমার প্রাপ্য অংশ প্রদান করুন। কিন্তু
সাবধান, অন্তঃপুরচারিণী কামিনীদিগকে স্পর্শ করিও না।
উহাদের প্রতি অসন্থবহার করিলে স্মুচিত শাস্তি পাইবে।

দলপতির কথার অনুচরেরা জগরাথের শরন-গৃহের দমুখে আসিয়া দার ভগ্ন করিল। জগরাথ তংক্ষণাৎ একথানি ছিন্ন মলিন বসন পরিধান পূর্ব্ধক সবেগে বাহিরে আসিয়া, উচ্চৈংস্বরে "পণ্ডিত পলাইল, ধর ধর" বলিতে বলিতে দৌড়িতে লাগিলেন। কতিপর দম্যও "ধর ধর" বলিতে বলিতে কিছু দূর তাঁহার পশ্চাতে পশ্চাতে যাইয়া ফিরিয়া আসিল। জগ্রাথ এইরূপে বাটী হইতে বহির্গত হইয়া কিছুকাল এক রজকর গৃহে রহিলেন, পরে বাস্থদেব বন্দ্যোপাধ্যায় নামে তাঁহার একজন ছাত্রের ভবনে লুক্কায়িতভাবে থাকিলেন। এদিকে দম্যারা বাটীর সকল স্থানে অনুসন্ধান করিল; কোথাও জগরাধ্বর দেখা না পাইয়া শ্রাম মলিকের নিকটে আসিয়া কহিল,

"আমর। নকল স্থানে অনুসন্ধান করিলাম; কোথাও পণ্ডিতের দেখা পাইলাম না। গৃহে স্বর্গ রৌপ্যের অনেক দ্রব্য আছে, অনুমতি করিলে সমুদ্র আপনার নিকট আনয়ন করি।"

শ্রাম মল্লিক বিরক্ত হইয়া ইলিল,

শা, তাহা কখনও হইবে না। এরপ করিলে, লোকে বলিবে, শ্রাম মলিক নীচাশর, ক্ষুদ্র চোর। যখন পণ্ডিতের দেখা পাওয়া গেল না, তখন এস্থানে ধাকিবার প্রয়োজন নাই। কেহ কোন জব্য আত্মনাৎ করিও না, সকলে নীরবৈ বাটী হইতে বাহির হও।"

দয়াগণ নীরবে অস্থানে চলিয়া গেল। পর দিন প্রভাষে জগরাথ অক্ষত শরীরে প্রত্যাগত ইইলেন। হুগলীর জজ নাহেব এই সংবাদ পাইয়া, জগরাথের বাটীতে আনিয়া তাঁহার প্রত্যুৎপর মতির প্রশংসা করিতে লাগিলেন। পরে তিনি এই বিষয় গবর্ণমেণ্টে জানাইয়া দয়াদিগের অনুসন্ধানে প্রবৃত্ত ইইলেন। অবিলম্বে গবর্ণমেণ্ট হইতে বার জন শান্তিরক্ষক ও একজন জমাদার জগরাথের বাটীতে পাহারার কাজে নিযুক্ত হইল। কিন্তু জগরাথ দীর্ঘকাল ইহাদিগকে বাটীতে রাথেন নাই। একদা একজন নিপাহি তম্বর্তমে একটি ক্ষকায় র্ষের প্রতি গুলি নিক্ষেপ করিয়া ছিল; উহাতে র্ষের একটি পদ তয়্ম হয়। অক্য এক সময়ে জগরাথের কতিপয় কুটুর রাত্রি নয়টার পর বাটীতে প্রবেশকালে শান্তিরক্ষক-গণ কর্ত্বক অপমানিত হইয়া ছিলেন; এই সকল কারবে জগন্

মাথ বিরক্ত হইয়া গ্রন্থেনেটে আবেদনপূর্মক প্রহরীদিগকে বাটি হইতে উঠাইয়া দেন।

এইরপে জগরাথ তর্কপঞ্চানন সকলের শ্রারাম্পদ হন। এই-রূপে সকলে আদর ও প্রীতি প্রদর্শন পূর্ব্বক তাঁহাকে গৌরবা-ষিত করিয়া তুলেন। তিনি সংসারী হইয়া, কথনও কোন বিষয়ে অস্থবিধা ভোগ করেন নাই। তাঁহার আয় যেমন বাড়িয়াছিল, তেমনি তিনি সংকার্য্যে অনেক অর্থ ব্যয় করিয়া-ছিলেন। তাঁহার চতুস্পাঠীতে অনেক ছাত্র অধ্যয়ন করিত। তিনি সমুদয় ছাত্রের ভরণপোষণ নির্বাহ করিতেন। তাঁহার অনেক ছাত্রও বড় বড় পণ্ডিত বলিয়া প্রসিদ্ধ হইয়াছেন। আপনাদের ধর্মানুমোদিত ক্রিয়া কাণ্ডে এবং অতিথি-দেবাতে জগন্নাথের অনেক অর্থ ব্যয় হইত। কিন্তু ইহাতেও ক্লপণ বলিয়া জগনাথের একটি অপবাদ ছিল। জগনাথ সংসারের সমস্ত বিষয়ের সুক্ষ অনুসন্ধান করিতেন, বোধ হয়, এই জন্য তাঁহার উক্ত অপবাদ হইয়াছিল। জগনাথ অতি দরিদ্র অবস্থা হইতে ক্রমে অনেক সম্পত্তির অধিকারী হনঃ এই সমস্ত সম্পত্তি পাইয়া, তিনি এক দিনের জন্যও গর্ব প্রকাশ করেন নাই। যে বিনয় ও শীলতা জীর্ণ পর্ণকুটীরে তাঁহার মুখ-মণ্ডল শোভিত করিয়াছিল, সুদৃশ্য অটালিকার বহুসম্পত্তির মধ্যে এক্ষণে তাহা আরও শোভা বিকাশ করিল। আপনার স্থদীর্ঘ জীবনে জগরাথ পুত্র, পৌত্র ও প্রপৌত্রের মুখ দেখিয়া, চরিতার্থ হইয়াছিলেন। প্রসিদ্ধ পণ্ডিত কোলক্রক সাহেব \* একদা

কোলক্রক সাহের বাঙ্গালার আনিয়া প্রথমে ক্রিন্ততের কলেয়র হন, পরের

খনশ্রামকে সদর দেওয়ানী আদালতেয় জজ পণ্ডিত \* হইতে অনুরোধ করেন। কোম্পানীর চাকরী গ্রহণ করিলে জাতি যাইবে বলিয়া, ঘনশ্রাম প্রথমে ঐ সম্মানার্হ পদ গ্রহণ করিতে সম্মত হন নাই। কিন্তু শেষে তাঁহাকে ঐ পদ গ্রহণ করিতে ইইয়াছিল। জগলাথের কনিষ্ঠ পুত্রের মধ্যম পুত্র গঙ্গাধর তর্কভূষণও নদীয়া জেলায় পণ্ডিত ও সদর আমীন হন।

এইরূপ পুল্ল, পৌল্র ও প্রাপৌল্রে পরিরত হইয়া, জগয়াধ
তর্কপঞ্চানন সংসারের স্থুখ ভোগ পূর্বক শেষ দশায় উপনীত হইলেন। একদা তিনি বিজয়া দশমীর দিন অপরায়্রকালে প্রতিমার পশ্চাৎ পশ্চাৎ ভাগীরথীর তটে আগমন
করেন। গোধূলি সময়ে প্রতিমা ভাগীরথীর নীরে নিমজ্জিত
হইল। জগয়াথ ধীরভাবে ইহা চাহিয়া দেখিলেন, পরে
আত্মীয়দিগকে কহিলেন, "আমি আর গৃহে গমন করিব না।
এই স্থলেই শেষের কয়েক দিন অবশ্বান করিব।" অবিলম্বে
সেই স্থলে পর্ণ-গৃহ নির্মিত হইল। জগয়াথ সেই গৃহে প্রবেশ
পূর্বক ঈশ্বর চিন্তা করিতে লাগিলেন। তিনি প্রথম তিন দিন
আত্মীয়দিগের বিশেষ অনুরোধে দুক্ষ পান করিয়াছিলেন,
শেষে গঙ্গাজল তাঁহার একমাত্র পানীয় হয়। নবম দিবলে
ইষ্ট মন্ত্র জপ করিতে করিতে তিনি মানবলীলা সম্বরণ

বাৰস্থাপক সভার সভাের পদ গ্রহণ করেন। ইনি একজন প্রধান সংস্তজ্ঞ ছিলেন। ইনিই প্রথমে বেদ পড়িয়া ইলুরেজীতে তাহার বিবরণ প্রকাশ করেন।

পুর্বেষ বিচারালয়ে একজন পশ্বিত থাকিতেন। হিন্দুশালৈর তর্ক উপস্থিত ইইলে ইইারা ব্যবস্থা দিতেন। ইইাদিগকে জন্ধ পশ্বিত বলা ঘাইউ।

করেন। এইরূপে ১২১৪ সালে (খ্রীঃ ১৮০৬ অবেদ) ১১৩ বৎসর বয়সে পবিত্র ভাগীরথীর তীরে পবিত্র-চিন্ত জগলাথের পরলোকপ্রাপ্তি হয়। এত অধিক বয়স হইলেও জগলাথের কোনরূপ ইন্দ্রিয়হীনতা বা দৈহিক বিকার লক্ষিত হয় নাই। তিনি বলিষ্ঠ ও পরিপ্রমী ছিলেন। তাঁহার দর্শন ও প্রবেশশক্তি তেজম্বিনী ছিল। মৃত্যুর ছই এক মাস পূর্বের প্রায় চারি পাঁচ কোশ হাঁটিয়া বাইতে পারিতেন। অধ্যাপনা-কার্য্যে তিনি কখনও উলাসীস্ত দেখান নাই। যথাসময়ে ও যথানিয়মে ঐ কার্য্যে নিযুক্ত থাকিতেন। কেবল মৃত্যুর এক মাস কাল শুর্বের উহা হইতে বিরত হন।

জগমাথ তর্কপঞ্চানন উজ্জ্বল শ্রামবর্ণ ছিলেন। তাঁহার দেহ সুগঠিত ও লোমন, বাছ দীর্ঘ, নাদিকা উন্নত, ললাট প্রশন্ত এবং চকু: উজ্জ্বল ছিল। দেখিলেই তাঁহাকে অসাধারণ বৃদ্ধিমান বলিয়া বোধ হইত। তিনি এক বেলা আহার করিতেন। আহারের বিশেষ পারিপাট্য ছিল। তাঁহার দশটি পৌত্রবধূর প্রত্যেকে প্রতি ছই মাসে ছয় দিন করিয়া রন্ধন করিতেন। প্রাতঃকাল হইতে ছই প্রহর পর্যান্ত রন্ধন-কর্ষিয় হইত। জগন্নাথ ঈমং উন্ধ অয় ব্যন্ধন থাইতে ভাল বাসিতেন, এক্ষন্ত পাচিকা উন্ধ অয় ব্যন্ধন থাইতে ভাল বাসিতেন, এক্ষন্ত পাচিকা উন্ধ অয় ব্যন্ধন থাইতে ভাল বাসিতেন, এক্ষন্ত পাচিকা উন্ধ অয় ব্যন্ধন বিশ্বের জগন্নাথের ভোক্ষনোপযুক্ত ব্যন্ধনাদি রাখিয়া দিতেন। রন্ধন শেষ হইলে জগন্নাথ পুত্র পৌত্রদিগের সহিত আহারে বিদিতেন। যে দিন রন্ধন ভাল হইত, সে দিন তিনি সন্তুষ্ট হইয়া পাচিকা পৌত্রবধূকে একখান চেলীর কাপড় ও পাঁচ টাকা

পারিতোষিক দিতেন। যে দিন রন্ধনে দোষ লক্ষিত হইড, সে দিন পাচিকার প্রতি বিরক্তি দেখাইতে ক্রটি করিতেন না। পৌত্রবধূগণ এজন্য যত্নপূর্বক রন্ধন-কার্য্য অভ্যাস করিতেন। যে দিন বাঁহার রন্ধন ভাল হইত, সে দিন তিনি আহ্লাদের সহিত স্থবচনীর পূজা করিতেন। জগনাথ সর্বদা পরিচ্ছন্ন থাকিতে ভাল বাসিতেন। তিনি সুধৌত ঢাকাই মলমল পরিধান ও বনাতের পাছকা ব্যবহার করিতেন। পরিচারক অথবা আত্মীয় ব্যক্তি অপরিষ্কৃতবেশে নিকটে আসিলে ভাঁহার যারপরনাই বিরক্তি জন্মিত।

জগন্নাথ তর্কপঞ্চাননের স্মৃতি-শক্তি সাতিশয় বলবঙী ছিল। কথিত আছে, তিনি সংস্কৃত "অভিজ্ঞানশকুন্তল" নাট-কের আজোপান্ত না দেখিয়া, আরন্তি করিতে পারিতের। তাঁহার স্মরন-শক্তির সম্বন্ধে একটি গল্প আছে। এক দিন কগলাথ স্থান করিয়া, ঘাটে বিদিয়া, আহ্নিক করিতেছেন, এমন সময়ে দৈবাৎ ছুই জন নাহেব সেই স্থানে নৌকা হইতে নামিয়া, পরশার কলহ করিতে করিতে মারামারি করিল। এজন্য একজন নাহেব আর একজনের নামে আদালতে অভিযোগ করে। অভিযোগ-কারী বিচারালয়ে কহল, ঘাটে কেইই ছিল না, কেবল এক ব্যক্তি গায় মাটি মাথিয়া, বিনয়াছিল। এই ব্যক্তিই জগন্নাথ তর্কপঞ্চানন, স্বতরাং নাক্ষী হইয়া জগন্নাথকে আদালতে আসিতে হইল। জগন্নাথ ইক্রেজী জানিতেন না, তথাপি অদ্বুত স্মৃতিশক্তির প্রভাবে ছুই জন সাহেব, ঘাটে যে যে কথা কহিয়াছিল, তৎসমুদ্ম

এমন স্থপ্রণালীতে আর্ছি করিলেন বে, বিচারপতি তাহা শুনিয়া, বাতিশয় বিশ্বিত হইয়া, জগন্নাথকে ধন্যবাদ দিতে লাগিলেন।

জগন্নাথ আপনার স্থানীর জীবনে নাধারণের নিকট প্রাভূত সম্মান লাভ করিয়াছিলেন। তিনি কথনও এই সম্মানের অপব্যবহার করেন নাই। ছোট বড়, ইতর ভদ্র, সকলেই তাঁহার নিকট আনিত, সকলেই তাঁহাকে সমাদর ও প্রদান করিত। তিনি সকলের সহিতই সরলহাদয়ে আলাপ করিতেন। হাস্থার্কার অবতারণায় তাঁহার বিশেষ ক্ষমতা ছিল; আলাপের সময় তিনি কাহাকেও না হাসাইয়াঁ, থাকিতে পারিতেন না। শিশুরা তাঁহার প্রদান ও পরিহাসপ্রিয়তা দেখিয়া, আমোদিত হইত, যুবকের। তাঁহার উদার উপদেশ পাইয়া, সন্তোগলাভ করিত, এবং রক্ষেরা তাঁহার শান্তীয় কথা শুনিয়া, পরিভ্রা হইত। এইয়পে তিনি সকলেরই অধিগম্য ছিলেন, সকলেই তাঁহাকে ভক্তিও ক্বতজ্ঞতার চক্ষে নিরীক্ষণ করিত।

জগন্নাথ সাতিশয় প্রিয়ংবদ ছিলেন, কথন কাহারও প্রতি কঠোর বা ইতর ভাষা প্রয়োগ করিতেন না। তাঁহার শিক্ষাপদতি কৌশল-পূর্ণ ছিল। একদা তাঁহার একটি ছাত্র পরিহান-প্রসাদে আপনার একজ্বন নহাধ্যায়ীর প্রতি ইতর ভাষা প্রয়োগ করিতেছিল, জগন্নাথ অধ্যাপনার্থ বহির্মাদিতে আনিবার নময়ে উহা শুনিতে পাইলেন। বহির্মাদিত আনিবার একটি গৃহ-পালিত কুকুর শ্যান ছিল। জগন্নাথ আনিবার সময় তাহাকে বলিলেন,

"মহাশয়! অনুগ্রহ পূর্বক আমাকে পথ প্রদান করুন।
কুকুর সরিয়া গেল। জগন্নাথ অধ্যাপনা-গৃহে উপস্থিত

ইইলেন। একজন ছাত্র ইহা দেখিয়া জগন্নাথকে কহিল,

"কুক্কুরের প্রতি এরপ নাধুভাষা প্রয়োগ করিবার তাৎ-পর্য্য কি ?"

জগনাথ ঈষৎ হারিয়া কহিলেন,

"অভ্যাস মন্দ কর। উচিত নছে। কুকুরের প্রতি ইতর ভাষা প্রয়োগ করিতে করিতে এক দিন হঠাং উহা কোন ভদ্র লোকের প্রতিও প্রয়োগ করিয়া লচ্ছিত হইব।"

ছাত্রগণ এইকথা শুনিয়া যথোচিত শিক্ষা পাইল।

জগন্নাথের পৈতৃক সম্পত্তির মধ্যে তুইটি পিতৃলের জ্লাপাত্র, দশ বিঘা নিক্ষর ভূম ও এক থানি অতি জীর্ণ পর্ণ-গৃহ মাত্র ছিল। কিন্তু জগন্নাথ অসাধারণ স্থাবলম্বন ও বিভাবলে নগদ এক লক্ষ ছত্রিশ হাজার টাকা, বার্ষিক চারি হাজার টাকা উপস্বত্বের নিক্ষর ভূমি এবং বহুসংখ্যক উভ্ভান ও পুক্রনিণী প্রভৃতি রাখিয়া পরলোক-গত হন। মৃত্যুর পূর্বের জগনাথ ঐ সকল সম্পত্তি বিভাগ করিয়া দিয়াছিলেন। তিনি দশ পৌত্রের প্রত্যেককে দশ হাজার টাকা দান করেন, নিজের শ্রাদ্ধ ও দৌহিত্রদিগের নিমন্ত ছত্রিশ হাজার টাকা রাখিয়া দেন, অবশিষ্ট স্থাবর সম্পত্তি তাঁহার উত্তরাধিকারী-দিগকে সমর্পণ করেন।

অসাধারণ পাণ্ডিত্যের স্থায় জগমাথ তর্কপঞ্চাননের অসা-ধারণ ধর্ম-জ্ঞান ছিল; এজন্য তিনি সকলেরই প্রগাঢ় বিশ্বা- নের পাত্র ছিলেন। বিদ্যা, ধর্ম-জ্ঞান ও স্বাবলম্বন একাধারে সমবেত হইলে মানুষের কেমন উন্নতি হয়, তাহা জগদ্ধাথ তর্কপঞ্চাননের জীবন-চরিতে প্রকাশ পাইতেছে। লোক-দ্যাজে যত দিন বিদ্যার সমাদর থাকিবে, যত দিন ধর্ম-জ্ঞান অটল রহিবে, যত দিন স্বাবলম্বন উন্নতির একটি প্রধান উপায় বলিয়া পরিগণিত হইবে, ততদিন এই স্বশক্তি-সমূথিত পণ্ডিত জগদ্ধাথ তর্কপঞ্চাননের নাম কথনও বিলুপ্ত হইবে না।

## বৈদেশিক পর-ছিতৈষী

## ভেবিড হেয়ার।

যথন ইক্রেক্স-শাসন আমাদের দেশে ক্রমে বরুমূল ইইয়া উঠে, উচ্চতর ইক্রেকী শিক্ষার অভাবে যথন আমাদের দেশীর লোকের নানারপ অমুবিধা হইতে থাকে, ইক্রেক্সগণ যথন কেবল অর্থ সংগ্রহের উদ্দেশ্যে এদেশে আসিতেন এবং উদ্দেশ্য কিন্তু ইইলেই বথন হলেশে বাইয়া, এদেশকে একবারে ভূলিয়া বাইতেন, তথন একজন প্রকৃত হিত্রী ইক্লণ্ড হইতে আমাদের দেশে আগমন করেন, এবং আমাদের দেশকে আপনার দেশ ভাবিয়া, আমাদিগকে রোগে উরধ, শোকে নাজনা দিয়া, আমাদের হদর শান্তির অমৃত-প্রবাহে অভিষিক্ত করেন। এই বৈদেশিক পর-হিতেনীর নাম ডেবিড হেয়ার।

ডেবিড হেয়ারের পিতা লগুন নগরে যাউ প্রস্তুত ও মেরামত করিতেন। তিনি স্কটলণ্ডের অন্তঃপাতী এবর্ডিন নগরের একটি কামিনীর পাণি গ্রহণ করেন। এইস্থানে খ্রীঃ ১৭৭৫ অব্দে ডেবিড হেয়ারের জন্ম হয়। ডেবিড, পিতার সর্ব্ধ কনিষ্ঠ সন্তান। তাঁহার আর তিন জাতার নাম, জোসেফ, আলেকজেণ্ডার ও জন। পাঁচিশ বংনর বয়ঃক্রমন্টালে ডেবিড কলিকাতায় আগমন করেন। ডেবিড হেয়ারের আসিবার পর তাঁহার দ্বিতীয় ভ্রাতা আলেকজেণ্ডার এখানে আইলেন। কিছু দিন অবস্থিতির পর আলেকজেণ্ডারের পরলোক-প্রাপ্তি হয়। জনও এদেশে আসিয়াছিলেন, কিন্তু তিনি দীর্ঘকাল এখানে অবস্থান করেন নাই, ইছারুরপ অর্থারথই পূর্বক স্থানেশ গমন করেন।

হেয়ার সাহেব কলিকাতায় কিছুকাল ঘড়ির কাজ করিয়া, অর্থ সঞ্চয় পূর্ব্বক তাঁহার একজন ঘনিষ্ঠ বন্ধু গ্রে সাহেবকে আপনার কার্যাভার সমর্পণ করেন। তিনি তাঁহার দ্রাতার ভায় এখানে কেবল অর্থ উপার্জ্জনের মানসে আগমন করেন নাই। এই দেশেই আপনার জীবিত-কাল অতিবাহিত করিবার তাঁহার বলবতী ইচ্ছা হয়। এদেশে তাঁহার কোনরূপ পার্থিব বন্ধন ছিল না। তাঁহার জাতা ও জ্রাতাদের পরিবারবর্গ ইস্লুভে অবস্থিতি করিতেন। কিন্তু অনুপম উদারতা ও নিঃমার্থ হিতৈহিতা তাঁহাকে এদেশে আবদ্ধ করিয়া রাখিল। তিনি এদেশের অধিবাদীদিগকৈ আপনার ভাতার স্থায় দেখিতে লাগিলেন, এবং তাহাদের উপকারের জন্ম যথাশক্তি পরিশ্রম ও যত্ন করিতে প্রস্তুত্ত হইলেন।

হেয়ার সাহেব সন্ত্রান্ত হিন্দুদিগের বাদীতে যাইতে কিছু-

মাত্র সম্ভূচিত হইতেন না। যাহাতে পরস্পারের মধ্যে একতা ও সৌহার্দ জন্মে, এবং উভয় সম্প্রদায় যাহাতে পরস্পরকে জাতৃভাবে জালিকন করে, ইংাই তাঁহার একান্ত ইচ্ছা ছিল। তিনি অকুঠিতভাবে সম্রান্ত হিন্দুদিগের বাদীতে যাইতেন, সরল হৃদ্ধে তাঁহাদের সহিত জালাপ করিতেন, এবং সানন্দ অন্তঃকরণে নানা প্রকার আমোদ করিয়া, তাঁহাদিগকে সম্প্রীত করিয়া তুলিতেন। এইরূপে প্রগাঢ় সহারুভূতি দেখাইয়া, হেয়ার সাহেব সকলকেই আপনার আত্মীয় করিয়া তুলিলেন। কোনরূপ কিয়াকাও অথবা প্রমোদকর ব্যাপার উপস্থিত হইলে, সকলেই হেয়ার সাহেবকে আদরের সহিত নিমন্ত্রণ করিত। হেয়ার সকলের বাটীতে ঘাইয়াই নিমন্ত্রণ রক্ষা করিতেন। বিদেশী ও বিধন্মীর গৃহে যাইয়া, আমোদ ক্রিতেছেন বলিয়া, তিনি কখনও আপনাকে অপমানিত জ্ঞান করিতেন না, প্রভাত ইহাতে তাঁহার উদার ও নরল অন্তঃক্রবনে নিরূপম প্রীতির আবির্ভাব হইত।

এই সময়ে মহানগরী কলিকাতায় ভাল ইক্রেজী অথবা বাঙ্গালা পাঠশালা ছিল না। ছাত্রেরা নামান্তরপ লিখন, পঠন ও গণিত অভ্যান করিয়াই শিক্ষা সমাপ্ত করিত। অধ্য-য়নের উপযোগী ভাল ভাল বাঙ্গালা গ্রন্থও এই সময়ে প্রচলিত ছিল না। সূত্রাং উচ্চতর শিক্ষার অভাবে শিক্ষার্থীদিগের হুদ্য় উচ্চতর ভাবে সম্প্রদারিত হইত না। হেয়ার নাহেব প্রথমে এই অভাব বুক্তে পারিলেন। কিনে এদেশের যুবকগণ উচ্চতর শিক্ষা পাইয়া, বছদশী ও বছগুণাস্থিত হইয়া উঠে, ইহাই একণে তাঁহার প্রধান চিন্তুনীয় বিষয় হইল। প্রস্তাবিত সময়ে রামমোহন রায়, দারকানাথ ঠাকুর রাধা-কান্ত দেব, বৈক্তনাথ মুখোপাধ্যায় আমাদের নমাজে বিজ্ঞ ও সম্রান্ত ব্যক্তি বলিয়া পরিচিত ছিলেন। হেয়ার সাহেব প্রথমে ইহাঁদের সহিত এবিষয়ের পরামর্শ করেন। আমাদের দেশের প্রতি, স্থপ্রিমকোর্ট নামক বিচারালয়ের প্রধান বিচার-পতি সার হাইউ ইষ্ট সাহেবের বিশিষ্ট মমতা ও স্নেহ ছিল। হেয়ার সাহেব অতঃপর তাঁহার নিকট যাইয়াও! একটি প্রধান বিজ্ঞালয় স্থাপন করিবার ইচ্ছা প্রকাশ করেন। এবিষয়ে আমাদের দেশের লোকের কিরুপ মত, জানিবার জন্ম, প্রধান বিচারপতি বৈজ্ঞনাথ মুখোপাধ্যায়কে সকলের নিকট পাঠা-ইয়া দেন। বৈশ্বনাথ প্রধান বিচ্ছুরপতির অমুরোধে সুমা-জের সমস্ত সম্ভান্ত ব্যক্তির নিকটে এবিষয়ের প্রস্থাব করিলে. সকলেই তাহাতে আহ্মাদসহকারে সম্মতি প্রকাশ করেন। বৈজ্ঞনাথ, প্রধান বিচারপতির নিকট যাইয়া. সকলের সম্মতি জानारेलन। श्रधान विচात्रপতित मूथ উৎফুল श्रेन। অবিলয়ে একটি উচ্চ শ্রেণীর বিছালয় স্থাপন করিবার উদ্যোগ হইতে লাগিল। সমুদর প্রস্তুত হইরাছে, এমন সময়ে অভীপ্র কার্যার একটি বিশ্ব উপস্থিত হইন। এই নময়ে রাজা রাম-মোহন রায় পৌত্তলিক ধর্ম্মের বিরুদ্ধাচরণ করাতে হিন্দু সম্প্র-দায় তাঁহার প্রতি সাতিশয় বিরক্ত হইয়া উঠিয়াছিলেন: একৰে রামমোহন রায় প্রভাবিত বিছালয়ের এক জন অধ্যক্ষ হইবেন শুনিয়া, পৌতলিক হিন্দুগণ পূর্ব অভিপ্রায় অনুসারে কার্য্য করিতে অসম্প্রত হইলেন। তাঁহারা প্রতিজ্ঞা করিলেন, যাবং বিভালয়ের সহিত রামমোহন রায়ের সম্বন্ধ থাকিবে, তাবং তাঁহারা কোনরূপ আমুকুল্য করিবেন না। বৈভানাথ মুখোপাধার দ্রিয়মাণ হইলেন, প্রধান বিচারপতির হৃদয়ে আঘাত লাগিল। উপস্থিত বিষয়ে কি করিতে হইবে, তাঁহারা কিছুই নির্দ্ধারণ করিতে পারিলেন না। যে সন্তোষ ও প্রীতির তরঙ্গে তাঁহারা এতক্ষণ দোলায়মান হইতেছিলেন, তাহা অপগত হইল। প্রধান বিচারপতি ও বৈভানাথ, নিরা-শার ঘোর অন্ধকারে আছেম হইয়া.পড়িলেন।

এই সন্ধ্যাপন্ন সময়ে এক মনস্বী ব্যক্তি কার্য্য-ক্ষেত্রে আবিত্তুত হইলেন। ডেবিড হেয়ার কোন কার্য্য অসম্পন্ন রাথিবার
লোক ছিলেন না। উপস্থিত বিষয়ে ঐকপ বিদ্ধ দেখিয়া,
তিনি কর্ত্তব্য-বিমৃত্ ইইলেন না। যে অনুরাগ, সাহন ও
উদ্ধান তাঁহার প্রকৃতিকে অলক্ষ্যত করিয়া ছিল, তাহা অপনাদারিত হইল না। হেয়ার অকুতোভয়ে কার্যক্ষেত্রে প্রবেশ
করিলেন। তিনি রামমোহন রায়ের স্বভাব বিলক্ষণরূপে
ছলয়য়ম করিয়াছিলেন, স্বতরাং নাহন-সহকারে তাঁহাকে
প্রস্তাবিত বিশ্বালয়ের সহিত সংস্থব পরিত্যাগ করিতে অন্
রোধ করিলেন। রামমোহন রায় স্বভাবদিদ্ধ উদারতা-শুনে
এই অনুরোধ রক্ষা করিতে অসম্মত ইইলেন না। তিনি
নাধারণের উপকারের জন্ম আপনার গৌরব ও সম্মান অতি
ভুক্ত জ্ঞান করিতেন, স্বতরাং বিশেষ বিবেচনা করিয়া, সাধারণের হিত সাধনের উদ্ধেশ্যে প্রস্থাবিত বিদ্যালয়ের সহিত

নংঅব ত্যাগ করাই শ্রেয়ঃ বিবেচনা করিলেন। অবিলম্বে প্রচারিত হইল, রামমোহন রায় বিভালয়ের সহিত কোনরূপ নংঅব রাখিবেন না। হিন্দুগণ ইহাতে সম্ভূষ্ট হইলেন,
এবং প্রধান বিচারপতির আলয়ে যাইয়া, প্রতিশ্রুত অর্থ প্রদান
পূর্বক বিভালয় স্থাপনের অভিপ্রায় জানাইলেন।

প্রধান বিচারপতি ভেবিড হেয়ারের এই নাহন ও উভ্তম দেথিয়া সম্ভষ্ট হইলেন। অবিলম্বে একটি সাধারণ সভার অধিবেশন হইল। আমাদের ভ্রাক্ষণ অধ্যাপকগণ পর্যান্ত, ঐ সভায় উপপ্রিত ছিলেন। ইহার পর একটি কার্য্য-নির্ম্বা-হক সভা সংগঠিত হয়। ১৮১৬ অব্দের ১৭এ আগষ্ট বিছাল-য়ের কার্য্য-প্রণালীর নির্দ্ধারণ জন্ম ঐ সভার অধিবেশন হয়। হেয়ার সাহেব ঐ সভার সভা ছিলেন না, তথাপি নিয়মিত নময়ে সভায়, আসিয়া সৎ পরামর্শ দিয়া, আপনার কার্যা-তৎপরতা দেখাইতে সাগিলেন। তিনি কেবল এইরূপ প্রামর্শ দিয়াই নিরন্ত হইলেন না। বিভালয়ের জন্ম ক্রম তাঁহার অসাধারণ যতু প্রকাশ পাইতে লাগিল। তিনি লোকের ঘারে ঘারে ভিক্ষা করিয়া, অর্থ সংগ্রহ করিতে লাগি-লেন। হেয়ার সাহেবের অসামান্ত উৎসাহ, যতু ও পরিশ্রমে থ্রীঃ ১৮১৭ অব্দের ২০এ জানুয়ার কলিকাতায় মহাবিজ্ঞালয় ( হিন্দুকলেজ ) স্থাপিত হইল।

হতন্ত্র বাটীর অভাবে হিন্দুকলেজের কার্য্য প্রথমে কলিকাতা গরাণহাটায় গোরাচাঁদ বসাকের বাটীতে আরম্ভ হইল। হেয়ার নাহেব প্রতিদিন বিছালয়ে উপস্থিত হইয়া, উহার উন্নতি নাধনের চেষ্টা করিতে লাগিলেন। পটোলডান্সায় তাঁহার কিছু ভূ-সম্পত্তি ছিল, বিক্যালয়ের বাটা
নির্দ্ধাণ জন্ম উহার কিয়দংশ তিনি আব্লাদসহকারে দান
করিলেন। ঐন্থলে সংস্কৃত ও হিন্দুকলেজের বাটা নির্দ্ধিত
হইল \*। হেয়ার নাহেব, পরে হিন্দু বিভালয়ের অবৈতনিক
কার্য্য-নির্বাহক সভ্যের পদ গ্রহণ করিলেন।

যে বৎসর হিন্দুকলেজ প্রতিষ্ঠিত হয়, সেই বৎসর হেয়ার নাহেব কলিকাতায় "স্থুলবুক্ 'নোনাইটি" নামে একটি নভা স্থাপন করেন। বিভালয়ের উপযোগী পুস্তক নকল ইঙ্গুরেজী ও এতদ্দেশীয় ভাষায় প্রথয়ন পূর্বক অল্প অথবা বিনামূল্যে প্রচার করাই, এই নভার মুখ্য উদ্দেশ্য। এই নভায় যে কয়েকজন সভ্য ছিলেন, তাঁহারা নৃতন বিভালয়ের স্থাপন ও বর্ত্তমান পাঠশালা নমূহের সংস্করণ জন্ম বিশেষ চেষ্টাহিত হন। এই উদ্দেশ্যে পরবর্তী বৎসর "স্থুল নোনাইটি" নামে আর একটি নভা প্রতিষ্ঠিত হয়। হেয়ার নাহেব ও রাজা রাধাকান্ত দেব ঐ নভার নম্পাদকের কার্য্য-ভার গ্রহণ করেন। নভা তিন শাখায় বিভক্ত হয়। এক শাখা বিজ্যা-

\* হিন্দুকলেজ দীর্ঘকাল গরাণহ্বাটায় থাকে নাই। ইছা পরে চিৎপুরে রূপ-চরণ রায়ের বাটাতে যায়। ঐ খান হই:ত ফিরিস্নী কমল বস্থর বাটাতে আইদে। প্রদিদ্ধ পণ্ডিত ডাক্সর উইলসন সাহেবের বঙ্গে ুহিন্দু ও সংস্কৃত কলেজের জন্ম নৃতন বাটা নির্মাণের বন্দোবস্ত ছয়। ১৮২৪ অন্দের ২৭এ জামুয়ারি নৃতন বাটার ভিত্তি স্থাপিত হয়। তৎপরবর্ত্তী বৎসর নির্মাণ কার্যা শেষ হইয়া উঠে। ঐ নৃতন বাটার মধ্যভাগে সংস্কৃত কলেজ এবং ছই পার্যে হিন্দুকলেজের কার্যা হইতে থাকে। লয় সমূহের সংস্থাপনের ভার, অপর শাখা পাঠণালা সমূহের পরিদর্শনের ভার এবং তৃতীয় শাখা উক্ততর শিক্ষা দানের ভার গ্রহণ করেন। প্রস্থাবিত সভার তর্রাবধানে কলিকাতার স্থানে স্থানৈ করেকটি পাঠশালা প্রতিষ্ঠিত হয়। এই সকল পাঠশালার একটিতে আমাদের দেশের বিখ্যাত পঞ্চিত শ্রীযুক্ত কুফ্নোহন বন্দোপাধ্যায় প্রথমে বাঙ্গালা ভারা শিক্ষা করেন \*। পূর্বেরিক স্কুল সোনাইটের যত্তে এই শেষোক পাঠশালার নিকটে, এবং পটোলভাকায় ছাইটি ইক রেজী বিভালয় স্থাপিত হয় শ। বে সকল ছাত্র পাঠশালায় থাকিয়া, বাৎপতি লাভ করিত, তাহারা ইক্রেজী বিভালয়ে প্রবেশ পূর্কক উক্ততর শিক্ষায় অভিনিবিষ্ঠ হইত। হেয়ার নাহেব যথাসময়ে এই সকল বিভালয়ের তর্ত্বাবধান করিতেন।

যাহাতে এদেশের লোকে বান্ধানা ভাষার বাংপর হয়, এবং বান্ধানা ভাষা যাহাতে সম্মার্ক্তিত হইয়া উঠে, হেয়ার দাহেবের দে বিষয়ে বিশেষ মনোযোগ ও যত্ন ছিল। দমত কলিকাতা চারিখণ্ডে বিভাগ করা হইয়াছিল; এক এক জন প্রতিখণ্ডের পাঠশালাগুলির তত্তাবধান করিতেন । ইইারা আপন আপন বাটীতে বংশরে তিন বার পরিদর্শনাধীন পাঠশালার ছাত্রদের পরীক্ষা লইতেন। সমস্ক পাঠশালার

<sup>\*</sup> अहँ अं न आंड्र निरंड हिन।

<sup>🕆</sup> कृत সোসাইটির এই अृत একণে "(इंग्रीतं कृतं नामे अनिकं इरेग्रार्टि।

ই এই চারি জন পরিদর্শকের মধ্যে বব্ কুর্গাচরণ দত্ত ওটি পাঠশালার তর্থাবধানের ভার গ্রহণ করেন। এই দক্তর পাঠশালায় প্রায় ল৽৽ ছাত্র পড়িত। রামচন্দ্র

ছাত্রদিগের বার্ষিক পরীক্ষা রাজা রাধাকান্ত দেব বাহাত্বরের বার্টীতে হইত। ইহাঁদের সকলের নিকটেই কুলবুক নোসাইটির প্রকাশিত পাঠশালার পাঠ্য পুস্তক থাকিত। প্রয়োজন হইলেই ঐ সকল পুস্তক ছাত্রদিগকে দেওয়া যাইত। উপযুক্ত ছাত্রদিগের কেই ইঙ্গ্রেক্সী বিদ্যালয়ে, কেই বা হিন্দুকলেজে যাইয়া, রিজ্ঞাভ্যান করিত। গুরুমহাশয়গণও গুণানুসারে পুরস্কৃত হইতেন। এতব্যতীত যে সকল ছাত্র ইঙ্গ্রেক্সী কুলে প্রবেশ করিত, তাহারা প্রাতে ও বৈকালে পাঠশালায় আসিয়া, বাঙ্গালা ভাষা শিখিত। এইরূপে মাতৃ-ভাষার প্রতি বাঙ্গালিগণের প্রদান বিভিত্ত হইতে লাগিল, এবং এইরূপে হেয়ার নাহেবের বন্দোবস্তের গুণা আমাদের দেশের ছাত্রগণ রাঙ্গালা ও ইঙ্গ্রেক্সী, উভয় ভাষাত্রেই ক্রতবিদ্য হইয়া দ্রুগিতে লাগিল।

ক্লীঃ ১৮৩০ অবেদ হিন্দু ও অন্যান্য বিছ্যালয়ের ছাত্রের।
সমবেত হইয়া হেয়ার সাহেবকে একখানি অভিনদ্দন-পত্র
সমর্পণ করেন। ক্লফমোহন বদ্দোপাধ্যায়, দক্ষিণারঞ্জন
মুখোপাধ্যায়, হরচন্দ্র বোয় প্রভৃতির যত্ত্বে এই কার্য্য সম্পন্ন
হয়। জাভিনদ্দন-পত্র সমর্পণসময়ে দক্ষিণারঞ্জন মুখোপাধ্যায়
একটি উৎক্লুই বক্তৃতা করিয়া, হেয়ার সাহেবকে কহেন,
''জাপনি আমাদের পরমারাধ্যা মাতা; আমাদিগকে হুন্য

ঘোষকে ১৩টি স্কুল দেওয়া হয়। ঐ সকল স্কুলে ৮৯৩ জন শিকাৰী ছিল। বাব্ উমানন্দ ঠাকুর ৩৬টি পাঠশালা এহণ করেন, উহাতে প্রায় ৬০০ ছাত্র ছিল। ৫৭টি পাঠ-শালার পরিদর্শনের ভার রাজা রাধাকান্ত দেবের হতে সমর্পিত হয়। উহাতে ১,২৩৬ জন ছাত্র বিল্লাভাগে করিত। দিয়া, বর্দ্ধিত করিতেছেন।" সরল-হৃদয় ছাত্রদিগকে এইরপ সরলভাবে কৃতজ্ঞতা প্রদর্শন করিতে দেখিয়া, হেয়ার সাহে-বের কোমল হৃদয় বিগলিত হইল, তিনি দণ্ডায়মান হইয়া, স্নেহমধর স্বরে কহিলেনঃ—

"আমি ভারতবর্ষে আদিয়া দেখিলাম, এস্থানে নানাবিধ 
দামত্রী উৎপন্ন হইতেছে; ভূমি প্রচুর শস্তশালিনী, অধিবাদিগণ পরিশ্রমী, উৎক্রপ্ট গুণাম্বিত এবং পুথিবীর অন্যান্য দভ্য
জনপদের অধিবাদীদিগের দমকক্ষ, কিন্তু বহুশত বংদরের
দৌরাত্মা ও কুশাদনে দমস্ত জ্ঞানভাণ্ডার বিলুপ্ত হইয়াছে,
এবং দেশ অজ্ঞানের খোর অদ্ধকারে আছেন্ন হইয়া রহিয়াছে।
এক্ষণে এই দেশের অবস্থা উন্নত করিবার জন্তা, এতদেশীয়দিগের ইউরোপীয় শান্তের অনুশীলন, একান্ত আবশ্যক হইয়া
উঠিয়াছে। আমি এই দেশে যে বীজ বপন করিয়াছি, তাহা
হইতে একটি মহারক্ষ দম্পন্ন হইয়াছে। এই মহারক্ষের
ফল এক্ষণে আমার চারি দিকে প্রত্যক্ষীভূত হইতেছে।"
অভিনন্দন-পত্র প্রদানের পর ছাত্রেরা চাঁদা করিয়া, হেয়ার
শাহেবের এক খানি প্রতিক্রতি চিত্রিত করেন। এক্ষণে এই
প্রতিক্রতি হেয়ার স্কুলে রহিয়াছে।

হেয়ার সাহেব এইরপে স্বহন্ত-রোপিত মহারক্ষের ফল দেখিয়া, পরিভূপ্ত হইলেন, এইরপে তাঁহার মেহাপাদ ছাত্র-গণ সরলহাদয়ে ভক্তিও ক্রতজ্ঞতা দেখাইয়া, তাঁহাকে সন্তষ্ট করিতে লাগিলেন। হেয়ার খীয় পবিত্র জীবনের এক সাধনায় ক্রতকার্য্য হইলেন। কিন্তু ইহা অপেক্ষা উৎকট সাধনা

তাহার সম্মুখে উপস্থিত হইল। তিনি প্রগাঢ় পরিশ্রম ও যত্ন পূর্ব্বক বিত্যালয় স্থাপন করিয়াছিলেন, অকাতরে অর্থ ব্যয় করিয়া, বাঙ্গালীদিগকে স্থাশিকিত করিয়া তুলিয়াছিলেন, পিতার স্থায় প্রীতি ও মাতার স্থায় স্নেহ দেখাইয়া, আপনার দেবপ্রকৃতির পরিচয় দিয়াছিলেন, কিন্তু বাঙ্গালী-দিগের জন্ম কোনরূপ ব্যবসায়-ক্ষেত্র প্রসারিত করিতে পারেন নাই। মহামতি হেয়ার এক্ষণে এই সাধনায় সিদ্ধ হইবার জন্ম চেষ্টা করিতে লাগিলেন। বাঙ্গালিগণ যাহাতে ব্যবসায় অবলম্বন পূর্বক স্বাধীনভাবে জীবিকা নির্বাহ করিতে পারে, তাহার জন্ম কোনরূপ শিক্ষালয় স্থাপন করিতে তিনি বিশেষ আগ্রহান্তিত হইলেন। এই সময়ে লর্ড উই-লিয়ম বেপ্টিস্ভারতবর্ষের প্রধান শাসনকর্তা ছিলেন। হেয়ার নাহেব প্রায়ই তাঁহার সহিত সাক্ষাৎ করিতে যাই-তেন ৷ প্রস্থাবিত ব্যায়ে এতদ্দেশীয়দিগকে চিকিৎসা-বিদ্যা শিক্ষা দিবার জব্য একটি কলেজ স্থাপন করিবার প্রস্তাব হয়। বেণ্টির এদেশের একজন প্রকৃত হিতৈষী ছিলেন; হেয়ার সাহেব তাঁহার সহিত সম্মিলিত হইয়া, মেডিকেল কলেজ স্থাপন করিবার চেষ্টা করিতে লাগিলেন। কিন্ত এতদেশীয়েরা মৃত দেহ স্পর্ণ বা ব্যবছেদ করিবে কিনা, ত্বিষয়ে অনেকেই मनिशांन इटेलनः চিরম্ভর ধর্ম ছানিব আশঙ্কা করিয়া, কেহ হিন্দুদিগের নিকটে এ বিষয়ের প্রস্তাব করিতেও সাংগী হইলেন না । কিন্তু হেয়ার সাহেবের চেষ্টা ও আগ্রহ অমূলক সন্দেহ বা নামান্ত আশকায় তিরো-

হিত হইল না। এক দিন হেয়ার সাহেব একাস্তে এই
বিষয় ভাবিতেছেন, এমন সময়ে মধুস্থদন গুপ্ত \* তথায়
উপস্থিত হইলেন। হেয়ার সাহেব ভাঁহাকে জিজ্ঞাস।
করিলেন;

"মধু! শবব্যবচ্ছেদের সহজে হিন্দুদের পক্ষ হইতে কি কোন আপত্তি হইবে ?"

মধুস্থদন গঞ্জীরভাবে বিলক্ষণ দৃঢ়তার সহিত উত্তর করিলেন;

''আপত্তি উপস্থিত করিলে পণ্ডিতের। বিচারে তাঁহা-দিগকে পরান্ধিত করিবেন।''

হেয়ারের মুখমণ্ডল প্রসন্ধ হইল, লোচনদর বিক্ষারিত হইরা, হৃদয়ের অনির্বাচনীয় সস্তোষ বাহির করিয়া দিতে লাগিল। হেয়ার প্রফুল্লমুখে কহিলেন;

্ৰামি কল্যই লর্জ বেণ্টিক্কের নিকটে যাইয়া, এ বিষয় বলিব।"

থীঃ ১৮৩৫ অবেদ কলিকাতায় মেডিকেলকলেজ স্থাপিত
হইল । মধুসুদন গুপু প্রথমে শব ব্যবচ্ছেদ করিয়া,
সাধারণের শ্রহ্মাম্পদ হইলেন । তাঁহার প্রতিক্রতি মেডিকেল
কলেজের গৃহ অলঙ্কুত করিল । বংয়ারের উত্তেজনায় অনেক
ছাত্র হিচ্ছুকলেজ ও তাঁহার নিজের স্কুল হইতে মেডিকেল
কলেজে প্রবিষ্ট হইল । হেয়ার এই কলেজের কার্য্য-সম্পাদক হইলেন । তিনি প্রতিদিন অস্থান্য বিদ্যালয়ের স্থায়

ইনি সংস্কৃত কলেজে চিকিৎসাশালের অধ্যাপক ছিলেন।

মেডিকেল কলেজেও আদিয়া, উহার তথাবধান করিতেন।
এতব্যতীত চিকিৎসালয়ে যে সমস্ত রোগী থাকিত, যথানিমনে
ভাহাদের শুশ্রমা করিতেও ক্রাট করিতেন না। কিরুপে
রোগীয়া আরামে থাকিতে পারে, কিরুপে ভাহাদের সমুদ্র
যক্রণার নিবারণ হয়, তৎপ্রতি ভাঁহার বিশেষ যছ ছিল। হয়ার
সাহেব এই সকল কার্য্যে কিছুমাত্র বিচলিত বা অসভ্ত
হইতেন না। তিনি পরের উপকারের জন্য জীবন উৎসর্গ
করিয়াছিলেন, পরের উপকার সাধিত হইলেই জীবনের
সার্থকতা অমুভব করিতেন।

হেরার মেডিকেলকলৈছের জস্ম যে, অকাতরে পরি-শ্রম ও যত্ন করিরাছিলেন, তাহা সকলের জ্বনরেই গালরপে অঙ্কিত ছিল। কলেজ স্থাপিত হওরার কিছুকাল পরে ডাজর ব্রাম্লী সাহেব একটি বক্তার হেরার সাহেবের ঐ সমস্ত গুণের উল্লেখ করেন। তিনি স্পত্নীক্ষরে কহিয়াছিলেন;—

তিয়ার সাতেবের উৎসাই ও সাহায্যে কলেজ অনেক পরিমানে উপ তে ইইয়াছে। কলেজ স্থাপিত ইওয়ার পূর্বে তিনি বভাবসির উদারতা ও কার্য্য-তৎপরতা গুলে যে সকল পরামর্শ দিয়াছেন, তাহাতে অনেক উপকার দর্শিয়াছে। অব্যাপনার সমরে তিনি উপস্থিত থাকিয়া, ছারুদের উৎসাহ রির করিয়াছেন। আমার এক এক সমরে বোধ ইইয়াছে যে, কলেজ রক্ষা করা কঠিন। কিন্তু মহামতি হেয়ার কিছু-তেই বিচলিত হন মাই। তিনি প্রগাঢ় পরিশ্রম স্বীকারপূর্বক কলেজকে সমুদ্র বিশ্ববিপত্তি ইইতে রক্ষা করিয়াছেন। ফলে হেয়ার সাহেবের সাহাধ্য ব্যতীত কথনই এই চিকিৎসা-বিদ্যালয় স্থাপন করা যাইত না। এজন্ত তাঁহার নিকটে আমরা ক্লতজ্ঞতা খীকার করিতেছি।"

ডেবিড হেয়ার স্বদেশীয় ও বিদেশীয়, সকলের এইরপ শ্রদ্ধাম্পদ হইয়াছিলেন, সকলেই সরলভাবে তাঁহার প্রতি এই-রূপ সম্মান ও আদর প্রদর্শন পূর্বক তদীয় অসাধারণ গুণের মর্য্যাদা রক্ষা করিয়াছিলেন।

এই সময়ে আমাদের সমাজে স্ত্রী-শিক্ষার উন্নতির জন্ত विरम्य यु इरेटा थारक। वाक्रामी, देक्र तिक, नकरनरे अरे উদেশ্যে একত্র সম্মিলিত হন। খ্রী: ১৮২০ অব্দের পূর্বের কলিকাতায় 'জুবিনাইল দোনাইটি' নামে একটি সভা প্রতি-ষ্ঠিত হয়। এই সভা স্ত্রী-শিক্ষার ভার গ্রহণ পূর্মক কলিকাতার শ্রামবাজার, জানবাজার ও ইটালীতে এক একটি বালিকা বিতালয় স্থাপন করেন। রাজা রাধাকান্ত দেব দ্রী-শিক্ষার এক জন প্রধান উৎসাহ দাতা ছিলেন। তিনি এই সময়ে। 'खी-निका विधायक" नाटम अक्थानि श्रुष्ठक तठना कतिया, উक्ত गुजाय मान करतन । ये श्रुष्ठरक श्रमनिष्ठ इस या, नाती জাতিকে শিক্ষা দেওয়া উচ্চ শ্রেণীর হিন্দুদিগের চিরন্তন ধর্ম। প্রাচীন সময়ে অনেক নারী সুলিক্ষিতা ছিলেন। এক্ষণে खी-निकात थाछि विस्थय मत्नार्यां मितन आमारमत रमत्यत বিস্তর মঙ্গল হইবে। সভা ঐ পুত্তক মুদ্রিত করিবার সরুল্ল করেন। স্ত্রী-শিক্ষার উন্নতির জন্য সভার চেষ্টা নিক্ষল হয় মাই। ক্রমে স্ত্রীশিক্ষার উন্নতি হইতে থাকে। হেয়ার দাহেব

নিয়মিত রূপে অর্থ দিয়া, সভার সাহায্য করিতেন। বালক-দিগের শিক্ষাকার্য্যের ন্যায় বালিকাদিগের শিক্ষা-কার্য্যের প্রতিও তাঁহার বিশেষ যতু ছিল।

হেয়ার কেবল শিক্ষা-কার্য্যের শৃস্থলা-বিধানেই সময় ক্ষেপ করিতেন না। সে সময়ে আমাদের দেশের মঙ্গলের নিমিত্ত যে যে কার্য্যের অনুষ্ঠান হইত, তৎসমুদ্রেই তিনি লিপ্ত থাকিতেন। প্রসিদ্ধ মিশনরী কেরি ও মার্শমান সাহেব একটি সভা স্থাপন পূর্ব্বক বাঙ্গালা ভাষার উন্নতির নিমিত্ত অনেক চেষ্টা করেন, ডেবিড হেয়ার ঐ সভায় নিয়মিতরূপে চাঁদা দিতেন। যাহাতে সাধারণে স্বাধীনভাবে সংবাদপত্রে লিখিতে পারে, তজ্জভও তিনি অনেক চেষ্টা করেন। কুলীদিগকে তাহাদের বিনা সম্মতিতে অনেক দূরদেশে পাঠান হইত। এইরূপ অনেকগুলি কুলী মরিসস্ দ্বীপে যাইবার জন্ম কলিকাতায় আবদ্ধ ছিল; হেয়ার ঐ বিষয় অবগত হইয়া, পুলিক্ষের সাহায়ে তাহাদিগকে বিমুক্ত করেন।

ডেবিড হেয়ার বলিষ্ঠ, পরিশ্রমী ও মিতাচারী ছিলেন, তাঁহার কিছুই বিলাস-প্রিয়ত। ছিল না; সামান্ত অশন বসনেই তিনি পরিতৃপ্ত থাকিতেন। তিনি আমাদের দেশের সন্দেশ, চন্দ্রপুলি, ডাবের জল ও মদ্গুর মংস্ত বড় ভাল বাসিতেন। আপনার স্থশমুদ্ধির দিকে তাঁহার বড় দৃষ্টি ছিল না। পর্স্থেও তাঁহার স্থ্য ও পরভুংখে তাঁহার ছংখ হইত। তিনি সর্বাদা প্রাচীন আর্য্য ঋষিদিগের মিতাহারের প্রশংসা করিত্ন। হেয়ার সাহেব নিজে যে সকল অর্থ উপার্জ্জন

করিয়াছিলেন, তৎসমুদরই আমাদের দেশের উপকারের নিমিন্ত ব্যয় করেন। তিনি বে ব্রতে দীক্ষিত হইয়াছিলেন, অর্থের অনাটন হইলেও তাহা হইতে কথন শ্বলিত হইতেন না; তাঁহার এক জন হিতৈয়ী বন্ধু চীন দেশে ব্যবসায় করিতেন; তিনি এই বন্ধুরনিকট হইতে অর্থ আনিয়া, আমাদের উপকারার্থে ব্যয় করেন। হিন্দুকলেজের দক্ষিণে ও পশ্চিমে তাঁহার অনেক ভূমিছিল, আমাদের জন্ম তিনি এই সকল ভূমি বিক্রম্ব করিতেও কাতর হন নাই। এইরূপ হিতৈবিতায় তাঁহার ছদয় পরিপূর্ণ ছিল, এইরূপ হিতেবিতা তাঁহাকে পবিত্র জীবনর মহত্ব কার্য্য সাধনে নিযুক্ত রাথিয়াছিল।

হেয়ার প্রতিদিন বেলা দশটার সময়ে পাক্কিতে স্কুল ও কলেজ দেখিতে আদিতেন। তাঁহার পাকি একটা ক্ষুদ্র প্রধালয় ছিল। উহাতে সমুদ্র প্রয়োজনীয় ঔষধই সজ্জিত থাকিত। তিনি স্কুলে আদিয়া, প্রথমে উপস্থিতি ও অনুপস্থিতির বই খানি দেখিতেন। যে যে বালক অনুপস্থিত থাকিত, অবিলম্বে তাহাদের অনুসন্ধানে বহির্গত হইতেন, কেহ বাড়ীতে পাঁড়িত থাকিলে, যথাযোগ্য ঔষধ দিয়া তাহার শুশ্রমা করিতেন। কাহাকেও বাড়ীতে না পাওয়া গেলে সকল স্থানে অনুসন্ধান করিয়া আনিতেন এবং বিবিধ সত্নপদেশ দিয়া, তাহাকে স্ব্যবস্থিত করিয়া ভূলিতেন। এইরূপে তাঁহার অসাধারণ বাৎসল্যে পাঁড়িতগদ চিকিৎসিত ও উচ্ছ্ খল প্রক্রনি কারণাক স্বশ্র্মাল হইত। তিনি ছাত্রদের অমিতাচার

বা ছবিনীত ব্যবহার দেখিতে ভাল বাসিতেন না। ভাঁহার গুণে দে সময়ের বালকদের ঐ সমস্ত দোষ ভিরোহিত হইয়া আইনে। তিনি কখনও কোন অস্তার ব্যবহারের বিবরণ শুনিলে, তৎক্ষণাৎ ভাহার প্রতিবিধান করিতেন। একদা তিনি শুনিতে পাইলেন, কোন ধনীর একটি পুত্র একখণ্ড কাগজে কোন বালকের কুৎসা লিখিয়া, কলেজের গৃহের খামে লাগাইয়া দিয়াছে। হেয়ার রাত্রিতে ঐ সংবাদ পাইলেন। সংবাদ পাইবামাত্র সেই রাত্রিতেই লগ্ঠন হস্তে করিয়া, কলেজে যাইয়া, কাগজখানি ছিল্ল করিয়া ফেলিলেন।

যাহাতে বিভালয়ের ছাত্রেরা উচ্ছু খ্বল প্রকৃতি ধনিসন্তান দিগের সংসর্গে থাকিয়া, ছ্প্ট-স্বভাব না হয়, তৎপ্রতি হেয়ার নাহেবের বিশেষ দৃষ্টি ছিল। তিনি অনেক বালককে অসৎপথ হইতে নিবারিত করেন। যাহারা অসন্মার্গ-গামীছিল, অথবা যাহাদের প্রতি কোনরূপ সন্দেহ জন্মিত, হেয়ার নাহেব সর্বাদা তাহাদের তত্ত্বাবধান করিতেন। তিনি হঠাৎ তাহাদের বাড়ীতে উপস্থিত হইতেন, বাড়ীতে না পাওয়া গেলে, য়েখানে থাকুক, অনুসন্ধান করিয়া তাহাদিগকে আপনার নিকটে আনিতেন। বালকদের প্রতি তাঁহার পুত্রাধিক স্নেহ ছিল। যে সকল বালক অর্থাভাবে পড়িতে পারিত না, তিনি তাহাদিগকে অর্থ দিয়া, বাহাদিগকে অর্প দর্মা, গাহাদিগকে ক্রমন্ত্র দয়া, বিভাভাদের সংস্থানে অসমর্থ, তাহাদিগকে ক্রমন্ত্র দয়া, বিভাভাদ করাইতেন, পটোলডাঙ্গার স্কুল সোসাইটির স্কুলের ছাত্রদের পাঠ্য পুস্তকাদির বয়ে তিনি আপনা হইতে দিতেন।

যাহারা সুশিক্ষিত হইয়া, বিজ্ঞালয় হইতে বাহির হইত, তিনি তাহাদিগকে কর্ম দিয়া, দংসারী করিয়া তুলিতেন। বালক-দিগের পীড়ার সংবাদ যথাসময়ে না পাইলে তাঁহার কোমল হৃদয়ে নিদারুণ কষ্টের সঞ্চার হইত। যথাসময়ে ও যথামিয়মে তাহাদের শুশ্রাষা ও তত্ত্বাবধান করিতে পারিলেই তিনি আপ-নাকে মুখী জ্ঞান করিতেন। আমাদের দেশের প্রতি তাঁহার মমতা ও মেহ এত প্রবল ছিল যে, তিনি ণোক-ছঃখে পীডিত হইলেও সর্বাদা সমাহিত থাকিয়া, আপনার পবিত্র ব্রত পালন করিতেন। স্থদেশে তাঁহার ভ্রাতার মৃত্যু হয়, এই সংবাদ তাঁহার নিকটে আদিলে তিনি গ্লদ্ভালোচনে একটি ছাত্রকে কহি-লেন, তাহার প্রিয়তম জাতা ইহলোক হইতে অন্তহিত হই-য়াছেন। এই কথা বলিবা মাত্র তাঁহার নয়ন্ত্র হইতে বাজ্ব-বারি বিগলিত হইতে লাগিল। তিনি বাষ্পনিরুদ্ধকণ্ঠে কিয়ৎকাল দণ্ডায়মান রহিলেন। তাঁহার তদানীন্তন অবস্থা দেখিয়া, ছাত্রের ক্লায়ে নিদারুণ আঘাত লাগিল, কিন্তু হেয়ার সাহের স্বাভারিক আত্মসংযম-বলে প্রকৃতিস্থ হইলেন। আতৃ-বিয়োগ-শেল তাঁহার হৃদয়ে গাঢরপে বিদ্ধ হইয়াছিল, তথাপি তিনি সর্বাদা সমাহিত-চিত্ত থাকিতেন, ছাত্রেরা বিরক্ত করিলেও হৃদয়ের কোন রূপ চাঞ্ল্য প্রদর্শন করিতেন না।

হেয়ার প্রতিদিন পূর্বাহ্ন ৮টার দ্বনয় গাত্রোখান করিতেন।
রবিবার কি কোন পর্বাহে আমাদের দেশের লোকে তাঁহার
সহিত সাক্ষাৎ করিতে বাইতেন। প্রতিকাল হইতে সন্ধ্যাকাল পর্যান্ত তাঁহার গৃহ দর্শকঞোীতে পরিপূর্ণ থাকিত। অঞ্জ

বয়য় বালকেরা অমানভাবে সহাস্তবদনে তাঁহার নিকট উপস্থিত হইত। তিনি তাহাদিগকে পুতৃ ল প্রভৃতি কীড়ার সামগ্রী ও সচিত্র পুস্তক দিয়া, আমোদিত করিতেন। তাঁহার গৃহ পবিত্র-স্বভাব বালকদিগের ক্রীড়া-ভূমি ছিল। শিশুর অমুত্রময় কমনীয় কান্তি, যুবকের ক্ষ্রৃত্তিশীল তেজস্বিনী লক্ষ্মী, রদ্ধের প্রশাস্তময় সৌম্যভাব, তাঁহার গৃহের অনির্কাচনীয় সৌন্দর্য্য বিকাশ করিত। এইরূপে কোমল প্রাভাতিক লক্ষ্মী, তেজঃপূর্ণ মধ্যাহ্ল-প্রী ও শান্তিময়ী নায়ন্তন শোভায় পুণ্যশীল ডেবিড হেয়ার পুলকিত থাকিতেন, এইরূপে তাঁহার আবাদ-ভূমি নিরন্তর স্বর্গীয় ভাবে পরিপূর্ণ রহিত।

ছাত্রদিগকে পরিষ্কৃত রাখিতে হেয়ার সাহেবের বিশেষ
যত্র ছিল। তিনি প্রতিদিন স্কুলের ছুদীর সময়ে একখানি
তোরালে হত্তে করিয়া, ছারদেশে দণ্ডায়মান থাকিতেন, এবং
ঐ তোরালেহারা ছাত্রদের হস্তপদাদি পরিষার করিয়া
দিতেন। যে সকল ছাত্র অপরিষ্কৃত থাকিত, তাহারা এইরপে
পরিচ্ছর হইতে অভ্যাস করিত। হেয়ার যে সময়ে ও যে
অবস্থাতেই থাকুন না কেন, এতদেশীরদিগের বিপদের সংবাদ
পাইলে কখন স্থাইর থাকিতেন না। একদিন অবিচ্ছির্ম
রাষ্টি ও তংসঙ্গে প্রচণ্ড রাষ্ট্র ইইতেছিল, সন্ধ্যার পর ঝটিকার
বেগ অধিকতর প্রবল হইয়া উঠিল, এম্ন সময়ে সংবাদ আলিল,
বাগবাজারের একটি ছাত্র ছরে সাতিশয় পীড়িত হইয়াছে ।
সংবাদ পাইবামাত্র হেয়ার উবিয়চিত্তে গাত্রোখান করিলেন।
সেই অবিশ্রান্ত রাষ্ট্র ও প্রবল ঝটিকার মধ্যে একখানি সামাক্ত

গাড়ি ভাড়া করিয়া, তিনি বাগবাজারে উপনীত হইলেন, এবং তথার ছুই ঘন্টাকাল পীড়িতের শুল্লাদি করিয়া, বাসায় ফিরিয়া আসিলেন। পূর্বে উক্ত হইয়াছে, হেয়ার বিলক্ষণ বলশালী ছিলেন। তিনি কেবল দৈহিক বিক্রমের উপর নির্ভর করিয়া, অনেক অসম-সাহসিক কার্য্যেও প্রবৃত্ত হইছেন। একদা হেয়ার, স্কুলে বসিয়া আছেন, এমন সময়ে শুনিতে পাইলেন, একজন গোরা কোন ছাত্রের গাড়ি ভাঙ্গিয়া, প্রস্থান করিয়াছে। সমীপবর্তী লোকে কেইই এই গোরাকে ধরিয়ে, খানার পাঠাইয়া দিলেন। অস্ত সময়ে কয়েক জন তন্ধর একটি বালকের আতরণ অপহরণ করিয়া, পলাইতেছিল; হেয়ার উহা জানিতে পারিয়া, গ্লুত করিবার জন্ত তাহাদের অনুসরণ করেন। ইহাতে তন্ধরেরা তাঁহার মন্ডকে গুরুতর আঘাত করে। হেয়ার কিছুদিন এই জন্য শ্যা-শায়ী ছিলেন।

হেয়ার পরের ক্লেশ অথবা অস্থবিধা দেখিতে পারিতেন না। একদা তিনি সন্ধ্যার নমরে বাটাতে বদিয়া আছেন, অবিছিন্ন রাষ্ট ইইতেছে; এমন দময়ে চক্রনেথর দেব \* ভিজিতে ভিজিতে তথার উপস্থিত হইলেন। হেয়ার উহা দেখিয়া, শশব্যক্তে আপনার টেবিলের কাপড় ভাঁহাকে পরিতে দিয়া, তাঁহার আর্জ বন্ধ নিজ হাতে নিংড়াইয়া শুকাইতে দিলেন। অধিক রাত্রিতে রাষ্টি ধরিয়া গেল। হেয়ার

ইনি একলম বিধ্যাও ডেপুটা কলেক্টর ছিলেন। আইনে ইহার পারদর্শিতা
 ছিল। সম্প্রতি ইহার মৃত্যু হইরাছে।

সন্দেশ আনাইয়া, চন্দ্রশেখরকে খাইতে দিলেন। পরে স্বয়ং একগাছি সূত্র যটিধারণ পূর্বক তাঁহাকে সঙ্গে লইয়া, বাড়ীতে রাখিয়া আসিলেন।

ছুগোৎসবের সময়ে হেয়ার নিঃম্ব বালক এবং ভাছাদের মাতা ও ভণিনীদিগকে কাপড় দিতেন। তিনি সমুদয় দরিদ্র ছাত্র এবং তাহাদের ছঃথিনী জননী প্রভৃতির অরদাতা ও মঙ্গল-বিধাতা ছিলেন। কাহারও কোনরূপ কট্ট দেখিলে তাঁহার হৃদরে নিদারুণ কঞ্চের স্থার হইত। একদা একটি অনাথা নারী আপনার পুত্রকে স্কুলে ভর্তি করিবার জন্য তাঁহার নিকটে আইলে। শ্রেণীতে স্থান না থাকাতে, তিনি বিধবার মনোরথ পূর্ণ করিতে অসমত হন। ছঃখিনী ইহাতে নিরুত্র। হইয়া, রোদন করিতে করিতে তাঁহার নিকট হইতে প্রস্থান করে। কিন্তু নিরাশ্রয়া বিধবার রোদন-ধ্বনি হেয়া-রের সহনীয় হইল না। দয়াও উপচিকীর্ষা যেন হক্ত প্রসা-রণ করিয়া, তাঁহাকে বিধবার অঞ্চু মোচন করিতে সঙ্কেত করিল। নিকটে আমাদের দেশীয় একটি ভজ্ল-সন্তান বসিয়া-ছিলেন। হেয়ার তাঁহাকে সঙ্গে লইয়া, ছঃখিনী বিধবার বাদীতে উপস্থিত হইলেন। অনাথা সম্ভানের সহিত আবাস কুটীর হইতে বহির্গত হটুয়া, অবনতমন্তকে ভাঁহার নিকটে मधायमान हरेल। जाहात मूथ हरेए अकृष्टि कथा । विश्वि হইল না, কেবল কপোল রহিয়া বাষ্প্রারি বিগলিত হইতে লাগিল। এই শোচনীয় দুখে হেয়ার সাভিশয় ছু:থিত হই-লেন। যে রূপেই হউক, ছঃ খিনী নারীর কট্ট দর করা একতে

তাঁহার প্রধান কর্ত্তব্য হইয়া উঠিল। তিনি মূহুর্ত্তকাল নিস্তব্ধভাবে থাকিয়া, পরে আন্তরিক স্নেহ-প্রকাশক মধুর স্বরে
অনাথাকে কহিলেন, 'ভদ্রে! রোদন করিও না। আমি
অদ্য হইতে তোমার সন্তানের বিগ্রাশিক্ষার ভার লইলাম।
যাবৎ তোমার সন্তান শিক্ষিত ও উপার্জ্জন-ক্ষম না হয়, তাবৎ
আমি তোমাদের ভরণপোষণের জন্য মাসে মাসে চারিটি
টাকা দিব।' অনাথা দ্রাময় মহাপুরুবের এই বাক্যে পূর্ববৎ
অবিরল ধারায় অঞ্চলাত করিতে লাগিল। ভক্তি ও কৃতজ্ঞতা
যেন তরলিত হইয়া, অঞ্চরপে দেখা দিল। হেয়ার আর সে
স্থানে থাকিলেন না। আশীর্কাদ ও প্রশংসাধ্বনি শুনিবার
পূর্বেই তিনি বিধবার নিকট বিদায় লইলেন।

কিন্তু করুণার এই মোহিনী মূর্ত্তি দীর্ঘকাল রোগ-শোক-দারিদ্রা-পূর্ণ পার্থিব জগতে আপনার শান্তিমরী ছায়। প্রসারিত রাখিতে পারিল না। তুরস্ত কাল আসিয়া উহার শক্রত। সাধিল। হেয়ার ঐহিক জীবনের চরম সীমায় উপনীত হইলেন। ১৮৪২ অন্দের ৩১এ মে রাত্রিতে তাঁহার ওলাউঠা হয়। রোগের প্রারম্ভেই তিনি বুঝিতে পারিয়াছিলেন য়ে, তাঁহার অন্তিমকাল আসর হইয়াছে। এজন্য তিনি পূর্ব্বেই একটি শ্রাধার প্রস্তুত করিয়া রাখিবার জ্বনা, আপনার প্রধান পরিচারকবারা গ্রে সাহেবের নিকটে বলিয়া পাঠান। পর দিন তিনি বেলেস্তারার শ্বালায় অবসর হইয়া পড়েন; ভয়য়য় বাতনা সহিতেনা পারিয়া, চিকিৎসক্দিগকে কাতরভাবে ক্রেন, 'আমাকে শান্তভাবে শান্তিধামে ঘাইতে দাও।'

কিছুক্ষণ পরে তাঁহার শরীর স্তম্ভিত হইয়া আসিল, চকু নিমীলিত হইয়া পড়িল, করুণার মোহিনী মূর্তি রস্ত-চ্যুত কুমুমের নায় স্লান হইয়া গেল। পরহিতৈবী ডেবিড হেয়ার পর দেশের সন্তানদিগকে অপার তুঃখ-সাগরে ভাসাইয়া, লোকাস্তরিত হইলেন।

হেয়ারের মৃত্যু-সংবাদ প্রচারিত হইবা মাত্র সকলেই গ্রে বাহেবের বাদীতে আদিতে লাগিল। দকলের মুখই বিবর্ণ, নকলেই করুণাময় পিতা ও স্নেহময়ী মাতার বিয়োগ নেত্র-জঁলে প্লাবিত; কমে সহজ দহজ লোকের সমাগম হইল। ডেবিড হেয়ারের দেহ স্বাভাবিক বেশে দক্ষিত হইয়া, শবা-পারে স্থাপিত ছিল। অল্পবয়স্ক বালকের সমুখে আনিয়া, নীরবে দণ্ডায়মান হইল এবং নীরবে ও ভক্তিভাবে তাঁহার বদন স্পর্শ করিয়া, বাষ্প্রবারি বিদর্জন করিতে লাগিল। ঐ দিন ্মাকাশমণ্ডল ঘোরতর মেঘে আচ্ছন্ন ছিল, অবিশ্রাস্ত রষ্টি হইতে-ছিল; তথাপি নাধারণে তাঁহার শবের অনুগমন করিতে কিছু-মাত্র কাতর হইল না। ১লা জুন মন্ত্র্যার প্রাক্তালে হেয়ারের দেহ যথানিয়মে হিন্দুকলেজের সম্মুখে সমাহিত হইল। বিজ্ঞা-লয়ের ছাত্রেরা প্রত্যেকে এক একটি টাকা টাদা দিয়া, ভাঁহার সমাধির উপর একটি স্কুশ্র স্তম্ভ নির্মাণ করাইয়া দিল। এই টাকা এত অধিক হইয়াছিল যে, শেষে কতক চাঁদা আদায় করা আরশ্রক হইল না।

আমাদের দেশের রুতবিশ্বব্যক্তিগণ ডেবিড হেয়ারের স্মরণার্থ অর্থ সংগ্রহ পূর্বক তাঁহার একটি প্রস্তরময়ী প্রতিমূর্ত্তি নির্মাণ করেন। এক্ষণে ঐ প্রতিমূর্তি হেয়ার স্থুল ও প্রেসিডেলি কলেজের মধ্যভাগে অবস্থিত রহিয়াছে। প্রতি বৎসর হেয়ার সাহেবের মৃত্যুর দিবদে একট্টি প্রকাশ্য সভার অধিবর্ণন হইয়া থাকে। ঐ সভায় নানাবিষয়ে বক্তা ও হেয়ার লাহেবের গুণোৎকীর্ত্তন হয়। এতব্যতীত হেয়ার লাহেবের নামে একটি দমিতি আছে। ঐ সমিত্রির লাহায্যে মহিলাদিগের পাঠোপযোগী গ্রন্থাদি প্রচারিত্ত হইয়া থাকে। এইয়পে আমাদের স্বদেশীয়গণ অনেক বিষয়ে হেয়ার লাহেবের পবিত্র মাম সংযোজিত করিয়া, আপনাদের আন্তরিক ভক্তি ও রুত্তী-জতা দেখাইয়াছেন।

ডেবিড হেয়ারের চরিত্র অতি মহৎ ও পবিত্রভাবে পরি-পূর্ণ। অপরিনীম দয়া ও প্রগাঢ় সাধুতা তাঁহার পবিত্র জীবনে প্রতিভানিত হইয়াছে। তিনি বিদেশে আদিয়া, বিদেশী লোকের উপকারার্ধ আপনার ধন ও জীবন, দমন্ডই উৎসর্গ করিয়াছিলেন। পরোপকার-কার্য্যে কথনও তাঁহার কোনরূপ বিরাগ দেখা য়য় নাই। তিনি রাঙ্গালীদিগকে যেমন পিতার স্থায় স্থশিক্ষা দিতেন, দেইরূপ মাতার স্থায় প্রহ প্রকাশ করিয়া, তাহাদিগকে সম্প্রীত করিয়া তুলিতেন। খীয় জীবনের মহৎ ব্রত্ সাধনে তাঁহার হদয় কিছুতেই অবসম হইত না, দদ্ভা কিছুতেই প্রতিহত হইত না, এবং গভীর স্থায়-বুদ্ধি কিছুতেই কোন রূপে কলুষিত হইয়া পড়িত না। তিনি ঘড়ির কার্য্য হইতে ক্ষান্ত হইয়া, সামান্তরূপ ব্যবসায় করিতেন। তাঁহার উদ্দেশ্য ছিল, যদি এই ব্যবসায়ে কিছু লাভ

করিতে পারেন, তাহা হইলে তৎসমুদয় পরের উপকারার্থে সমর্পন করিবেন। কিন্তু শেষে তাঁহার সকল টাকা নষ্ট হয়, তিনি ঋণ-জালে জড়িত হইয়া পড়েন। তাঁহার একটি আর্দ্ধ-নির্মিত বাটি ছিল। তিনি সেই বাটিটি কোনজপে গাঁথিয়া, উত্তমর্ণ-দিগকে দিয়া, নিজে এে গাহেবের বাটিতে আনিয়া থাকেন। তিনি আমাদের দেশের এক জন প্রকৃত বন্ধু ছিলেন। এই বন্ধুতা তাঁহার মনিবী প্রকৃতিকে দেবভাবান্বিত এবং হৃদয়কে পবিত্র প্রেমে মধুর করিয়া ভুলিয়াছিল। তাঁহার বড়ে ও আগ্রহে আমাদের দেশে শিক্ষার ভিত্তি দৃঢ়তর হইয়াছে। এই শিক্ষার বলে একলে আমরা প্রকৃত মর্ম্বান্থের অধিকারী হইয়া, সভ্য জগতের নিকটে গৌরব ও সম্মান লাভ করি-তেছি। বৈদেশিক মহাপুরুষ্বের এই পবিত্র হিতৈন্বিতা ও অনবাদ্য প্রেম চিরকাল জীবলোককে মহার্থ ভাবের উপদেশ দিবে।

ভৈবিত হেয়াব নিঃ সার্থভাবে আমাদের দৈশের যে সমস্ত উপকার করিয়াছেন, রাজকীয় কর্মচারিগণ সরলজ্বদেরে তৎসমুদ্র স্বীকার করিয়া সিয়াছেন। শিক্ষা-বিভাগের বিজ্ঞাপনীতে হেয়ার সাহেবের সম্বন্ধে লিখিত আছে:—

হেরার ছোট আদালতের কার্য্য-ভার পাইরা, বিচ্ছালয়ের প্রতি কিছুমাত্র উদাসীস্থা দেখান নাই। তিনি প্রতিদিন স্কুলে যাইরা, সকল বিষয়ের তত্ত্বাবধান করিতেন। যে কোন উপায়ে হউক, ছাত্র ও শিক্ষকদিগের উপকারসাধনই তাঁহার একমাত্র কার্য্য ছিল। তিনি ধীরভাবে ছাত্রদের বক্তব্য শুনিতেন, আমোদের সময় সম্ভুষ্টিতে তাহাদের সহিত সন্মিলিত হইতেন, এবং সম্মেহে তাহাদিগকে নানা প্রকার উপদেশ দিয়া, সম্প্রীত করিয়া তুলিতেন। কেহ শীড়িত হইলে তিনি উষধ লইয়া, তাহার শুশ্রমা করিতে ধাইতেন, এবং কেহ কোন কার্য্যের জন্ম লালায়িত হইলে যথাশক্তি তাহার সাহায্য করিতেন। এইরূপে নকল ছাত্রের প্রতিই তাঁহার পিতৃভাব ছিল; তিনি সকলের মঙ্গলের জন্মই সর্বাদা বত্নশীল ছিলেন। হিন্দু মহিলাগণও তাঁহাকে পিতা অথবা ভাতার স্থায় দেখিতেন, এবং অসঙ্কুচিত চিত্তে তাঁহার সহিত পরামর্শ করিতেন। এই সাধু পুরুষের উদ্দেশ্য সম্বন্ধে তাঁহার। কথনও কোন সন্দেহ করিতেন না। তাঁহাদের সন্থানগণের কল্যানবিধানই যে, ইহাঁর একমাত্র ত্রত, ইহা তাঁহার। বিশেষরূপে হ্রদ্যক্রম করিয়াছিলেন।

"অনেকেই নির্দেশ করিয়া থাকেন যে, হেয়ার যদিও উচ্চ শিক্ষার এক জন প্রধান বন্ধু ছিলেন, তথাপি তিনি হ্বয়ং স্থাশিক্ষিত ছিলেন না। এই নির্দেশ নর্পাংশে সমীচীন নহে। হেয়ার সাধারণতঃ উৎকৃষ্ট শিক্ষা লাভ করিয়াছিলেন। তিনি অনেক বিষয় জানিতেন, সরলভাবে সরল ভাষায়, স্থাকির সহিত নিজের বক্তব্য প্রকাশ করিতে পারিতেন, এবং উৎকৃষ্টরপে প্রশংসা-পত্র ও পত্রাদি লিখিতে সমর্থ হইতেন। অনেক ভাল ভাল গ্রন্থকারের গ্রন্থাদি তাঁহার আয়ন্ত ছিল। কিন্তু তাঁহার শিক্ষা অপেকা তাঁহার সরলতা ও তাঁহার নাধুতা। তাঁহাকে সাধারণের বরণীয় করিয়াছিল।

এতদেশীরগণ কথনও ডেবিভ হেয়ারকে বিশ্বত হইতে পারিবেন না। এক সময়ে ইহারা অব্দ্রু মোচনপূর্বক হৃদরগত শোক প্রকাশ করিতে করিতে সমাধি-স্থলে হেয়ারের অনুগমন করিয়াছিলেন। হেয়ার সাহেবের মৃত্যুর পর হইতে আজপর্যন্ত ইহারা তাঁহার শ্বরণার্থ অনেক বিষয়ে আপনাদের ক্রতক্ষতা প্রদর্শন করিতেছেন। প্রতি বংসর তাঁহার মৃত্যুর তারিথে ইহারা এই উদ্দেশ্যে একটি প্রকাশ্য সভায় সমবেত হন। এই চিরাগত পদ্ধতি ডেবিভ হেয়ারের অল্প গৌরব-কর শ্বরণ-চিহ্র নহে।

আমাদের দেশীয়গণ ডেবিড হৈয়ারকে কথনও বিশ্বত হইতে পারিবেন না। কালের কঠোর আক্রমণে হেয়ারের প্রতিমূর্ত্তির ধ্বংন হইতে পারে, হেয়ারের নমাধি-স্তম্ভ মৃত্তিকার নহিত মিশিয়া যাইতে পারে, কিন্তু তাঁহার পবিত্র নাম এবং তাঁহার পবিত্র চরিত্র কথনও আমাদের দেশীয়দিগের শ্বৃতি-পট হইতে শ্বলিত হইবে না।

## ) ধর্মনিষ্ঠ দেওয়ান র্মিকমল সেন।

সাধনা ও শিক্ষাবলে কিরপ মহৎ কার্যা সম্পাদন করিতে পারা যায়, সাধারণের নিকটে কিরপ শ্রহ্মাম্পদ হওয়া যায়, এবং ছুঃখ ও দারিদ্যের সহিত মহাসংগ্রাম করিয়া পরিশেষে किक्तर्प विषयुक्षी अधिकात्रपूर्वक गारमातिक कष्टे नृत कता যায়, দেওয়ান রামকমল সেনের জীবনী তাহার পরিচয়স্থল। পবিত্র চরিত্রের জন্ম রামক্মল দেন সাধারণের শ্রদ্ধার পাত। কোন বিশ্ববিদ্যালয় তাঁহার শিক্ষা সম্প্রমারিত করে নাই; কোন অধ্যাপকের উপদেশ তাঁহাকে স্থশিক্ষিত ও সুবাবস্থিত করিয়া তুলে নাই, এবং কোন প্রকার সম্পত্তি বা দৌভাগ্য-লক্ষ্মী জীবনের প্রথম অবস্থায় তাঁহার পাথিব বন্ধন সুথকর করিতে অগ্রসর হয় নাই। কিন্তু রামকমল সেন সংসার-ক্ষেত্রে প্রবেশপূর্ব্ধক অনেক বিষয়ে সুশিক্ষিত হইয়াছিলেন। এই ভুয়োদর্শনসম্ভূত শিক্ষা বিত্যালয়ের শিক্ষাকেও অধঃ-ক্রত করিয়াছিল। ক্রমে চরিত্রগুণে তাঁহার খ্যাতি ও নমুদ্দি বাডিয়া উঠে। ফলে শিক্ষা, অধাবদায় ও চরিত্রগুণে রামকমল মেন উনবিংশ শতাশীর এক জন মহৎ লোক বলিয়া পরিচিত। তিনি অতি দরিদ্র অবস্থা হইতে বহু সম্পৃত্তির অধিকারী হন, এবং অতি সামান্ত চাকরী হইতে माधातरात वर्तीय हहेगा, मानवलीला मध्रत करतन ।

চবিশ প্রগণার অন্তঃপাতী গৌরীভা (গরিফা) গ্রামে গোকুলচন্দ্র দেন নামে বৈক্তজাতীয় এক ব্যক্তি বাস করিতেন। পারস্থ ভাষায় তাঁহার বুৎপত্তি ছিল। ইগুলীতে লেরেন্ডা-দারী কার্য্য করিয়া, তিনি মাসে পঞ্চাশ টাকামাত্র উপার্জ্জন করিতেন। ইহাতেই তাঁহাকে পরিবারবর্গের ভরণপোষণ নির্বাহ করিতে হইত। ক্রমে তাঁহার ফান, রামকমল ও রামধন নামে তিনটি পুল্র-সন্তান ভূমিষ্ঠ হয়। মধ্যম পুল্র রামকমল থ্রীঃ ১৭৮৩ অব্দের ১৫ই মার্ক্ত গরিফা গ্রামে জন্মগ্রহণ করেন। গোকুলচন্দ্রের পূর্রপুরুষগণ আপনাদিগকে প্রাসদ্ধি রাজা বল্লাল দেনের বংশোন্তব বলিয়া পরিচিত করিতেন। বৈদ্যগণ এক সময়ে শিক্ষা, স্দাচার ও শাসন-নৈপুণ্যে খ্যাতি লাভ করিয়াছিলেন। অনেক বিষয়ে ইহাঁরা আজি পর্য্যন্ত পবিত্র ইতিহাসের বর্ণীয় হইয়া রহিয়াছেন। বৈত্য-বংশীয় রাজার। এক সময়ে বাঙ্গালার শাসন-ভার গ্রহণপূর্বক যথানিয়মে শাসন-দণ্ড পরিচালনা করিয়াছিলেন। এক্ষণে কোন কোন পণ্ডিত ইহাঁদিগকে ক্ষতিয় বলিয়া প্রতিপন্ন করিবার প্রয়ান পাইতেছেন বটে, কিন্তু ইহাঁরা যে বৈচ্ছ ছিলেন, তৰিষয়ে নাধারণের বিশ্বাদ অভ্যাপি বিচলিত হয় নাই। যাহা হউক, বৈচ্চগণের ভুয়োদর্শন ও পাণ্ডিত্য অনেকের অনুকরণীয়। ইহারা বেমন এক্সেণের স্থায় যজ্ঞ-সূত্র ধারণ করেন, তেমনি একসময়ে শাস্তানুশীলনেও ব্রাহ্মণের ক্ষমতাম্পদ্ধী হইয়া-ছিলেন। ইহাঁরা যথানিয়মে গুরু-গৃহে বাদ করিতেন, यथानियरम চिकिৎना-भाख अध्यनपूर्वक आश्रनारमत हिता- চরিত পদ্ধতি অনুসারে অপরের রোগোপশম-এতে দীক্ষিত হইতেন। ইহাঁদের অনেকে প্রসিদ্ধ গ্রন্থকার হইরা সাধারণের প্রদ্ধাস্পদ হইরা রহিয়াছেন। মাধ্বকর "নিদান" প্রণয়নকরেন, বিজ্বরক্ষিত "বৈদ্যমধুকোষ" প্রচার করেন, বিশ্বনাথ কবিরাজ "নাহিত্য-দর্পণ" রচনা করিয়া যশস্বী হন, চক্রপাণি দত্ত 'চক্রদত্ত' লিপিবদ্ধ করিয়া যান, কবিচন্দ্র "রজাবলী" রচনা করিয়া নাধারণের বরণীয় হন, এবং ভরত মল্লিক তুরুহ সংস্কৃত গ্রন্থের দিকা করিয়া নংস্কৃত বিভাগাদিগের শিক্ষার পথ পরিষ্কৃত করেন। মুসলমানদিগের আধিপত্যের প্রের্ক বৈদ্যগণ বাঙ্গালার অনেক স্থলে বিস্তৃত হইয়া পড়িয়াছিলেন। এই প্রাচীন ও বিখ্যাত বংশে রামকমল সেনের আবির্ভাব হয়।

রামকমলের পিতা তাদৃশ নক্ষতিপন্ন ছিলেন না, স্থতরাং পুলকে যথানিয়মে বিদ্যানিক্ষা করাইতে তাঁহার ক্ষমতা ছিল না। রামকমল প্রথমে শিরোমনি বৈদ্য নামক এক জন শিক্ষকর নিকট সংস্কৃত শিখিতে আরম্ভ করেন। তিনি সর্বাদ গুরুর নিকটে নৃতন পাঠ চাহিতেন। গুরুর এজন্য বিরক্ত হইয়া তাঁহাকে তর্ৎ ননা করিতেন। রামকমল গন্তীরভাবে কহিতেন, 'যাবৎ তৃথি না হয়, তাবৎ মানুষ আহারে ক্ষান্ত হয় না।' রামকমলের জ্ঞানতৃষ্ণা কিরুপে বলবতী ছিল, এবং রামকমল কিরুপ অধ্যবসায়সহকারে নৃতন বিষয় শিখিতে প্রয়ন্ত হইতেন, তাহা এই বাক্যে শাস্ত্র জানা যাইতেছে। এই নম্বের ইক্রেক্টী শিক্ষার অবস্থা তাল ছিল না। যাহা হউক,

রামকমল ইন্স রেজীর প্রতি উদাসীক্ত দেখান নাই। তিনি কলিকাতায় আনিয়া ১৮০১ অব্দে কলুটোলার রামজয় দতের স্কুলে ইসরেজী শিখিতে প্রব্রুত হন। এ সম্বন্ধে রামকমল দেন লিথিয়াছেন, 'আমি এক জীন হিন্দুর স্থাপিত বিদ্যালয়ে ইঙ্গ রেজী অভ্যাদ করি। ঐ বিদ্যালয়ে বালকদিগকে 'ভুতি-নামা' ও আরব্য উপন্যাস পড়িতে ইইত। ব্যাকরণ ও অভি-ধান প্রভৃতি কোন পুঁত্তক প্রচলিত ছিল না।" পূর্বে অধ্যা-পনার অবস্থাও অপরুষ্ঠ ছিল। খ্রীঃ ১৭৮০ অন্দের পূর্বের আমা-দের•দেশে মুদ্রাযন্ত্র স্থাপিত হয় নাই। ১৫০০ অব্দের পূর্বের কেহ কোন বাঙ্গাল। এন্থ রচনা করেন নাই। বৈদ্যবংশীয় ক্রম্পাস কবিরাজ নামক চৈতন্যের একজন শিষ্য ১৫৬৮ অব্দে চৈতন্যের জীবনচরিত প্রণয়ন করেন। এই চৈতন্য-চরিতই বাঙ্গালায় জীবনী-সংক্রান্ত প্রথম প্রস্থি। ইহার পর অন্যান্য গ্রন্থ প্রণীত হয়। পাঠশালার বালকেরা কেবল "গুরুদক্ষিণা" ও শুভঙ্করের গণিত-সূত্র পাঠ করিত। ইহাতে শিক্ষা প্রগাঢ় হইত না। রামকমলের সমকালেও শিক্ষার অবস্থা এইরূপ ছিল। এই নময়ে যেমন ভাল বিদ্যালয় ছিল না, তেমন ভাল পাঠ্য গ্রন্থও প্রচলিত ছিল না। দরিক্রতাহেতু রামকমল গৃহে শিক্ষক রাখিয়াও বিদ্যাশিক্ষা করিতে সমর্থ ছিলেন না। এইরূপে প্রথম অবস্থায় রামকমলের শিক্ষা অসম্পূর্ণ থাকে। এ দিকে রামকমলের কোন সংস্থান ছিল না, স্থতরাং তাঁহাকে শীজ্ঞ উদরান্ত্রের সংগ্রহে প্রবৃত্ত হইতে হয়। রামকমল আপ্-নার পোচনীয় দশার নিকটে মন্তক অবনত করেন, এবং গ্রীঃ

১৮০০ অন্দের ১৯এ নবেঁম্বর মহানগরী কলিকাতায় আপনার ভাগ্যপরীক্ষায় প্রায়ুত্ত হন।

৮১ বংসরের অধিক্রীল গত হইল, একটি সপ্তদশ্বর্ষীয় দরিদ্র ও অসহায় যুবক কলিকাতার জনতামধ্যে ভীষণ मारमातिक मर्थारम खेत्रेख इन। এই नमरस केनिकाला আপুনার প্রাচীনভাব পরিত্যাগ করিয়া, ক্রমে প্রধান নগররূপে পরিণত ইইতেছিল। কলিকাতা ইট্ট ইণ্ডিয়া কোম্পানির একেন্ট জবচারণক সাহেবের প্রয়ন্তে সংগঠিত হয়। ১৬৭৮-৭৯ অব্দে চার্ণক একটি হিন্দু মহিলার পাণিগ্রহণ করেন। ঐ মহিলাকে তিনি সহমরণের অনল-কুও হইতে রক্ষা করি-য়াছিলেন। অবলা পরিত্রাতার চির্মহ্চরী হইবার জন্ম তাঁহার সহিত পরিণয়-মূত্রে আবন্ধ হয়। ১৬৮৮ অব্দে ব্রিটিশ কোম্পানি গোবিন্দপুর, স্থতানুটা ও কলিকতার জমিদারীস্বত্ব ক্র ক্রিবার অনুমতি প্রাপ্ত হন। ১৭০০ অবেদ উহা ক্রীত হয়। ফেয়ালি প্লেস, কষ্টম হাউস ও কয়লাঘাটের নিকটে কোম্পানি আপুনাদের দুর্গ নির্মাণ করেন। কলিকাতার ইদানীম্বন প্রাসাদরাজি ঐ সময়ে জনাগত কালগর্ভে নিহিত ছিল। কর্তিপয় মাটির ঘর ভিন্ন আর কিছুই দেখা যাইত না। **ठाँ मिशान चार्टित मिकिनार्ग मितिष जन्मन ७ जताना जाम्ह** स ছিল। কলিকাভার আয়তন প্রথমে চিৎপুর হইতে কুলী-वाकात वर्गास हिंत, कार्य छैश निभूतिहा, मनका, মিজ্জাপুর, ও হোগলকুঁড়িয়া পর্যন্ত প্রসারিত হইয়া উঠে। এ সময়ে কলিকাভার শেঠ ও বসাক্ষণ সাভিশয় প্রাসিক ও

সম্পতিশালী ছিলেন। ইহাঁরা প্রধানতঃ বাণিজ্যেই লিপ্ত থাকিতেন। এই রাণিজ্যের উদ্দেশে ক্রমে ইউরোপীয়, মোগল ও আর্শ্মানীয়েরা আসিয়া কলিকাতায় স্থান পরিএই করে। কলিকাতা ধীরে ধীরে সংগঠিত ও সমুদ্ধ ইইতে থাকে। ১৭৭৩ জব্দে 'মুপ্রীম কোট' নামক বিচারালয় স্থাপিত হয়। উহার ছই বংসর পরে পুলিস্রিভাগ প্রণালীবদ্ধ হইয়া উঠে। এইরূপে জনেক বিষয়েই কলিকাতার পুর্বভাব পরিবর্তিত হয়, এবং উহা প্রধান রগরের সম্মানিত পদ্ধে অধিরুঁট হইতে থাকে।

কিন্তু কলিকাতার ঐ বাছ উন্নতির নদে রাদে প্রভান্তরীণ উন্নতি হয় নাই। বিজ্ঞানিক্ষার প্রবস্থা কয়েক রংলর
পর্যান্ত প্রপক্ষই ছিল। ১৮১৭ প্রকে হিন্দুকলেজ স্থাপনের পূর্কে
নামান্ত লিখন, পঠন ও গণিতই, নিক্ষার চরম সীমা ছিল।
বাঙ্গালীদিগকে যংলামান্তভাবে ইন্সরেজী নিধিয়া লাহেরদিগের
লহিত কাজে প্রস্তুত হইতে হইত। দেওয়ান রামকমলও
এইরূপে প্রথমে ১৮০২ প্রকের ১০ই ডিলেম্বর ভামে নামক
একজন লাহেবের প্রধীনে কার্য্যে প্রস্তুত হন। এই ভামে
নাহেব কলিকাতার তদানীন্তর প্রধান মাজিস্কেট বাক্কোয়ার
নাহেবের সহকারী ছিলেন। ইহার প্রবর্তী বংলরের ১০ই
ডিলেম্বর রামক্ষল দারপরিগ্রহ করের। প্রবংলরেই রামকমলের পিতা ভাঁহাকে গ্রণমেন্টের সিবিল ইঞ্জিনিয়র রেচিন্
ডেন লাহেবের প্রধীনে কোনরূপ বিষয়কর্মের উমেদার
করিয়া দেন, ১৮০৪ প্রকের রামক্ষল হিন্দুস্থানী মন্ত্রালয়ে বর্ণ-

সংযোজকের (কম্পোজিটরের) কার্য্য-ভার গ্রহণ করেন। ঐ কার্য্যে রামকমলের মানে আটটি টাকা মাত্র আয় হইত। উহার তিন বৎসর পরে তিনি ক্রলিকাতা চাঁদ্রনী চিকিৎসালয়ে কোন কার্য্যে নিযুক্ত হন। খ্রীঃ ১৮১২ অন্দে কোর্ট উইলিয়ম কলেজে কর্ণেল রামদের অধীনে তাঁহার একটি কর্ম হয়। এইরপে রামকমল অতি দামান্ত বেতনে এক স্থান হইতে অন্ত স্থানে কার্য্য করিয়া ১৮১৮ স্মব্দে কলিকাতার 'এলিয়াটিক সোনাইটি<sup>\*</sup> নামক প্রসিদ্ধ সভার এক জন কেরাণী হন। হিন্দুস্থানী যন্ত্রালয়ে কার্য্য করাতে রামকমলের যে আয় ইইত, এই কার্ব্যে তাহা অপেক্ষা চারি টাকা মাত্র অধিক আয় হইতে থাকে। যাহা হউক, রামক্মল দেন এই স্থানে কার্য্য করিয়া প্রান্তির সংস্কৃতশান্তবিৎ ডাক্তর উইলসন্ সাহেবের সহিত বিশেষ পরিচিত হন। উইলস্ সাহেব সাতিশয় গুণ্গাহী ছিলেন। তিনি কখনও গুণের অমর্যাদা করিতেন না। উইলসন্ রামকমলের কার্য্যপটুতা, শ্রমশীলতা ও অসাধারণ চরিত্র-গুণ দেখিয়া, তাঁহাকে আর দীর্ঘকাল ঐ বার টাকা বেতনের সামান্ত কেরাণীগিরিতে রাখিতে ইচ্ছা করি লেন না। তিনি তাঁহার এই যুবক বন্ধুকে গুণানুরূপ উচ্চতর কার্য্যে নিয়োগ করিতে কুন্তদঙ্কল্প হইলেন। অবিলম্বে সমল নিদ্ধ হইল। রামক্ষল কেরাণীগিরি হইতে এনিয়াটিক সোসাইটির সহকারী সম্পাদকের পদে উন্নীত হইলেন। এই কার্য্যে রামক্মলের ভবিষ্য উন্নতির সূত্রপাত হইল। রামক্মল বহকারী সম্পাদকের কার্য্য এমন স্থানিয়মে ও দক্ষতার সহিত্

गम्भन कतितान त्य, जीवातक जात मीर्यकान के जधलन भएन থাকিতে হইল না। তিনি শীত্র এসিয়াটক সোসাইটির একজন সদস্য হইলেন। রামকমল এইরপে উচ্চতর কার্য্যে नियुक श्रेरा नाभितन ; अिं कार्यारे जाशत अधिक-তর ক্ষমতা ও দক্ষতা পরিস্কৃট হইতে লাগিল। তাঁহার নৌজন্ত, দাধুতা ও মদাশয়তা তাঁহাকে কমে উচ্চতর শ্রেণীতে আরোহিত করিল। কয়েক বৎসরের মধ্যেই রামক্মল টাকশালা ও বাঙ্গালা ব্যাঙ্কের দেওয়ান হইলেন। গৌরবাম্বিত উচ্চ পদে নিযুক্ত হওয়াতে তাঁহার আয়ের পথ প্রদারিত হইল, নিজের ও পোষ্যবর্গের চিরস্তন তুর্দশা ঘুচিয়া গেল, এবং তাঁহার আবাস-ভূমি অমৃতময়ী সারস্ভী শক্তির সহিত দৌভাগা-লক্ষীর ক্রীড়াক্ষেত্র হইয়া উঠিল। বিনি নামান্ত বর্ণনংযোজকের কার্য্য করিয়া মানে আটটাকা মাত্র উপার্জন করিতেন, আপনার ক্ষমতা ও অধাবসায়ভূণে তিনি একণে প্রতি মানে ছই হাজার টাকার সংস্থান করিতে লাগি-লেন। কিন্তু এইরূপ পদগৌরব ও আয় বৃদ্ধিত হওয়াতে বামকমল এক দিনের ক্ষমণ্ড কোনরূপ অহস্কার প্রকাশ করেন নাই: সমাজে আপনার সামর্থা বাডিয়া উঠিলেও কোনরপ हिश्म। अक मित्नत कम्र ड जैहात समहा छान भाग नाहे। বর্ণ-সংযোজকের আসনে বসিয়া রামক্মল বৈরূপ বিনীত-ভাবে কার্যা করিতেন, কেরাণীগিরির মদী-ক্ষেত্রে থাকিয়া রামক্মল যেরপ সর্লভা ও সাধ্ভার পরিচয় দিতেন, তুংব দারিদ্রোর কঠোর অক্রিমণে মর্শাহত হইরা, রামক্ষল বেরূপ ঈশ্বরের দিকে চাহিয়া সান্ত্রনা পাইতেন, এক্ষণে বাঙ্গালা ব্যাঙ্কের দেওয়ান হওয়াতে সে বিনয়, সরলতা, সাধৃতা ও ঈশ্বরের প্রতি নির্ভরের ভাব, তাঁহার হৃদয়কে অধিকতর শোভিত করিয়া তুলিল। সম্পত্তিশালী ও অধিকতর ক্ষমতাপর হইলে যাহারা কেবল আত্মসার্থে সংযত হইয়া থাকে, যাহা-দের অর্থ কেবল নিজের ও কুপোষ্যবর্গের বিলাসমুখেই ব্যয়িত হয়, তাঁহাদের নেই সম্পত্তি ও ক্ষমতা দেশের উপকার ও দৌভাগ্যের জন্ম না হইয়া, অপকার ও তুর্ভাগ্যের কারণ इहेशा छेरि । এই महर नजा प्रविद्यान तामकमालत मान দৃঢ়রূপে অন্ধিত ছিল। সমাজে যখন তাঁহার সৌভাগ্য বাড়িয়া উঠিল, প্রতিপত্তি ও সম্রম হইতে লাগিল, তখন তিনি সাধারণের হিতকর নানাপ্রকার কার্য্যে ব্যাপৃত হইলেন। এই সময়ে বিভাশিকার জন্ত, বৈজ্ঞানিক গবেষণার জন্য বা সাধারণের কোনরূপ হিতের জন্য যে সমস্ত সমাজ ছিল, দেওয়ান রামকমল তংস্দ্রদেয়ের সহিতই সংস্কৃত ছিলেন। তিনি প্রাচীন হিন্দুকলেজের সদস্যতহন, সংস্কৃত কলেজের नम्लामरकत कार्या धार्य कतिया, উহার প্রধান পরিচালক হইয়া উঠেন, দাতব্য সমাজের সহকারী অধ্যক্ষের আসন পরিগ্রহ করেন, কলিকাতায় লিকিৎনা-শাস্ত্র অধ্যাপনার জন্য যে সভা সংগঠিত হয়, তাহার একজন সদস্য হন, সাধা-রণ শিক্ষাসমাজের অন্যতম সভ্যের কার্য্য গ্রহণ করেন, স্কুল-বুক নোসাইটি নামক সভার এক জন প্রধান সদস্ভের পদে द्रुष्ठ इम, बदर कृषि-ममारकत महकाती मजाशिष्ठ ए गामनी

চিকিৎসালয়ের অধ্যক হইরা উঠেন। দেওয়ান রামকমল সাধারণের হিতৃক্র ঐ সকল প্রধান প্রধান সমাজের শংস্রবে থাকিয়া উহা সুব্যবন্থিত ও উন্নত করিবার জন্য যথাশক্তি পরিশ্রম ও যতু করিয়াছেন। তিনি নগরের হাস্থ্যের অবস্থা উৎকৃষ্ট করিবার জন্য, সময়ে সময়ে যে সকল স্তুপদেশ দিয়াছেন, তাহা কলিকাতা মিউনিসিপালিটির ইতিহাসে জাজ্বল্যমান রহিয়াছে। রামকমল দাতব্য সমা-জের হত্তে আপনার কিছু মূল্যবান ভূখণ্ড সমর্পণ করেন। এই দকল কার্যাবাতীত রামকমল আর একটি বিষয়ে আপ-নার নাম অক্ষয় ও চিরম্মরণীয় করিয়া রাথিয়াছেন। তিনি আপনার কার্য্য ও সাধারণের হিতকর নানাপ্রকার বিষয়ে ব্যাপ্ত থাকিয়াও ১৮৩০ অব্দে একখানি ইন্দরেজীবাঙ্গালা প্রকাণ্ড অভিধান প্রণয়ন করেন। ঐ অভিধান সাত শত পুষ্ঠায় নমাপ্ত হয়। 'কেও অব ইতিয়া' নামক প্রাসদ্ধ সংবাদপত্রের সম্পাদক পাদরী মার্শমান সাহেব ঐ অভি-ধানের সম্বন্ধে লিখিয়াছিলেন, "এক্ষণে এই শ্রেণীর যে সকল গ্রন্থ আছে, তৎসমুদয়ের মধ্যে উহা সর্বাঙ্গে সম্পূর্ণ ও সমধিক মুল্যবান । উহা তাঁহার পরিশ্রম, অধ্যবসায় ও অভিজ্ঞতার চিরস্থায়ী স্মতিস্তম্ভ। •অতীতকালে উহাছারা তাঁহার নাম জাজ্জলামান থাকিবে। দেওয়ান রামক্ষল কোন বিশ্ববিভা-লয়ে যথারীতি শিক্ষা না পাইলেও আপুনার অধ্যবসায় প্রভাবে কিরপ অভিজ্ঞতা ও ভুয়োদশিতা সংগ্রহ ক্রিয়াছিলেন,তাহা মার্শমান সাহেবের ঐ সমালোচনার পরিস্কৃট হইতেছে।

দেওয়ান রামকমলের হিভৈষিতা কিরুপ বলবতী ছিল, তিনি সাধারণের হিতকর বিষয় সম্পন্ন করিতে কিরপ ভাল বাদিতেন, তাহা তাঁহার প্রতি কার্য্যেই প্রকাশ হইয়াছে। তিনি নানাপ্রকার কার্বো কাপত থাকি-য়াও হদেশের সামাজিক কুপ্রথার উচ্ছেদসাধনে উদাসীন রহেন নাই। কলিকাতার প্রথমে রাজা রামমোহন রায় নতীদাহ ও মরণাপন্ন ব্যক্তিকে গঙ্গাতীরে লইয়া বাওয়ার প্রথার বিরুদ্ধে বমুখিত হন। দেওয়ান রামকমল প্রথমে মরণাপন্ন ব্যক্তিকে গঙ্গায় নিমজ্জন করিবার রীতির বিরুদ্ধে বদ্ধ-পরিকর হইয়া উঠেন। তিনি ঐ প্রথাকে গঙ্গাতীরে মনুষ্যহত্যা করা বলিয়া, উহার বিরুদ্ধপক্ষ সমর্থন করেন। চড়কপাৰ্বণে লোকে আপনাদের অন্ন প্রত্যক্ষের নানা স্থান বিদ্ধ করিত, দেওয়ান রামক্ষণ ঐ প্রথার বিরুদ্ধেও দণ্ডায়-মান হন। স্বয়ং এক জন পরম ভাগবত প্রগাঢ় হিন্দু হইয়াও রামকমল ঐ সকল অন্ধর্ণ্ম-মূলক কুপ্রথার বিরুদ্ধে সমূথিত হইরাছিলেন। এতভারা তাঁহার মার্কিত বুদ্ধি ও উদারতার পরিচয় পাওয়া যাইতেছে।

এইরপে নানাপ্রকার হিতকর কার্য্যে ব্যাপৃত থাকিরা দেওমান রামক্ষল কোন ঐহিক জীবনের চরম সীমার উপনীত হন। অনবরত পরিশ্রমে স্বাস্থ্যতদ হওয়াতে, তিনি তিন স্থাহ ভাগীরথীতে রাম করেন। কিন্তু নদী-মারুতে স্বাস্থ্যের কোনরূপ উৎকর্ম সন্ধ্রিত না হওয়াতে, রামক্ষল শেরে জন্ম-ভূমি গরিকার প্রজ্যাব্রম্ভ রুন। ১৪ বংশর পূর্বে তিনি অতি সামান্ত বেশে ও দীনভাবে ঐ স্থান পরিত্যাগ করিয়াছিলেন; ৪৪ বৎসর পরে তিনি সমুদ্ধ, গৌরবান্বিত ও সাধারণের শ্রদ্ধান্দ হইয়া ঐ বাস-গ্রামে আগমন করেন।
মৃত্যুর তুই দিবস পূর্বে তাঁহার বাক্রোধ হয়। রামকমল
অন্তিম কাল নিকটবর্তী জানিয়া, গরিকায় আসিবার পূর্বে
তুই দিবস কেবল এক ভাবে জপ করেন। ১৮৪৪ অন্দের
২রা আগপ্ত পবিত্র ভাগীরথীর তীরবর্তী গরিকা গ্রামে ৬১
বৎসর বয়নে তাঁহার পরলোকপ্রাপ্তি হয়।

 দেওয়ান রামকমল দেনের মৃত্যু-সংবাদ প্রচারিত হইবা-মাত্র এসিয়াটিক সোসাইটি, কৃষিসমাজ, দাতব্যসমাজ প্রভৃতি কলিকাতার প্রায় সকল সভাই আপনাদের গভীর শোক প্রকাশ করেন। সকলেই দেওয়ান রামকমলের অসাধারণ গুণগৌরবের বিষয় লিপিবদ্ধ করিয়া তাঁহাকে মহী-য়ান করিয়া তুলেন। ফ্রেণ্ড অব ইণ্ডিয়ার তদানীস্তন সম্পা-দক ফুগীয় জন ক্লাক মার্শমান সাহেবের লেখনী হইতে তাঁহার সম্বন্ধে একটা স্থুদীর্ঘ প্রস্তাব নির্গত হয়। মার্শমান সাহেব म्लाक्षेक्रात निश्चिष्ठा जिल्ला. निर्देशिक्ष निर्माण व्याप-নার দেশীয়দিগের মধ্যে জ্ঞানালোক বিস্তারের জন্ম রামকমল নেন যথেষ্ট পরিশ্রম করিয়াছেন ৷ যাহাতে অদেশীয়গণ ইউরোপীয় বিজ্ঞান-শাস্ত্রে স্থপতিত হইয়া উঠে, ত্রিষয়ে তাঁহার বিশিষ্ট যতু ছিল। " ডাকার উইলসন্ সাহের তাঁহার মতাতে গভীর শোক-এন্ত হইরা লিখিয়াছিলেন ; 'যে সকল বিষয়ে আমি এতদেশীয়দিগের সংস্তাবে ছিলাম, সে সকল

বিষয়ে রামক্ষল আমার অন্বিতীর পরামশ্লিতা ছিলেন।
আমি অনেক অংশে ভাঁহার বিচার ও অভিজ্ঞতার উপর
নির্ভর করিয়াছি। সংক্ষেপে, যন্ত্রালয়ে, এসিয়াটক সোসাইটিতে, লিখনপঠনে, টাকশালায়, কলেজে, যে স্থানে ও যে
সময়েই হউক না কেম, আমরা সর্বালা একীভূত ছিলাম।
এই অরুত্রিম সৌহার্দ্ধ ও অভিন্ন-হৃদয়তা আজীবন আমার
স্থাতিতে জাগরুক থাকিবে। আমার এই বন্ধু রামকমল
সেনের সহিত বিছিন্ন হওয়াতে, আমি যেরপত্বঃখিত হইয়াছি,
এরপ হঃখ কলিকাতার অন্ত কোন ব্যক্তির সহিত বিছিন্ন
হইলে হইবে না। \* \* শাবৎ আমার প্রাণবারু বহির্গত
না হইবে, তাবৎ আমি প্রগাঢ় প্রণয়ের সহিত তাঁহাকে স্মরণ
করিব।

দেওয়ান রামকমল সেন আপনার অসাধারণ গুণে এইরূপে বৈদেশিক পণ্ডিতদিগেরও হৃদয় আকর্ষণ করিয়াছিলেন। তিনি ভগবরিষ্ঠ পরম বৈশ্বব ছিলেন। আপনার ধর্মানুমোদিত ক্রিয়াকলাপে তাঁহার আন্তরিক শ্রদ্ধাছিল; তিনি নিয়মিতরূপে একাদশী ও হরিসঙ্কীর্ত্তন করিত্তন। পরিছদে তাঁহার কিছুমাত্র আড়য়র ছিল না। তিনি উন্তিদ্ভোজী ছিলেন। সামান্য অশনবসনেই তাঁহার পরিভৃত্তি হইত। জল ও হুয়, তাঁহার পানীয় ছিল। দীর্ঘনি অক্সং থাকাতে তিনি অক্স পরিমাণে চা পানকরিতেন। শ্রমের সমরে তিনি অপাকভোজন করিতেন। প্রাশ্রম্মণে ও পণ্ডিতদিগের সহিত্ত শাক্ষালাপে অপ্

রাহু কাল অতিবাহিত হইত। শীতকালের রাত্রিতে তিনি আপনার সন্তানদিগকে অগ্নি-কুণ্ডের চারি দিকে বসাইয়া ধর্ম্মোপদেশ দিতেন। তাঁহার পবিত্র জীবন কেবল সরলতা ও আড়ম্বর-শূন্যতার পরিচয়-স্থল ছিল।

রামকমল অতিশয় উদার-প্রকৃতি ছিলেন। কোন রূপ সকীর্ণ মতে তাঁহার বৃদ্ধি কলুমিত ছিল না। এজন্য ভারত বর্ষের গবর্ণর জেনেরল লর্ড উইলিয়ম বেণ্টির, এবং ভাকর উইলেমন, কোলক্রক, লার্ এডওয়ার্ড রায়ান্ প্রভৃতি প্রসিদ্ধ মাননীয় ব্যক্তিগণ তাঁহাকে লাতিশয়,শুদ্ধা করিতেন। ইহাদের সকলের সহিতই তাঁহার বিশিষ্ট দৌহার্দ ছিল। সকলেই সরলভাবে তাঁহার পরামর্শ গ্রহণ করিতেন।

রামকমলের বিশিষ্ট সামাজিকতা ছিল, সকলের মধ্যে যাহাতে সৌহার্দ্ধ ও সমবেদনা জন্মে, তদ্বিষয়ে তিনি ধণোচিত প্রয়াস পাইতেন। প্রতিবৎসর তাঁহার গৃহে প্রায় বার
শত বৈছ একত্র হইয়া জলবোগ করিতেন। তিনি নিজে
যাইয়া ইহাঁদিগকে নিমন্ত্রণ করিয়া আনিতেন।

প্রাচীন সময়ে বাঙ্গালার কতিপয় হিন্দু, অতি হীন
অবস্থা হইতে সমৃদ্ধ ও প্রসিদ্ধ হইরাছেন। নবরুষ্ণ দীন
ভাবে শোভাবাঞ্চারে বেড়াইতেন। রামদ্রনাল দে পাঁচ
টাকা বেতনে মদনমোহন দভের সরকারী করিতেন।
মতিলাল শীল মাসে আট টাকা উপার্জন করিয়া কঠে
কাল কাটাইতেন। রামকমল বর্ণ-সংবোজকের কার্য্য করিতেন। শেষে ইনি আপনার পরিশ্রম ও অধ্যবসায়বলে

স্থাদেশের মধ্যে সর্কোচ্চ আসন পরিগ্রহ করেন। রাম-कमल मात्त भीवनी नकालत आपर्नश्चानीयः, यादश्रु ताम-কমল কোন কলেজে যথারীতি শিক্ষা লাভ করেন নাই; দরিত্রতার সহিত কঠোর সংগ্রাম করিয়া মাসে আটটি টাকা মাত্র উপার্জ্জন করিতেন। পরিশেষে আপনার অনাধারণ পরিশ্রম, চরিত্রগুণ অধাবসায় ও অভিজ্ঞতার সাহায্যে তিনি ঐ মহাসংগ্রামে বিজয়শ্রী অধিকার করেন। তাঁহার উন্নতি ধীরে ধীরে হয় নাই। তিনি পার্থিব সুখ-ভোগের জন্ত আপনার ধন রাশীকৃত করিয়া রাখেন নাই। তাঁহার গুণে यथानियरम थे धरनत नम्याय स्टेशाए । खरम्भीयिनगरक বিজ্ঞানপ্রভৃতি শাস্ত্রে অভিজ্ঞ করিবার জন্ম, তিনি বিশেষ প্রয়াদ পাইয়াছেন। অধিকন্তু নগরের নিরাশ্র ব্যক্তি-দিগের তুরবন্থামোচনে, পীড়িতদিগকে উষধপথ্যদানে, ও স্বাস্থ্যের উৎকর্ষবিধানে তাঁহার যেমন অর্থ ব্যয় হইয়াছে, তেমনি পরিশ্রম ও মনোযোগও দেখা গিয়াছে।

বাঙ্গালীর মধ্যে রামকমল সেন যথার্থ বরণীয় ব্যক্তি। তাঁহার জীবন-রত সকলেরই মনোযোগের সহিত পাঠ করা উচিত। এই জীবন-রতের প্রতি ঘটনায় গভীর উপদেশ পাওয়া যায়। রামকমলের চারি পুক্র-সন্তানের নাম, হরিমোহন, প্যারীমোহন, বংশীধর ও মুরলীধর। ইহাঁরা সকলেই স্থানিক্ষিত ছিলেন। জ্যেষ্ঠ পুক্র হরিমাহন জয়পুরের মহারাজের মিরিম্ব গ্রহণ করেন। তিনি বিশিষ্ট দক্ষতা-সহকারে ঐ কার্য্য নির্কাহ করিয়াছিলেন।

বাক্ষধর্ম্মের উপদেষ্ট। কেশবচন্দ্র দেন রামকমন্সের দ্বিতীয় পুল্ল প্যারীমোহনের তনয়। এক্ষণে দেওয়ান রামকমল দেনের বংশধরগণ কলিকাতার অবস্থিতি করিয়া, ভিন্ন ভিন্ন বিষয়ে আপনাদের দক্ষতার পরিচয় দিতেছেম।

## পরোপকারিণী অবলা

## সারা মার্টিন।

যে গুণ অবলা-কুলের মনোহর ভূষণ, যে গুণে অবলা-কুল মূর্ত্তিমতী পবিত্রতা হইরা, রোগ-শোকময় সংসারে সুখ ও শান্তির রাজ্য বিস্তার করেন, সারা মার্টিন সে গুণে চিরকাল অলক্কত ছিলেন। তিনি দয়া ও পরের উপকারে পৃথিবীতে অক্ষর কীর্ত্তি রাথিয়া গিয়াছেন। নারী-সমাজে প্রায় কেহই তাঁহার ভ্যায় অটল বিখাসের সহিত কার্য্য করিয়া, ছঃখীর ছঃখ মোচন করিতে পারেন নাই, শোকলন্তপ্তকে সাস্ত্রনা দিতে পারেন নাই এবং ছ্রাচার ও উচ্ছ্ ছলদিগকে সং পথ দেখাইতে সমর্থ হন নাই। সারা মার্টিন ছঃখীর স্লেহময়ী মাজাও ছর্ম্ব ভূদিগের হিতকারী উপদেষ্টা ছিলেন। তাঁহার কার্য্যে পবিত্র দেবভাবের পরিচয় পাওয়া যায়। তিনি পরের উপকারের ক্লম্ম ক্লিয়াছিলেন, এবং পরের উপকার করিয়াই আপনার জন্ম বার্থক করিয়াছিলেন।

বিলাতে ইয়ারমাউথ নামে একটে নগর আছে। এই নগরের তিন মাইল দূরে কেই ষ্টার নামে এক খানি পলী গ্রাম দেখিতে পাওয়া যায়। গ্রামের প্রাকৃতিক শোভা সাতিশয় মনোহর। চারিদিকে হরিদর্শ তরু সকল শ্রেণীবদ্ধ রহিয়াছে। উহার পার্শ্বে পার্শ্বে পলবিত লতা-সমূহ অবনত থাকিয়া, রক্ষ-শ্রেণীকে অধিকতর রমণীয় করিয়া তুলিয়াছে। বিহঙ্গকুল এ সকল তরুবরের শাখায় শাখায় বিদয়া, মধুর স্বরে গান করে। সময়ে সময়ে রক্ষ ও লতানিক্ঞ্বের প্রক্ষ্টিত কুস্থম-রাজি গ্রামের অপূর্ব্ব শোভা বিকাশ করিয়া থাকে। গ্রাম খানি যেন প্রকৃতির ক্রীড়াকানন; দূর হইতে দেখিলে উহা শান্ত-রসাম্পদ তপোবন বলিয়া বোধ হইয়া থাকে।

প্রকৃতির ঐ জীড়া-ভূমিতে খ্রীঃ ১৭৯১ অবে দারা মার্টনের জন্ম হয়। দারা মার্টনের পিতা দক্ষতিপদ্ম ছিলেন না, দামান্য ব্যবদায় অবলম্বনপূর্বক সংদার্যাত্রা নির্বাহ করিত্রন। দারা জনক-জননীর একমাত্র দস্তান। কিন্তু তাঁহারা দীর্ঘকাল এই কন্থা-রত্নকে লইয়া, সংদারের স্থথভোগ করিতে পারেন নাই। তুরন্ত কাল আদিয়া, এই স্থখ অপহরণ করে। দারার বাল্যদশাতেই তাঁহার পিতা মাতার মৃত্যু হয়। তদীয় য়ৢদ্ধা পিতামহী তাঁহার প্রতিপালনের ভার গ্রহণ করেন। এই য়ৢদ্ধা দারাকে বড় ভাল বাসিতেন। পিতৃমাতৃ-হীন ছঃখী সন্তান কেবল এই ছঃখিনী নারীর অনুপম্ম বড়ে ও স্লেহে রক্ষিত্ত হইতে থাকে।

বাল্যাবস্থার সারা মার্টিন সাতিশর কোমল-প্রকৃতি ছিলেন। বিনয়, সারল্য ও পবিত্রতার চিহ্ন তাঁহার প্রসন্ন মুখমণ্ডলে নিয়ত বিরাজ করিত। তিনি প্রকৃতির মনোরম শোভা দেখিতে বড় ভাল বাদিতেন, বাদ-গ্রামের রক্ষ বাটি-কায় বসিয়া, বন-বিহঙ্গের স্থললিত গান শুনিতে তাঁহার বড আমোদ জন্মিত। কোমল প্রাকৃতিক দৌন্দর্য্য তাঁহার হৃদয় কোমল করিয়াছিল, পবিত্র কুসুম-স্তবক তাঁহাকে পবিত্রভাবে থাকিতে শিক্ষা দিয়াছিল এবং সরল গ্রামাভাব তাঁহাকে সরলতা দেখাইতে প্রবর্ত্তিত করিয়াছিল। তাঁহার আবাস-কুটীরের নিকটে কোনরূপ বিলাদের তরঙ্গ বা অপবিত্র ভাবের আবিলতা ছিল না। মিগ্ধ ও মধুর প্রকৃতির সহিত দকলই মিঞ্ধতা ও মধুরতায় পূর্ণ ছিল। দারা এই রমণীয় ও পবিত্র স্থানে লালিত হইয়াছিলেন, এই রমণীয় ও পবিত্র ভাব জীবনের প্রথম অবস্থায় তাঁহার স্থদয়ে অঙ্কুরিত হইয়া-ছিল।

পল্লীগ্রামের বিভালয়ে সচুরাচর যেরপ শিক্ষা হইয়া থাকে, সারা মার্টিনের শিক্ষা তাহা অপেক্ষা অধিক হয় নাই। তাঁহার জীবিকানির্বাহের কোন সংস্থান ছিল না; স্কুতরাং অল্প বয়নেই তাঁহাকে বিভালয় ছাড়িয়া, কোনরপ ব্যবসায় অবলম্বন করিতে হইয়াছিল। চৌদ্দ বৎসর বয়সে সারা পরিছেদ-নির্মাণ-প্রণালী শিথিতে আরম্ভ করেন। এক বৎসর ঐ কার্য্য শিথিয়া, তিনি অনেকের বার্টাতে যাইয়া, পরিছেদ য়োগাইতে প্রস্তুত্ত হন। ঐ কার্য্যে বে লাভ হইত, তাহাতেই

কোনরপে তাঁহার ও তদীয় ছংখিনী রদ্ধা পিতামহীর ভরণ-পোষণ নির্মাহ হইতে থাকে। কিন্তু সারা কেবল কাপড় যোগাইয়াই জীবিত কাল নিংশেষিত করেন নাই। যে পবিত্র ও মহৎ কার্যোর জন্য তিনি সাধারণের বরণীয় হইয়া রহিয়াছেন, এক্ষণে সেই কার্য্য করিতে তাঁহার বলবতী ইচ্ছা জন্মিল। তের বৎসর কাল কাপড়ের ব্যবসায় করিয়া, তিনি এই কার্য্যে ব্যাপুত হইলেন। তাঁহার উত্তম ও তাঁহার অধ্যবসায় কিছুতেই অন্তর্হিত হইল না। সুসম্য় সম্মুখবর্তী হইল, নারা অটল বিখাসের সহিত জীবনের মহৎ ব্রতসাধনে উত্তত হইলেন।

ইয়ারমাউথ নগরে একটি কারাগার ছিল। কারাগারে ছুইস্বভাব ক্রেদিগণ অবরুদ্ধ থাকিত। এই সময়ে তাহাদের অবস্থা যারপরনাই শোচনীয় হইয়া উঠে। তাহারা কেবল মারামারি করিয়া, জুয়া থেলিয়া বা পরের কুৎসা করিয়া, সময় ক্ষেপ করিত। মৃত্তিকার অভ্যন্তরে কতকগুলি গৃহ ছিল। ঐ সকল গৃহে পর্য্যাপ্তপরিমাণে সূর্ব্যের আলোক বা বায়ু প্রবেশ করিতে পারিত না; হতভাগ্য অপরাধিগণ ঐ আলোকশূন্য ও বায়ু-শূন্য গৃহে নিরুদ্ধ থাকিত। শীতকালে ঐ সকল স্থানে তাহারা ক্রিদংশে উত্তাপ পাইত বটে, কিছ প্রীম্মকালে তাহাদের যাতনার অবধি থাকিত না। উত্তাপের সময়ে গবাল্ক-রহিত স্বল্পরিসর স্থানে থাকিয়া, ভাহারা নরক-যত্রণা ভোগ করিত। ঐ গোচনীয় স্থানে তাহাদের কেছ শিক্ষাদাতা ছিল না, পবিত্র দিনে সংঘর্ত-চিত্ত

হইয়া কেহ তাহাদের মঙ্গলের জন্য করুণাময় ঈশ্বরের উপা-বনা করিত না। তাহারা ঘোর অন্ধকারময় স্থানে অজ্ঞানের যোর অন্ধকারে আছন্ন থাকিত। তাহারা যে গুরুতর পাপ করিয়া, এই ছুঃসহ যাতনা পাইতেছে, যে পাপ তাহাদের জীবন অপবিত্র ও ভবিষ্য সুখের পথ কন্টকিত করিয়া ভূলি-য়াছে, তাহার জন্য কাতরভাবে অনুতাপ করিতে তাহাদের কখনও প্রবৃত্তি হইত না। পরের অনিষ্ঠ করিলে কি ক্ষতি হয়, ঈশবের মঙ্গলময় নিয়মের বিরোধী হইলে, কতদূর প্রত্য-বার গ্রস্ত হইতে হয়, পবিত্র মানব জীবনের উদ্দেশ্য নষ্ট করিলে কি পরিমাণে যাতনা ভোগ করিতে হয়, তাহা তাহারা বুকিত না। মঙ্গল-বিধাতা ঈশ্বর তাহাদিগকে যে উদ্দেশ্যে প্রথিবীতে প্রেরণ করিয়াছেন, নে উদ্দেশ্যের মহান ভাব হৃদয়-ক্ষম করিতে তাহাদের কোনও ক্ষমতা ছিল না। তাহার। অপবিত্র ভাবে কারাগারে প্রবেশ করিত, এবং দীর্ঘকাল অপবিত্র ভাবে থাকিয়া, অপবিত্র জীবনের অংশ নষ্ঠ করিয়া ফেলিত।

ইয়ারমাউথের কেহই এই শোচনীয় দশা-গ্রস্ত জীব-দিগের মঙ্গল চিন্তা করিত না, কেহই ইহাদের কোনও উপ-কার করিতে যত্নবান্ হইত, না। সকলেই নীরবে ও ধীর-ভাবে ইহাদের ত্রবস্থার বিষয় শুনিত। ইহাদের অবস্থা ভাল করিবার কোন প্রস্তাব উপস্থিত হইলে সকলেই একান্ত অসাধ্য বলিয়া, তাহাতে উপ্সেক্ষা দেখাইত। স্নতরাং ইহারা নিরা-প্রস্তাপ্ত নিংসহায় ছিল। কোনও কর্ণ ইহাদের ব্রুণা শুনিয়া অধীর হইত না, কোনও নেত্র ইহাদের শোচনীয় দশা দেখিয়া, অশ্রুপাত করিত না, এবং কোনও রদনা ইহাদের উপকারের জন্ম দাধারণকে উত্তেজিত করিতে সমূখিত হইত না। এইরূপে হিতৈমী বন্ধু-জন-শূন্ম হইয়া, হতভাগ্য কয়েদিগণ ইয়ারমাউথের অন্ধকারময় গৃহে পড়িয়া থাকিত।

১৮১৯ অব্দের ভাদ্র মাসে একটি নারী কোন গুরুতর অপ-রাধে এই কারা-গৃহে প্রেরিত হয়। এই হতভাগিনীর একটে সন্তান জনিয়াছিল ৷ কিন্তু মাতার কোমলতা বা নির্মাল অপত্য-ম্বেহ অভাগিনীর কঠোর হৃদয়ে স্থান পায় নাই। সে আপনার সন্তানের প্রতি কোনরূপ যত বা মেহ দেখাইত না. এবং স্তম্ম দিয়া তাহার জীবন রক্ষা করিত না। প্রত্যুত নির্দয়-ভাবে তাহাকে নিরন্তর প্রহার করিত। রাক্ষদীর এই অঞ্জত-পূর্ব্ব ব্যবহারে স্নেহময়ী মহিলাদিগের কোমল হৃদয়ে সহজেই ুত্বঃথ, বিন্ময় ও ঘুণার আবির্ভাব হইতে পারে। ইয়ারমাউ-থের অনেক মহিলাই বিশ্বয়ের সহিত মর্ম্মান্তিক জঃখ ও ঘণা প্রকাশ করিয়া, নিরস্ত হইয়াছিলেন। কিন্তু ঐ ঘটনায় একটি ছঃখিনী অবলার কোমল হৃদয়ে নিদারুণ আঘাত দাগিয়াছিল। অবলা কেবল তুঃখ বা দ্বণা প্রকাশ করিয়াই, নির্ভ হইলেন না। যাহাতে অপ্রাধিনীর অন্তঃকরণে অনু-তাপের উদয় হয়, স্বকৃত পাপের প্রায়ন্চিতের পর যাহাতে অপরাধিনী সংপথ অবলম্বন করে, প্রীতিময়ী কামিনীর কম-নীয় ভাব যাহাতে তাহার হৃদয়ে বিকশিত হয়, ইহাই তাঁহার প্রধান লক্ষ্য হইল।। তাঁহার এই লক্ষ্য যেমন উচ্চতর ছিল, দাহন, বতু ও অধ্যবসায়ও তেমনই উচ্চতর হইয়া উঠিল।
ইয়ারমাউথের সকলে বখন ঐ মহৎ কার্য্যে উদাসীন ছিলেন,
তখন এই চিরতু:খিনী নারী কেবল ঈশ্বরের করুণার উপর
নির্ভর করিয়া, অটল সাহসের সহিত কার্য্য-ক্ষেত্রে প্রবেশ
করিলেন।

নার। মার্টিন আপনার কার্যানুরোধে প্রতি দিন আবান-গ্রাম হইতে পদব্রজে ইয়ার্মাউথে আদিতেন, এবং নগরের স্থানে স্থানে বস্ত্রাদি বিক্রয় করিয়া পুনর্কার বাদগ্রামে ফিরিয়া যাইতেন। আপনার ও র্দ্ধা পিতামহীর অন্নংস্থান জন্য এই ছঃখিনী অবলাকে প্রত্যাহ এইরূপ পরিশ্রম করিতে হইত। সারা ইহাতে এক দিনের জন্মও ক্লুব্ধ হন নাই, কিন্তু অন্য একটি বিষয়ের জন্য তাঁহার যারপরনাই ক্ষোভ জন্মি-য়াছিল। তিনি প্রতি দিন বাস্থাম হইতে ইয়ারমাউথে আসিতেন, এবং প্রতিদিন অপরাধীদিগের শোচনীয় অবস্থা দেখিয়া যারপরনাই ক্লেশ পাইতেন। অবলা চিরদিনই প্রীতির পুতলী এবং অবলা চিরদিনই স্নেহ ও দয়ার প্রতিমা। অবলা যখন কোন তুঃখসন্তপ্তকে সুখ ও শান্তির নিকেতনে লইয়া যাইবার নিমিত কোমল হস্ত প্রসারণ করে তখন তাঁহার হৃদয় স্বর্গীয়ভাবে • সহজেই পরিপূর্ণ হইয়া উঠে। সারার হৃদয় এক্ষণে এরপ স্বর্গীয় সৌরভে আমোদিত হই-য়াছিল। নিরুপায় ও নিঃসহায় জীবদিগের কষ্টের একশেষ দেখিয়া, সারা তাহাদের তুরবস্থামোচনের উপায় দেখিতে লাগিলেন। কারাগারে যাইয়া, ঐ হতভাগাদিগের সমক্ষে

উপনীত হইতে এক্ষণে তাঁহার বলবতী ইচ্ছা জন্মিল। তিনি খ্রীঃ ১৮১০ অব্দে লিখিয়াছিলেন, "আমি প্রতিদিন জেলের নিকট দিয়া যাইতাম, প্রতিদিনই আমার ইচ্ছা হইত যে, জেলে যাইয়া কয়েনীদিগকে ধর্মগ্রন্থ পড়িয়া গুনাই। আমি ইহাদের অবস্থা এবং ঈশুরের সন্নিধানে ইহাদের পাপের বিষয় বিশেষরূপে অনুধাবন করিয়া দেখিয়াছিলাম ; ইহারা যেরূপে সামাজিক অধিকার নষ্ঠ করিয়া, সমাজের সহিত সংস্রব-শন্ত হইয়াছে, এবং শান্ত্রীয় উপদেশে যেরূপে অনভিজ্ঞ রহিয়াছে, তাহা আমার অবিদিত ছিল না। আমার দুঢ় বিশ্বাস জন্মি-য়াছিল যে, ধর্মোপদেশই ইহাদিগকে নংপথে আনিবার এক-মাত্র উপায়।" দীর্ঘকাল হইতে সারা এইরূপ আত্ম-প্রতায়ের বশবর্তী হইয়াছিলেন, দীর্ঘকাল হইতে দারার হৃদয়ে এইরূপ সহজ্ঞানের ভাব দুঢ়রূপে অঙ্কিত হইয়াছিল। ইহার পর সারা পূর্ব্বো**ক্ত** কঠোরহৃদ্য়া কামিনীর ঘোরতর অপরাধের বিষয় শুনিলেন। ঐ ঘটনা তাঁহাকে পূর্ব্বরদঙ্কল্প অনু-সারে কার্য্য করিতে অধিকতর উত্তেজিত করিয়া তুলিল। তিনি আট বংদর কাল যে ধারণা পোষণ করিয়াছিলেন. এক্ষণে সেই ধারণা অনুসারে কার্য্য করিতে বিলম্ব করিলেন না। সারা এ সম্বন্ধে লিখিয়াছেন, 'যাবৎ সমুদয় বিষয়ের স্থ-বন্দোবস্ত না হইয়াছে, তাবং আমি এ বিষয়ে কাহারও নিকটে প্রকাশ করি নাই। পাছে সম্বল্পসিরি কোন ব্যাঘাত উপস্থিত হয়, এই আশঙ্কা আমার হৃদয়ে নিরন্তর জাগরুক ধাকিত। ঈশ্বর আমাকে এই কার্য্যে প্রবর্তিত করিয়াছেন,

স্থতরাং আমি ঈশ্বর ভিন্ন আর কাহারও সহিত এ বিষয়ের প্রামর্শ করি নাই।"

সারা মার্টিন এইরপে সিদ্ধিদাতা ঈশ্বরের উপর নির্ভর করিয়া, কার্য্য-ক্ষেত্রে অবতীর্গ হইলেন। তিনি পূর্ব্বোক্ত অপরাধিনীর নাম জানিয়া লইলেন। কিন্তু প্রথমেই কারাগারে প্রবেশ করা ছর্ঘট হইয়া উঠিল। সারা বিনীতভাবে ঐ হানে যাইবার জন্ম অনুমতি প্রার্থনা করিতে লাগিলেন। প্রথমে তাঁহার প্রার্থনা অগ্রাছ হইল। ইহাতে পর-হিতৈমিণী অবলার উদ্যুম বা অধ্যবনায় ভক্ষ হইল না। তিনি পূর্ব্বাপেক্ষা দৃঢ়তার সহিত বিতীয়বার প্রার্থনা করিলেন। এবার তাঁহার আশা ফলবতী হইল। সারা কারাগৃহে প্রবেশ করিলেন।

কারাগারে প্রবেশ করিয়া, সারা মার্টিন কিভাবে সেই কঠোরছদয়া রমণীর সমক্ষে উপনীত হইয়াছিলেন, কি ভাবে তাঁহার অনুপম সদয় ব্যবহার, প্রীতি-পূর্ণ হর ও কমনীয় মুখ-মগুলের প্রশান্ত ভাব অপরাধিনীর কঠোর অন্তঃকরণে নিদারুণ অনুতাপের সঞ্চার করিয়াছিল, তাহা ইয়ারমাউথের ইতিহাসে জাজ্জ্ল্যমান রহিয়াছে। সারা কারাগারের কয়েকটি অন্ধকারময় গৃহ অতিক্রম করিয়া, পূর্ব্বোক্ত অপরাধিনী যে প্রক্রোষ্ঠ থাকিত, তথায় উপস্থিত হইলেন। কারাবন্দিনী তাঁহার সমক্ষে দণ্ডায়মান হইল। অপরিচিতকে সন্মুখে দেখিয়া, তাহার বিন্ময় জন্ময়াছিল; সে কোনও কথা না কহিয়া, স্থির ভাবে রহিল। পরে সারা যথন তাঁহার আসিবার উদ্দেশ্য তাহাকে জানাইলেন,

দে কিরূপ গুরুতর পাপ করিয়াছে, ঈশ্বরের নিকটে ক্ষমা প্রার্থনা করা তাহার কতদূর উচিত, তাহা যথন বুঝাইয়া কহিলন, তথন অভাগিনী স্থির থাকিতে পারিল না। তাহার কঠোর হৃদয় দ্বীভূত হইল, অস্তঃকরণে ঘোরতর অনুতাপ জন্মল; পাশীয়নী এতক্ষণে আপনার পাপের গুরুত্ব বুঝিতে পারিল। সে আর নীরবে থাকিতে পারিল না। অবিরলধারায় অশ্রুপাত করিতে করিতে হিতৈষিণী অবলাকে ধস্তবাদ দিল।

এই সময় হইতে সারা মার্টিন একটি গুরুতর ব্রতে দীক্ষিত হইলেন, এই সময় হইতে তাঁহার কার্য্য অধিকতর বিস্তৃত ও অধিকতর উচ্চভাবে পরিপূর্ণ হইল। যে নির্মাল সরিৎ এত কাল নম্ভীর্ণ কন্দরে আবদ্ধ ছিল, এই সময় হইতে তাহা চারি দিকে প্রদারিত হইয়া, অনুর্ব্বর ভূ-খণ্ডকে ফল-পুষ্পে শোভিত করিতে লাগিল। সারা কারাগারে প্রথমে श्रादम कतियारे. करमिनिरगत निकर्छ रामन मनग्रजाद পরিগৃহীত হইয়াছিলেন, তাহাতে তিনি আশ্বন্ত হইলেন। তাঁহার দৃঢ় প্রতায় জন্মিল, তিনি আপনার সাধনায় সিদ্ধ হইতে পারিবেন। সারা প্রতিদিন পোষাক বিক্রয়ের পর বে সময় পাইতেন, সেই সময়ে কারাগারে যাইয়া, বন্দীদের নিকটে প্রথমে ধর্ম-গ্রন্থ পড়িতে আরম্ভ করিলেন ৷ কিন্তু তাহাদিগকে অনেক বিষয়ে সাতিশয় অনভিজ্ঞ দেখিয়া, যথা-নিয়মে শিক্ষা দিতে তাঁহার ইচ্ছা হইল। তিনি প্রতিদিন যে সময় ব্যয় করিতেন, এই কার্য্যে তাহা অপেকা অনেক

সময় আবশ্যক হইয়া উঠিল, কিন্তু সারা অধিক সময় ব্যয় করিতে কুঠিত ইইলেন না। সপ্তাহের মধ্যে ছয় দিন পোষাকের কাজ করিয়া, এক দিন কয়েদীদিগকে লিখিতে ও পড়িতে শিক্ষা দিতে লাগিলেন। ইহাতে তাঁহার ব্যবসায়ের অনেক ক্ষতি হইল, কিন্তু পরের উপকারের জন্ম, ঐ ক্ষতি তিনি গণনার মধ্যে আনিলেন না। এই হিতৈষিণী নারী কিরূপ উৎসাহের দহিত আপনার কার্য্যে প্রবৃত্ত হইয়াছিলেন, কিরূপ একাগ্রতা তাঁহাকে কর্ত্তব্য-পথে স্থির রাখিয়াছিল, তাহা তিনি সরলভাবে ও সরলভাষায় ব্যক্ত করিয়া গিয়া-ছেন। তাঁহার ঐ প্রাঞ্জল লিপিতে অনেক উপদেশ পাওয়া যায়। তিনি তাঁহার কার্যোর সম্বন্ধে লিখিয়াছেন, "সপ্তা-হের মধ্যে এক দিন পোষাক প্রস্তুত করিবার কাজ হইতে বিরত হইয়া, ঐ সকল কয়েদীদিগের শুক্রাষা করা আমি উচিত বোধ করিয়াছিলাম। ঐ এক দিন নিয়মিতরূপে বায় করা হইত। উহার অতিরিক্ত অনেক দিনও ঐ কার্য্যে অতিবাহিত হইয়াছে। এইরূপে অনেক সময় ব্যয় করাতে অর্থাদির সম্বন্ধে আমি কোন ক্ষতি বিবেচনা করি नारे। क्रेग्रदात जागीकी पा जागि य कार्या क्रिक्टि हिनाम, তাহাতে আমার প্রগাঢ় । বিষয়েছিল।

খ্রীঃ ১৮২৬ অব্দে সারা মার্টিনের রদ্ধা পিতামহীর মৃত্যু হয়। রদ্ধার ধৎকিঞ্জিৎ সম্পত্তি ছিল, তাহাতে বংসরে এক শত টাকা আয় হইত। সারা মার্টিন এক্ষণে ঐ সম্পত্তির অধিকারিণী হইলেন। তিনি যে কার্য্যে প্রবৃত্ত হইয়াছিলেন,

আপনার বাদগ্রামে থাকিয়া, দেই কার্য্য করিবার নানারূপ অমুবিধা দেখিয়া, সারা এখন ইয়ারমাউথে থাকিতে ইচ্ছা করিলেন। নগরের নির্জ্জন অংশে একটি ক্ষুদ্র বাটী ভাড়া করা হইল। সারা পরের উপকার উদ্দেশে জন্ম-ভূমি কেই-ষ্টারের মায়া পরিত্যাগ করিয়া, ঐ স্থানে আসিয়া বাস করিতে লাগিলেন। তিনি যে ব্রতে দীক্ষিত হইয়াছিলেন. ইয়ারমাউথে অবস্থান-কালে অধিকতর মনোযোগ ও অধ্য-বসায়ের সহিত সেই ব্রত রক্ষা করিতে লাগিলেন। এই থানে একটি হিতৈষিণী নারীর সহিত তাঁহার পরিচয় হইল। পরো-পকার-ত্রতে সারার অসাধারণ অধাবসায় ও উৎসাহ দেখিয়া. এই নারী প্রীত হইলেন। সারার কোনরূপ সাহায্য করিতে তাঁহার নিতান্ত ইচ্ছা হইল। তিনি সপ্তাহের মধ্যে এক দিন নারার উপজীবিকার জন্ম পোষাক প্রস্তুত করিতে লাগি-লেন। এদিকে কতিপয় সদাশয় ব্যক্তি কয়েদীদিগের উপ-কারার্থে সারাকে তিন মাস অন্তর এক টাকা চারি আনা করিয়া. চাঁদা দিতে প্রতিশ্রুত হইলেন। সারা এই সামান্ত সাহায্যের উপর নির্ভর করিয়া, সম্বষ্টচিত্তে কার্য্য করিতে লাগিলেন। চাঁদায় যে টাকা পাওয়া যাইত, তন্ধারা তিনি ধর্ম-গ্রন্থাদি ক্রয় করিয়া, কয়েদীদিগকে দিতেন। কারাবন্দি-গণ নারার যতে লিখিতে পড়িতে শিখিয়াছিল; তাহারা নিবিষ্টিচিত্তে ঐ সকল ধর্ম-গ্রন্থ পাঠ করিত। এই নিরুপায় জীবদিগের উপকারের জন্ম সারা প্রতিদিন কারাগারে অনেক সময় অতিবাহিত করিতেন। কিন্তু ইহাতে তাঁহার

বাবনায়ের বড় ক্ষতি হইল; নিরূপিত সময়ে কাপড় না পাও-য়াতে পূর্বতন খরিদার সকল অন্ত লোকের সহিত বন্দোবস্ত করিল। সারা নিদারুণ দৈন্ত-গ্রন্ত হইলেন। তাঁহার যে আয় ছিল, বাটা ভাড়া দিয়া, তাহার কিছুই অবশিষ্ট থাকিত না। স্থতরাং গ্রানাচ্ছাদনের জন্ম সারা সাতিশয় বিত্রত হইয়া পডিলেন। এই সময় তাঁহার নিকট বিষম সক্ষটময় হইয়া দাঁড়াইল। আপনার অবলম্বিত ব্রত পরিত্যাগ করি-বেন, না অন্ন-লালায়িত হইয়া লোকের ছারে ছারে ভিক্ষা করিয়া বেডাইবেন, তিনি এক্ষণে ইহাই চিন্তা করিতে লাগি-লেন। যে সাধনা ভাঁহার হৃদয় দেব-ভাবে পরিপূর্ণ করিয়া-ছিল, যাহার জন্ম তিনি বাল্যের লীলা-ভূমি প্রিয়তম জন্ম-স্থানের মমতা পরিত্যাগ করিয়াছিলেন, সারা এক্ষণে অর-কাতর হইয়া, জীবনের সেই মহৎ দাধনা হইতে বিচ্যুত হই-বেন কি না, ভাবিতে লাগিলেন। কিন্তু প্রহিতৈষিণী অব-লার হৃদয় বহুক্ষণ দোলায়মান হইল না; উহা পূর্ববৎ অটল ও সুব্যবস্থিত রহিল। সারা সাতিশয় তুরবস্থায় পড়িয়াও, আপনার ব্রত পরিত্যাগ করিলেন না। এই সময়ে তিনি লিথিয়াছেন, "যখন আমি কেবল পোষাক প্রস্তুত করিতাম, তথন এই ব্যবসায়ের জন্ম জামাকে অনেক ভাবিতে হইত, ভবিষ্যতের জন্মও আমার অনেক ব্যাকুলতা ছিল; কিন্তু যথন এই ব্যবদায় বন্ধ হুইল, তখন তাহার দক্ষে ভাবনা ও ব্যাকুলতাও অন্তহিত হইয়া গেল। আমি ধর্ম-গ্রন্থে পডি-ग्राष्ट्रि, देशत निक्रशाहरू तका कतिया थारकन। देशत

আমার প্রাক্ত , তিনি কখনও তাঁহার আজ্ঞাবহ ভূত্যকে পরিত্যাগ করিবেন না। ঈশ্বর আমার পিতা , তিনি কখনও
তাঁহার অধম সন্থানকে বিশ্বত হইবেন না। ঈশ্বর তাঁহার
ভূত্যের বিশ্বত্তা ও সহিষ্ণুতা দেখিতে ভাল বাসেন। সারা
মার্টিনের হৃদয় কিরূপ মহান্ ভাবে পরিপূর্ণ হইয়াছিল,
নিঃহার্থ হিতৈষিতা তাঁহাকে কিরূপ পবিত্রতর কার্য্যে নিয়োজিত রাখিয়া, পবিত্রতর আমোদের অধিকারিলী করিয়াছিল,
তাহা ঐ সরল লিপির প্রতি অক্ষরে প্রকাশ পাইতেছে।

তিন বংসর কাল এইরূপ নিঃস্বার্থভাবে ও অকার্তরে পরিশ্রম করিয়া, দারা মার্টিন আপনার কর্ত্তব্য-পথের এক অংশ অতিক্রম করিলেন। যাহারা এত কাল কেবল নিরুষ্ট-তর কার্য্যে ও নিক্লপ্টতর আমোদে লিগু ছিল, তাহার। এক্ষণে শান্ত ও সংযত চিত্ত হইয়া, লেখা পড়া করিত; তাহাদের কঠোর হৃদয় কোমল হইয়াছিল; তাহারা আপ-নাদের পাপের গুরুতা বুঝিয়া, অনুতাপ করিত, এবং ভবিষ্যতের জন্য দর্মদা সাবধান থাকিত। গ্রন্থ অধ্যয়নে, দদালাপে ও উপদেশশ্রবণে তাহাদের সময় অতিবাহিত হইত। তাহারা সরলহদয়ে অঞ্চ-পূর্ণ নয়নে ঈশ্বরের নিকটে স্বরুত পাপের জন্য ক্ষমা প্রার্থনা করিত, এবং প্রতি রবি-বারে সকলে সমবেত হইয়া. শান্তভাবে সেই প্রমারাধ্য দেবতার আরাধনায় নিবিষ্ট হইত। কিন্তু তাহারা এ পর্যান্ত কোনরূপ শিল্প কার্য্যে মনোযোগ দেয় নাই; জ্ঞান ও ধর্মের মহিমায় তাহারা স্থশীল, বিনয়ী ও কোমল-প্রকৃতি

হইয়াছিল, কিন্তু জীবিকা-নির্ম্বাহের উপযোগি কোন কার্য্যে তাহাদের পারদর্শিতা জন্মে নাই। সারা মার্টিন এখন এই বিষয়ের দিকে মনোনিবেশ করিলেন। প্রথমে তিনি কারাগারের নারীদিগকে শীবন-কার্য্য শিক্ষা দিতে লাগি-লেন; ইহার পর তাহারা পিরাণ, কোট প্রভৃতি বিবিধ গাত্রচ্ছদের নির্মাণ-প্রণালী শিখিতে লাগিল। সারা কারা-গারের পুরুষগণের সম্বন্ধেও নিশ্চেষ্ট থাকেন নাই। মহিলা-দিগকে শিক্ষা দিয়া, তিনি পুরুষদিগের নানা প্রকার দ্রবাঁদির নির্দ্ধাণ-কার্য্য পর্য্যবেক্ষণ করিতেন। সারা আপ-নার এই শেষোক্ত কার্য্যের সম্বন্ধে লিখিয়াছেন. "১৮২৩ অব্দে এক হিতৈষী ব্যক্তি আমাকে কারাগারের দাতব্য কার্য্যের জন্ম পাঁচ টাকা দান করেন, সেই সপ্তাহে আমি আর এক জনের নিকট হইতে এই উদ্দেশ্যে দুশ টাকা প্রাপ্ত হই। আমি ভাবিলাম, এই টাকা শিশুদিগের কাপড প্রস্তুত করিবার জনা বায় করিলে ভাল হয়। এই উদ্দেশ্যে কয়েকটি আদর্শ ধার করিয়। আনিলাম। কাপত কিনিয়া কয়েদীদিগকে পোষাক প্রস্তুত করিতে দেওয়া গেল। ইহাতে আমি অনেক ফল দেখিতে পাইলাম। কয়েদীরা শিশু-দিগের কাপড় ব্যতীত কোট পিরাণ প্রভৃতি প্রস্তুত করিতে লাগিল। যে দকল যুবতী কামিনী দেলাই করিতে জানিত না, তাহারা এই সূত্রে উহা শিথিতে লাগিল। পূর্ব্বোক্ত ১৫টি টাকা একটি স্থায়ি মূলধন স্বরূপ হইল; ক্রমে উহা রুদ্দি পাইয়া ৭৭ টাকা হইল, এবং পরে ঐ ৭৭ টাকা চারি হাজার আটের অক্টে স্থান পাইল। কেবল নানাবিধ পোষা-কের বিক্রয়-লব্ধ অর্থ দারাই মূল্ধনের এইরূপ পরিপুষ্টি হইয়াছিল।

করেদীরা টুপী, চামচে ও দীল প্রস্তুত করিত। অনেক যুবক পিরাণ দেলাই করিতে শিথিয়াছিল। আমি আব-শাক দ্রব্যের এক একটি আদর্শ তাহাদের সম্মুখে উপস্থাপিত করিতাম, তাহারা সেই আদর্শের অনুকরণ করিতে বিশেষ চেষ্টা করিত, এবং অনেক সময়ে রুতকার্য্য হইত। এক কি ছুই বৎসর পরে, নকলেই এইরূপে প্রয়োজনীয় দ্রব্যাদির অনুকরণ করিত। এই অনুকরণে বিশিষ্ট চিন্তা ও মনো-যোগ আবশ্যক হইয়া উঠে। কিন্তু কয়েদীরা আপনাদের চিন্তা-শক্তি ও মনোযোগ দেখাইতে কাতর হইত না; সুতরাং তাহাদের সময় নির্কিবাদে ও শান্তভাবে অতিবাহিত হইত।

কারাগারে প্রতি রবিবারে উপাসনার নিয়ম প্রবর্ত্তিত হইয়াছিল। সারা মার্টিন প্রতি রবিবার প্রাতঃকালে কয়েদীদিগের সহিত সম্মিলিত হইয়া একাস্তমনে ঈশ্বরের উপাসনা করিতেন। সন্ধ্যাকালীন উপাসনায় সারা উপস্থিত থাকিতে পারিতেন না; ইহাতে কয়েক দিন ঐ উপাসনার কার্য্য স্থগিত ছিল। ইহার পর ধর্ম-গ্রন্থ পড়িবার ভার সারার হস্তে সমর্পিত হয়। সারা পবিত্র দিনে শাস্তভাবে ও সন্তুষ্ট চিত্তে কয়েদীদিগের সমক্ষে ধর্ম-গ্রন্থ

স্বর কোমল, স্পষ্ট ও শ্রুণতি-মধুর ছিল; করেদীরা এই মধুর স্বরে ঈশ্বরের স্তৃতি-গান শুনিয়া, পরিতৃত্ব হইত। কারা-গারের এক জন পরিদর্শক প্রস্তাবিত উপাসনার এইরূপ বর্ণনা করিয়াছেন:—

<sup>\*</sup>রবিবার, ২৯৩ নবেম্বর, ১৮৩৫—অ**ন্ত প্রাতঃকালে** আমি কারাগারের উপাসনা-স্থলে উপস্থিত ছিলাম। কেবল পুরুষ कायमीता এই উপাদনায় যোগ नियाष्ट्रिन । नशस्त्रत अकृष्टि মহিলা উপাদনার কার্য্য সম্পাদন করেন। ভাঁহার কঠ-ধ্বমি দাতিশয় মধূর, তাঁহার বচন-বিক্তাদ-প্রণালী তেজস্বিনী, এবং তাঁহার ব্যাখ্যা নির্তিশয় সরল ও স্পষ্ট। কয়েদীর। সকলে সমস্বরে ছুইটি সঙ্গীত গান করিল। আমি আমাদের প্রধান প্রধান উপাসনালয়ে সে সকল গান শুনি-ताहि, जे मनीजवश जरममूनश अल्या उरक्र दार इहेन। মহিলা নিজের লিখিত একটি বক্তৃতা পাঠ করিলেন। উহা পবিত্র নীতিতে ও প্রগাঢ় ঐশ্বরিক তত্ত্বে পরিপূর্ণ। ঐ বক্তা শ্রোতাদের বিশেষ. উপযোগী হইয়াছিল। উপাদ-নার সময়ে কয়েদীরা গাড়তর মন: সংযম ও শ্রনা দেখাইয়া-ছিল, এবং যতদূর বিচার করা **साय,** তাহাতে স্পষ্ট বোধ হই-য়াছিল যে, তাহার৷ উহা আপনাদের সাতিশয় মঙ্গলকর विनया विश्वान कतियाष्ट्रित । मक्ताकात्त এই महिना छी-কয়ৌদিগের সম্মুখে ধর্ম-গ্রন্থ পড়িয়া, উপাদনা **করে**ন।"

এইরপে কয়েক বংসরের পরিশ্রমে সারা মার্টিন আপ-নার সাধনায় অনেকাংশে নিদ্ধ হইলেন। তিনি যে উদ্দেশ্যে কারাগারে প্রথম পদার্থণ করিয়াছিলেন, যে উদ্দেশ্যে আপনি बाबांक्रं कहे निश्योद्यितन, तम उपन्या अकेरन मकल इरेल। বংসরের পর বংসর পরিবর্ত্তিত হইতে লাগিল; প্রতি বংসর অভীষ্ট বিষয়ের নৃতন নৃতন ফল দেখিয়া, সারা, ঈশ্বরকে ধন্তবাদ দিতে লাগিলেন। তাঁহার যতে কয়েদীরা নীতি-জ্ঞান লাভ করিল, করুণাময় ঈশ্বরের উপাসনা করিতে শিখিল, এবং নানাপ্রকার শিল্প-কার্য্যে নিপুণ হইয়া, জীবিকা-নির্বাহের পথ পরিষ্ঠ করিয়া তুলিল। পৃথিবীর মনসী ও মহৎ ব্যক্তিগণ যে কার্য্য ত্বংলাধ্য বলিয়া নির্দেশ করিতে-ছিলেন, যে কার্য্য সম্পাদনের উপায় উদ্ভাবনে তাঁহাদের চিন্তা-শক্তি অবসন্ন হইয়া আসিতেছিল, একটি দরিদ্র মহিলা কেবল ঈশবের উপর নির্ভর করিয়া, অটল সাহসের সহিত সেই কার্য্য সম্পন্ন করিতে লাগিলেন। সমস্ত জগৎ বিশ্বিত হইয়া এই মহিলার লোকাতীত উৎসাহ ও অধ্যবসায়ের নিকট মন্তক অবনত করিল। বর্ণনীয় সময়ে কারাগারের দংস্করণ-প্রণালী সুব্যবস্থিত ছিল না, কি উপায়ে হতভাগ্য অপুরাধিগণের চরিত্র সংশোধিত ও অবস্থা উন্নত হইতে পারে তাহা কেহই নির্দারণ করেন নাই; এই সময়ে সার। অপরের নাহাম্য ব্যতিরেকে কার্য্য করিয়া, যেমন কল পাই-য়াছিলে, তাহাতে তাঁহার বিচক্ষণতা ও অধ্যবসায়ের বিভর প্রশংসা করিতে হয়। তিনি যে কার্য্যে হস্তক্ষেপ করিয়া-ছিলেন, তাহা নিঃ যার্থ ভাবে ও বিশিষ্ট মনোযোগের সহিত সম্পন্ন করিতে ক্রটি করেন নাই। তাঁহার কার্য-প্রণালীর সকল ছলেই ভারপরতাও সাধুতার সম্মান রক্ষিত ইইয়াছিল। তিনি অপরের নিকট গৌরব বা প্রশংসালাভের প্রত্যাশার এই ব্রতে দীক্ষিত হন নাই, ক্ষগতে খ্যাতিলাভের বাসনা এক দিনের জন্মও তাঁহার হৃদয়ে স্থান শার নাই। তিনি নির্জন স্থানে নীরবে ও দরিদ্রভাবে কালাতিপাত করিতেন, নীরবে আপনার কার্য্য-প্রণালী নির্দ্ধারণ করিতেন এবং নীরবে ও সাবধানে আপনার সক্ষম্ম অনুসারে কর্ত্তব্য সম্পাদন করিয়া তুলিতেন। হিতৈষিতা এইরপে নীরবে উথিত হইয়া, নীরবে হতভাগ্য জীবদিগকে শান্তির অমৃত-প্রবাহে অভিষিক্ত করিত। এই দরিদ্র মহিলা নীরবে কার্য্য করিয়া, যে মহত্ব দেখাইয়া গিয়াছেন, তাহা অনেকের হউ-কোলাহলময়ী প্রতিপত্তি ও প্রশংসাকে অধ্যক্ষত করিয়াছে।

যে সমস্ত কয়েদী ইয়ারমাউথের কারাগারে অবস্থান করিত, সারা মার্টিন তাহাদের একটি তালিকা রাখিতেন। ঐ তালিকায় কয়েদীদিগের নাম ও তাহাদের অপরাধের বিবরণ প্রভৃতি লিখিত শাকিত। সারার ঐ তালিকায় দেখিতে পাওয়া যায়, য়াহায়া চুরি ও ডাকাইতি বারা সাধারণকে দরিদ্র করিয়া, ভূলিয়াছে, তাহাদের অনেকে ঐ স্থানে আবদ্ধ থাকিত। ভূত্যের তাহাদের প্রতিপালক প্রভুর অনিষ্ট করিয়া, তুশ্চারিণী কামিনীয়া আপনাদের উদ্দাম মনোয়তি সংযত রাখিতে না পারিয়া, এবং বালকেয়া স্বেছ্চারী হইয়া, ঐ ভয়য়র অফকারময় গৃহে প্রবেশ করিত। সারা এই সকল ছুর্মিনীত জীবকে স্বেহাম্পাদ

সন্তানের ফ্রার আপনার তত্বাবধানে আনিয়া, সংপথ দেখাইতেন। এই ছুরিনীত সম্প্রদার সারার চারিদিকে বসিরা
নিবিষ্টিচিতে নীতি করা শুনিত। মূর্ত্তিমতী করুণার এই
মহত্ব কি স্বর্গীর ভাবের পরিচারক! যে বিশ্বাস এইরূপ
নিঃস্বার্থ ভাবের পরিপোষক ও অভিতীয় দৃঢ়তার অবলম্বন,
তাহা পর্বতক্ষেও বিচলিত করিতে পারে এবং যে স্বার্থত্যাগ
এইরূপ উদার নীতির উপরে স্থাপিত, তাহা মানব জাতির
স্বর্গীর আভেরণ বদিয়া, পরিগণিত হইতে পারে।

এই সময়ে সারামার্টিনকৈ অনেক পরিশ্রম করিতে হইয়া-ছিল, অনেক প্রকার চিন্তার তরকে তিনি এই সময়ে নিরন্তর আহত হইয়াছিলেন। এত কাল তিনি কেবল আপনার রুদ্ধা পিতামহীর আসাচ্ছাদনের জন্মই ব্যক্ত ছিলেন, কিন্তু এক্ষণে অনেকগুলি নিঃসহার জীব তাঁহার শিক্ষাধীন হওয়াতে তিনি অনেকের জন্ম ব্যক্ত হইয়া উঠিলেন। কিরূপে ইহাদের উন্নতি হইতে পারে, কিরুপে ইহারা পুনর্কার সমাজের অঙ্গী-ভূত হইয়া, প্রকৃত মনুষ্যত্ব পাইতে পারে, ইহাই তাঁহার প্রধান চিন্তনীয় বিষয় হইল। তিনি প্রতিদিবস কারাগারে ছয় সাজ স্বাধী থাকিয়া, ইহাদের তত্তাবধান করিতেন। ইহারা বে, যথানিয়মে শিক্ষা পাইত, তাহা পূর্বে উল্লেখ করা शिक्राट्ड। मात्रा प्रार्धिन देशामत निका-ध्रगानीत मश्रदक লিখিয়াছেন, "বাহারা পড়িতে জানিত না, আমি তাহাদিগকে পড়িতে উৎসাহ দিতাম; আর সকলে আমার অমুপশ্বিতিতে ভাহামের সহায়তা করিত। ইহারা লিখিতে শিথিয়াছিল;

रेशिनिशत्क य नकन श्रुष्ठक मिख्या यारेख, जनमूनम रहेल्ड ইशाता जातक विषय नकल कतिछ। य नकल कासनी পড়িতে শিখিয়াছিল, তাহারা আপনাদের ক্ষমতা ও রুচি অনুসারে পুস্তক না দেখিয়া, ধর্ম-গ্রন্থের অংশবিশেষ আর্ত্তি করিত। দৃষ্টান্ত স্বরূপ আমিও তাহাদের সম্মুখে ঐরূপে ধর্ম-গ্রন্থের আর্বন্থি করিতাম। উহার ফল অতিশয় সম্ভোষ-জনক হইয়াছিল। অনেকে প্রথমে কহিয়াছিল যে, ইহাতে তাহাদের কোন উপকার হইবে না। আমি উত্তর দিয়াছি-লীম, 'ইহা আমার উপকারে আনিয়াছে, তোমাদের উপকারে আদিবেনা কেন? তোমরা ইহার জন্ম চেষ্টা করিতেছ না. কিন্তু আমি অনেক চেষ্টা করিয়াছি।' শিশু-পাঠ্য ক্ষুদ্র ক্ষুদ্র পুস্তক ও অন্তান্য রহৎ গ্রহৎ গ্রন্থ, দর্ম দমেত চারি পাঁচ খানি, প্রতিদিন গৃহ হইতে গৃহান্তরে প্রেরিত হইত, যাহারা অধিক পড়িতে শিথিয়াছিল, তাহাদিগকে উহা অপেক্ষা ব্লহৎ গ্রন্থ দেওয়া যাইত।"

সারা মার্টিন এইরপে সরলভাবে আপনার কার্য্যপ্রণালীর বর্ণনা করিয়াছেন। এই লিপিতে স্পষ্ট বুঝা যাইতেছে বে, কয়েদীদের কেইই লেখা পড়ায় অবহেলা করিত না। সারার য়েত্র ও আগ্রহে সকলেই •বিছা-শিক্ষায় মনোযোগী ইইড়। যখন ইহারা কারাগৃহে প্রথমে প্রবেশ করিয়াছিল, তখন ইহাদের মূর্ত্তি যেমন ভয়য়য়র, প্রকৃতিও তেমনি কুৎসিত ছিল। ইহাদিগকে সে সময়ে মূর্তিমান পাপ বলিয়া বোধ ইইড়। হিতৈ-বিশী সারা ইহাদের কঠোর হাদয় কোমল্ডায় অলয়ত

করেন এবং কুৎদিত প্রকৃতি অনন্ত সৌন্দর্য্যে শোভিত করিয়া ভূলেন। তিনি সকলের সহিতই সরলভাবে আলাপ করি-তেন, দকলকেই দমান আদরে নীতি শিক্ষা দিতেন, নিরুপম মাত-ম্বেহ সকলের উপরেই সমান ভাবে প্রসারিত হইত; সকলেই তাঁহাকে মাতার স্থায় ভাল বাসিত, এবং দেবীর স্তায় সম্মান করিত। তাঁহার সমবেদনা সার্ব্বজনীন ছিল। তিনি সকলেরই রক্ষণাবেক্ষণ করিতেন, সকলের জন্মই অঞ্-পাত করিতেন, এবং সকলের মঙ্গলার্থেই করুণাময় ঈশ্বরের নিকট প্রার্থনা করিতেন।, তাঁহার চারিদিকে কেবল ছঃখ নীচতা, তুর্বলতা ও বিশ্বাস-ঘাতকতার প্রতিবি<del>ত্</del>ব ছিল। কিন্ত ইহাতে কখনও তাঁহার কোনরূপ অনন্তোষ দেখা যায় নাই। তিনি সম্ভূষ্টিতে ছুঃখিতকে সুখের পথ দেখাইতেন, নীচকে উচ্চতর গুণগ্রামে ভূষিত করিতেন, দুর্বলকে সবল হইতে সাহস, দিতেন এবং বিশ্বাস-ঘাতককে সতুপদেশ দিয়া, পরম বিশ্বস্ত করিয়া তুলিতেন।

প্রতিদিন জেলের কার্য্য শেষ করিয়া, দারা মার্টিন শ্রমজীবীদিগের বিভালয়ে যাইয়া যথারীতি শিক্ষা দিতেন। কিন্তু
তাঁহাকে দীর্ঘকাল ঐ কার্য্য করিতে হয় নাই। দে স্থানে উপযুক্ত শিক্ষকগণ নিযুক্ত হইলে, দারা বালিকা-বিভালয়ে যাইয়া,
শিক্ষা দিতে প্রর্ত্ত হন। রাত্রিকালে ঐ বিভালয়ের অধ্যাপনা
হইত। দারা সপ্তাহের মধ্যে দুই রাত্রি বিভালয়ের কার্য্য করিতেন। ভাঁহার অধ্যাপনা-গুণে ঐ বিভালয়ের বিভর উন্নতি হইয়াছিল। প্রায় চলিশ পঞ্চাশটি বালিকা ভাঁহার নিকটে শিক্ষা পাইত। তিনি সকলকে নীতি-গর্ভ কবিতা পড়াইতেন, এবং গল্পছলে অনেক উপদেশ দিতেন। ধর্ম-গ্রন্থে সারার বিশিষ্ট অধিকার ছিল। তিনি বৎসরে চারি বার অভিনিবেশসহকারে ঐ গ্রন্থ অধ্যয়ন করিতেন। পবিত্র প্রন্থের সমুদ্র উপদেশ ও সমুদ্র কাহিনী তাঁহার কণ্ঠস্থ ছিল। অধ্যাপনার সময়ে তিনি কথা-প্রসঙ্গে ঐ গ্রন্থের সত্রপদেশ গুলি ছাত্রীদের সমক্ষে বিরত করিতেন। সারার উদার উপদেশে বালিকাদের হৃদয়ে যেমন কর্ত্তব্য-বৃদ্ধির আবির্ভাব হইয়াছিল, তেমন অনেক মহন্তর গুণ স্থান পরিগ্রহ করিয়াছিল। অধ্যাপনা শেষ হইলে সারা বিশ্বস্তভাবে সকলের সহিত আলাপ করিতেন। সকলেই তাঁহার নিকটে বসিয়া, মনোরম কাহিনী শুনিত। তিনি কখন গৃহ-ধর্মের উপদেশ দিতেন, কখন ছাত্রীদের অবস্থা শুনিয়া, তাহাদিগকে কর্ত্তব্য-পথ দেখাইতেন, কখন বা দরল ভাষায় পবিত্র ঐশ্বরিক তত্ত্ব বুঝাইয়া, সকলকে আমোদিত করিতেন। সারা কেবল विशालरात भिक्क तिजी ছिलान ना, नकरलत पनिष्ठे वक् अ সকল সময়ে সংপ্রামর্শ-দাত্রীও ছিলেন।

সারা সন্ধ্যাকালে পীড়িত ব্যক্তিদের শুশ্রাষার ব্যাপৃত হইতেন। কারখানা প্রভৃতিস্থলে বেসকল রোগী থাকিত, তিনি যথানিয়মে তাহাদিগকে উষধ ও পথ্য দিতেন। এই-রূপে দিবসে, সায়ন্তন সময়ে ও রাত্রিতে স্লেহময়ী অবলা নিঃ-স্থার্থভাবে কেবল পরের উপকার করিয়াই পরিভৃত্ত থাকি-তেন। নগরের যে সকল সদাশয় ব্যক্তির সহিত সারার আত্মীয়তা ছিল, যাঁহারা সারার কার্য্যের অনুমোদন করিতেন, এবং দর্লহৃদ্য়ে তাঁহার সহিত সমবেদনা দেখাইতেন, সারা সময়ে সময়ে তাঁহাদের গৃহে যাইয়া, পবিত্র আমোদ উপভোগ করিতেন। সারা সমাগত হইলে সেই গৃহে আনন্দ-প্রবাহ উচ্ছ সিত হইয়া উঠিত। কর্ত্তা আহ্লোদের সহিত তাঁহার সম্মুখে আসিতেন, গৃহিণী সমুচিত আদরের সহিত তাঁহাকে গ্রহণ করিতেন, বালকবালিকারা প্রফুল্লনুখে আদিয়া, তাঁহার হস্ত ধারণ করিত; সারা সকলের সহিতই সরলভাবে সম্ভাষণ করিতেন। তিনি কয়েদীদের নির্দ্দিত দ্রব্যাদি সঙ্গে লইয়া যাইতেন এবং প্রতিগৃহে ঐ সকল দ্রব্য দেখাইয়া, যুবতী-দিগকে শিল্পকার্য্যে উৎসাহিত করিতেন। যে সকল পুরাতন বন্ত্র-খণ্ড, কাগজ বা অন্য কোন দ্রব্য গৃহের লোকে অকর্মণ্য ভাবিয়া, দুরে নিক্ষেপ করিত, সারা তৎসমুদ্র চাহিয়া লই-লইতেন; যাহাতে ঐ নকল দ্রব্যের সন্মবহার হয়, তৎপ্রতি তাঁহার বিশেষ মনোযোগ ও যত্ন ছিল। তিনি কোন বস্তুই অকিঞ্চিৎকর ভাবিয়া ফেলিয়া দিতেন না, এবং কিছুই অপ-দার্থ ভাবিয়া, অবজ্ঞার চক্ষে চাহিয়া দেখিতেন না। গৃহি-ণীরা সকল দ্রব্যের সদ্ব্যবহার করিতে শিখেন, ইহা তাঁহার নিতান্ত ইচ্ছা ছিল। তিনি দকল সময়েই তাঁহাদিগকে এবিষয়ে পরামর্শ দান বা অনুরোধ করিতেন। যে সময়ে গৃহে কোন আগন্তুক বা অপরিচিত ব্যক্তি উপস্থিত না থাকিতেন. দে সময়ে সারা বিশ্বস্তভাবে আত্মীয়দিগের সমক্ষে কারাগা-রের বিবরণ প্রকাশ করিতেন। যে সকল অপরাধী তাঁহার তত্ত্বাবধানে রহিয়াছে, তিনি তাহাদের সুব্যবস্থার সম্বন্ধে কথন আশা প্রকাশ করিতেন, কথনও বা নিরাশার অন্ধকারে আছুর হইয়া পড়িতেন। প্রীতি-ভাঙ্গন আত্মীয়ঙ্গনের নিকটে তিনি কোন কথাই গোপনে রাখিতে ইছা করিতেন না; সরলভাবে সরল ভাষায় প্রকৃত বিষয় কহিয়া, সকলকেই আপনার স্থমতঃখের অংশী করিতেন। এইরূপ সরল ও প্রিত্র গোষ্ঠী-কথায় সারার সায়ন্তন সময় অতিবাহিত হইত।

দারার আবাস-বাদীতে কেইই ছিল না। তিনি প্রতিদিন গৃহে চাবি দিয়া, আপনার দৈনন্দিন কার্য্য করিতে বাহিরে যাইতেন। পবিত্র কর্ত্তব্য সম্পাদনের পর ক্রিরা আসিলে কেইই তাঁহার সভাজন করিত না, কেইই গৃহ-কার্য্যে তাঁহার সাহায্য করিতে উদ্যুত হইত না। সারা আপনার গৃহে একাকিনী থাকিতেন। তিনি একাকিনী গৃহ হইতে বহির্গত হইতেন এবং একাকিনী গৃহে ফিরিয়া আসিয়া, স্বহন্তে সমুদয় কার্য্য করিতেন। সারা এই গৃহে আপনার কার্য্য-প্রণালী ও কয়েদীদিগের সমুদয় বিবরণ, এবং আয়ব্যয়ের সমস্ত হিসাব যত্তের সহিত রাখিতেন। বহুকাল এগুলি সারার গৃহে স্বত্তের রক্ষিত হইয়াছিল। এক্ষণে উহা ইয়ারমাউথের একটি সাধারণ প্রস্তকালফে বহিয়াছে।

দারা মার্টিন এইরপে প্রত্যাহিক কার্যা নির্বাহ করি-তেন, এইরপে দকল দময়ে ও দকল ছানে তাঁহার কর-ণার পবিত্র দৌন্দর্য্য বিরাজ করিত। তাঁহার আয় যৎসামান্য ছিল; উহাতে অতি কটে তাঁহার তরণপোষণ নির্বাহ হইত। ইয়ারমাউথের অন্ধকারময় কারাগার-বাদী ব্যক্তিগণ অপেকা তাঁহার অবস্থা বড় ভাল ছিল না। কিন্তু ইহাতে তিনি এক দিনের জনাও কাতরতা দেখান নাই। তাঁহার হৃদয় পবিত্র অধ্বরিক চিন্তায় নিরম্ভর প্রাসন্ন থাকিত। তিনি বিপ-মের নাহায্য করিয়া, পবিত্র সন্তোধ-সাগরে নিরন্তর নিময় থাকিতেন। নগরের কোলাহল তাঁহার গৃহে উপস্থিত হইত না, কোন রূপ জনতা তাঁহার গৃহের শান্তিভঙ্গ করিত না। তাঁহার গৃহ নীরব ও নির্জ্জন ছিল। সারা এই নিজ্জ্জন স্থানে একমাত্র ঈশবের অসীম করুণার উপর নির্ভর করিয়া থাকিতেন। নির্জন স্থানে থাকাতে তাঁহার কোনরপ আশস্কা উপস্থিত হইত না। তিনি সর্বাশক্তিমানু পিতার নিকটে আছেন ভাবিয়া, আশ্বন্ত হইতেন, এবং দর্শ্বনজিমানু পিতা বিপদে তাঁহাকে রক্ষা করিবেন ভাবিয়া, সর্বাদা সম্ভষ্ট থাকিতেন। সুতরাং নির্জ্জন-বাদ তাঁহার শান্তিদায়ক ছিল। তিনি কার্য্য-ক্ষেত্রের নানাপ্রকার বিদ্ব-বিপত্তিকর নংগ্রামে বিজয়-জ্রী অধিকারপূর্বক ঐ স্থানে আদিয়া, ঈশ্বরের স্তৃতিগানে শান্তি লাভ করিতেন।

ঐ নির্জ্জন স্থানে শান্তি-মুখের মধ্যে পর-হিতৈনিণী অব-লার পবিত্র জীবন-স্রোতঃ অনন্ত স্থায় প্রবাহে মিশিয়া যায়। খ্রীঃ ১৮৪৩ অব্দের ১৫ই অক্টোবর, বায়ায় বৎসর বয়নে সারা মার্টিনের মৃত্যু হয়।

সারা মার্টিন মহিলা-কুলের আদর্শ-ছল। তাঁহার করুণ। বেমন অজুল্য ছিল, সাহসও তেমন অসাধারণ ছিল। তিনি व्यवना-ऋपरात व्यक्ति विशेष इहेशा, य नकल प्रदेश कार्या मण्यत করিয়া গিয়াছেন, অনেক দাহদ-সম্পন্ন পুরুষেও তাহা করিতে পারেন নাই। ঈশ্বরের প্রতি নির্ভরের ভাব তাঁহাকে সকল সময়েই দুঢ়-প্রতিজ্ঞ ও অধ্যবসায়-সম্পন্ন করিয়া রাখিত। আপনার অসাধারণ ক্লতকার্য্যভায় তিনি কখনও গর্ব্ব প্রকাশ করিতেন না। তাঁহার মুখ-মণ্ডল দর্মদা বিনয় ও শীলতায় শোভিত থাকিতে। তিনি যাহাতে হস্তক্ষেপ করিতেন. তাহাই অবলা-স্থলভ ধীরতা ও নম্রতার সহিত সম্পন্ন করিয়া ডুলিতেন। তাঁহার কোমল প্রক্লতি কখনও অরুতজ্ঞতায় কলুষিত হইত না এবং তাঁহার অসামান্ত দয়াও কখন পক্ষ-পাতের ছায়া স্পর্শ করিত না। তিনি সকল সময়েই নিম্পাপ ও নিজনক ছিলেন। সকল সময়েই পবিত্রতার কমনীয় কান্তি তাঁহাকে গৌরবান্বিত করিয়া রাখিত। তিনি ইয়ার-মাউথের প্রায় দকল স্থানেই যাইতেন। নগরের দৌন্দর্য্য উপভোগ করা তাঁহার উদ্দেশ্য ছিল না, আত্মস্রথের উপায় উদ্ধাবন করাও তাঁহার অভিপ্রায় ছিল না; তুঃখীর তুঃখ-মোচন করাই তাঁহার একমাত্র উদ্দেশ্য ছিল। তিনি শোক ও যাতনার পরিমাণ করিতেন, ছুংখের দীমা নিদ্ধারণ করিতেন এবং অশান্তির কারণনির্দেশে ব্যাপ্তত হই-তাঁহার কল্পনা ঐ সমস্ত সন্তাপকে দূরীভূত করিবার উপায়নিদ্ধারণে নিযুক্ত থাকিত। ভাঁহার কার্য্য-প্রণালী সর্বাংশে নৃতন ছিল; উহার সকল স্থলেই তীক্ষ প্রতিভা ও পবিত্র হিতৈষিতার চিহ্ন দক্ষিত হইত। भी

কার্য্য-প্রণালী একটি প্রধান আবিষ্ক্রিয়। দয়ার শাসন অক্ষ্র রাখিবার উহা একটি প্রধান উপায়। সারা মার্টিনের জীবন-চরিত সকলেরই মনোযোগের সহিত অধ্যয়ন করা উচিত। কামিনীর কোমল হৃদয়ে এই পবিত্র জীবনের প্রতি ঘটনা দূঢ়রূপে অঙ্কিত করিয়া রাখা কর্ত্তবা। সারা মার্টিন সমস্ত পৃথিবীর নিকটে প্রকা ও প্রীতি পাইবার যোগ্য। দয়া, ধর্ম ও পরোপকারে তিনি আপনার সমকালীন সকল ব্যক্তিকেই অতিক্রম করিয়াছেন। হাউয়ার্ড \* প্রভৃতি হিতৈষিগণ যে গুণে স্মরণীয় হইয়াছেন, এই চিরছঃখিনী অবলায় সে গুণের কোনও অভাব ছিল না

\* জন হাউয়ার্ড ১৭২৬ জীঃ অবেদ ইঙ্গুলণ্ডের অন্তঃপাতী হাক্নে নামকন্থানে জন্মগ্রহণ করেন। তৃমিকস্পে নিস্বন নগরের কিন্তুপ অবহান্তর ঘটয়াছিল, তাহা দেখিবার জন্ত হাউয়ার্ড ১৭৫৬ অবেদ তথার যাইতেছিলেন, ঘটনাক্রমে তাহাদের জাহাজ ক্রান্তে নীত হয়। হাউয়ার্ড করাসীদেশের কারগারে অবক্ষ হন। কারাগারের দূবিত প্রণালীপ্রযুক্ত এই সময়ে কয়েদীদিগকে যাতনার একশেষ ভূগিতে হইও। হাউয়ার্ডকেও নানা বন্ধ্রণাতোগ করিতে হয়। এই অবধি হাউয়ার্ড কারালয়ের দূবিত প্রণালীর সংকার করিতে দৃঢ়প্রতিজ্ঞ হন। তিনি মুক্তিলাভ করিয়া, বদেশে আসিয়া এবিবরে আন্দোলন উপস্থিত করেন। হাউয়ার্ড ইউয়োপের প্রধান প্রথমন নগরের কারাগার দেখিরা কয়েদীদিগের শ্বেহা বর্ণনা করেন। তিনি লোক-হিতেবী ছিলেন। সংকামক রোগাক্রান্তিদিগকেও নিজে দেখিতে ক্রেটি করিতেন না। এক সময়ে হাউয়ার্ড একটি সংকামক জ্বরেরাগীকে দেখিতে গমন করেন। ইহাতে তাহারও প্রবাগ জয়ে। উহাতেই ১৭৯০ অকে তাহার মৃত্যু হয়।

## স্বদেশহিতৈষী, প্রকৃত সংস্কারক

## মহাত্মা রাজা রামমোহন রায়।

যখন ভারতে মুদলমানদিগের প্রতাপ তিরোহিত হয়, ইঙ্গরেজের আধিপত্য যখন ভারতের নানা স্থানে বন্ধমূল হইতে থাকৈ, প্রথম গবর্ণর জেনেরল ওয়ারেণ হােষ্টংল যখন ইঙ্গরেজ কোম্পানির অধিক্বত জনপদের শালনকার্য্যে ব্যাপুত হন, তখন বাঙ্গলায় একটি মহামনস্বী মহাপুরুষের আবির্ভাব হয়। ইনি বাল্যকালে নানা বিদ্যা শিক্ষা করিয়া, নানা শাস্ত্রপাঠে ভূয়োদশিতা সংগ্রহ করিয়া, এবং নানা স্থান পরিজ্ঞমণ পূর্বক নানা সম্প্রদারের সহিত আলাপ করিয়া, জ্ঞানের গভীরতায়, দূরদশিতার মহিমায় ও সৎকার্য্যের গুরুতায় লমগ্র ভারতে অবিতীয় লোক বলিয়া প্রসিদ্ধ হন। এই অবিতীয় মহাদপুরুষের নাম রামমোহন রায়।

যথন মোগল সম্রাট আওরঙ্গজেব দিল্লীর সিংহাসনে অধিষ্টিত ছিলেন, তথন রুষ্ণুচন্দ্র বন্দ্যোপাধ্যায় নামক একজন বিফুভক্ত ব্রাহ্মণ মুর্যিদাবাদের নবাবসরকারে কার্য্য করিয়া, "রায়" উপাধি প্রাপ্ত হন। রুষ্ণচন্দ্র মুর্যিদাবাদ জেলার অন্তঃ-পাতি শাঁকাসা গ্রামে বাস করিতেন। ঘটনাক্রমে তিনি শাঁকাসা গ্রাম পরিত্যাগ পূর্বক হুগলী জেলার অন্তর্গত

রাধানগর গ্রামে আসিয়া বাস করেন। ক্লফচন্দ্রের তিন পুদ্র, অমরচন্দ্র, হরিপ্রদাদ ও ব্রজবিনোদ। কনিষ্ঠ ব্রজবিনোদ, নবাব দিরাজউদ্দৌলার আধিপত্যকালে মুর্ষিদাবাদে কোন প্রধান রাজকীয় কার্য্যে নিযুক্ত ছিলেন। শেষে, তিনি কর্ম্ম পরিত্যাগ পূর্বক স্বীয় বাসগ্রাম রাধানগরে আসিয়া, জীবনের ক্লবর্শিষ্ট সময় অতিবাহিত করেন। ব্রজবিনোদ, যেরূপ সম্পত্তিশালী, সেইরূপ দেবভক্ত ও পরোপকারী ছিলেন। দেবসেবায় ও পরোপকারে তিনি আপনার উপাজ্জিত অর্থ ব্যয় করিয়া, সন্তুষ্ট থাকিতেন।

ব্রজবিনাদ রায় নানাবিধ সৎকার্য্য করিয়া ক্রমে জীবনের শেষ দশায় উপনীত হইলেন। কথিত আছে, তিনি অন্তিম কালে গঙ্গাতীরত্ব হইয়াছেন, এমন সময়ে শ্রীরামপুরের নিকটবর্ত্তি চাতরা গ্রামনিবাদী শ্রাম ভট্টাচার্য্য নামক একটি ব্রাহ্মণ ভিক্ষার্থী হইয়া তাঁহার নিকটে আদিলেন। আসরমৃত্যু ব্রজবিনোদ ভিক্ষার্থী ব্রাহ্মণের প্রার্থনা পূরণ করিতে প্রতিশ্রুত হইলেন। তথন শ্রাম ভট্টাচার্য্য, ব্রজবিনোদের কোন একটি পুল্রের দহিত তাঁহার কন্থার বিবাহ দিবার প্রার্থনা জানাইলেন। ব্রজবিনোদ রায় পরম বৈষ্ণব ছিলেন। এদিকে শ্রাম ভট্টাচার্য্য প্রগাঢ় শান্ত, স্মৃতরাং তাঁহার প্রার্থনা পূর্ণ করিতে, ব্রজবিনোদের সহজেই অসম্মতি হইবার সস্তাবনা ছিল। কিন্তু দেবভক্ত ব্রজবিনোদ রায় অন্তিমকালে ভাগীর্থীতীরে প্রতিজ্ঞা করিয়াছেন যে, তিনি শ্রাম ভট্টাচার্য্যের প্রার্থনা পূর্ণ করিবেন, স্মৃতরাং কোন রূপ

অসম্বৃতি প্রকাশ না করিয়া, আপনার পুত্রগণের প্রত্যেককে, অভ্যাগত ব্রাহ্মণের ছুহিতা গ্রহণ করিতে অনুরোধ করিলেন। তাঁহার দাত পুত্রের মধ্যে ছয় জন পিতার ঐ অনুরোধ রক্ষা করিতে অসমত হইলেন। পরিশেষে, পঞ্চম পুত্র, রামকান্ত রায় আহ্লাদের সহিত পিতৃসত্যপালনে প্রতিশ্রুত হইলেন। অবিলম্বে পরম বৈঞ্ব ব্রজবিনোদ রায়ের পুত্র বামকান্তের সহিত, শক্তিমতাবলম্বী শ্রাম ভটাচার্ধ্যের ছহিতা ফুলঠাকুরাণীর পরিণয়কার্য্য সম্পন্ন হইল। এই রামকান্ত ও क्नेठोकुतानी महाजा ताजा तामरमाहन तारात कनक ७ जननी। খ্রীঃ ১৭৭৪ অব্দে পিতৃনিবাসভূমি রাধানগর গ্রামে রাম-মোহন রায়ের জন্ম হয়। রামমোহন ব্যতীত জগন্মোহন নামে রামকান্তের আর একটি পুত্রসন্তান ছিল। রাম-মোহনের একটি বৈমাত্রের জাতার নাম রামলোচন। জগুমোহন ও রামলোচন, উভয়েই রামমোহনের বয়োজ্যেষ্ঠ ছিলেন।

রামমোহনের মাতা কুলঠাকুরাণী স্বামীগৃহে আদিয়া
বিষ্ণুমন্ত্রে দীক্ষিতা হইয়াছিলেন। তাঁহার স্বভাব নাতিশয়
পবিত্র ও ধর্মনিষ্ঠা নাতিশয় বলবতী ছিল। সদ্গুণে, সদাচরণে সংকাব্যসম্পাদনে ভিনি রমণীকুলের বরণীয়া ছিলেন।
তাঁহার ধর্মালুরাগ, দেবসেবার জন্ম স্বার্থত্যাগ ও সর্বপ্রকার
কষ্টসহিষ্ণুতা এরপ প্রবল ছিল যে, তিনি শেষাবস্থায় যখন
জগয়াবদর্শনে যাত্রা করেন, তখন সঙ্গে একটি দাসীও
লইয়া যান নাই, হঃখিনীর স্থায় পদবক্ষে বহুদ্রবর্তী আক্রিক্তের

উপনীত হন। মৃত্যুর পূর্বে এক বংসর কাল তিনি প্রত্যহ সম্মার্কনী দারা জগনাধদেবের মন্দির পরিকৃত করিতেন। জননীর এইরূপ অসাধারণ ধর্ম্মনিষ্ঠায় রামমোহনের হৃদয় অসাধারণ ধর্ম্মভাবে পরিপূর্ণ হইয়াছিল। মাতার সংকাষ্যে ও সাধু দৃষ্টান্তেই রামমোহনের ভাবী সৌভাগ্যের স্থ্রপাত হয়।

বিষ্ণুমন্ত্রে দীক্ষিতা হওয়ার পর, রামমোহনের মাতার বৈষ্ণব ধর্ম্মে কিরূপ শ্রদ্ধা ছিল, তৎসম্বন্ধে একটি স্থন্দর গল্প আছে। একদা ফুলঠাকুরাণী কনিষ্ঠ পুত্র রামমোহনকে নকে লইয়া পিতৃগৃহে গিয়াছিলেন। এই সময়ে এক দিন শ্রাম ভটাচার্য্য ইপ্তদেবতার পূজা করিয়া রামমোহনের হত্তে দেবতার নির্ম্মাল্য বিজ্ঞদল সমর্পণ করেন। ফুলঠাকুরাণী আসিয়া দেখিলেন, রামমোহন সেই বিলপত চর্কণ করিতে-ছেন। দেখিয়া, ফুলঠাকুরাণীর বড় ক্রোধ হইল। তিনি পিতাকে তিরস্কার করিতে করিতে পুজের মুখ হইতে বিশ্ব-পত্র ফেলিয়া, তাহার মুখ ধৌত করিয়া দিলেন। ছহিতার তিরস্কারে ও পবিত্র নির্ম্মান্যের অবমাননায় শ্রাম ভটাচার্য্যের কোধের আবিভাব হইল। কোধের আবেগে ভটাচায্য क्छारक এই विनया অভিশাপ किलन य, ' छूटे यक्ष অবজ্ঞার দহিত আমার পূজার পবিত্র বিল্পত্র ফেলিয়া দিলি, নেইরূপ তোর শাস্তি হইবে। ভূই কখনও এই পুত্র লইয়া সুখী হইতে পারিবি না, কালে এই পুত্র বিধর্মী হইবে। পিতার মুখে এই ঘোরতর অভিশাপবাক্য শুনিয়া ফুলঠাকু-

রাণী বড় ক্ষুন্ন হইলেন। শাপুমোচনের জন্য কাতরভাবে পিতার চরণ ধরিয়া কাঁদিতে লাগিলেন। তন্যার কাতরতায় শ্রাম ভটাচার্য্যের ক্রোধ দূর হইল। তিনি সম্বেহে ফুলঠাকু-রাণীকে কহিলেন "আমি যাহা কহিলাম, তাহা কখনও নিক্ষল হইবে না, তবে তোমার এই পুত্র রাজপূজা ও অসা-ধারণ লোক হইবে। 'কথিত আছে, ফুলঠাকুরাণী শৃশুরালয়ে যাইয়া স্বামীকে পিতৃশাপের বিষয় কহেন। রামকান্ত ও ফুলঠাকুরাণী, উভয়েই উহাতে বিশ্বাস করিয়া, আপনাদের চিরাচরিত ধর্ম-পদ্ধতিতে পুত্রকে আস্থাবান করিবার জন্ম, যত্ত্ব করিতে থাকেন। তাঁহাদের এই প্রয়াস প্রথমে বিফল হয় নাই। অল বয়দেই বৈষ্ণবধর্মে রামমোহনের প্রগাঢ় শ্রদার দ্বার হয়। আপনাদের দেবতা রাধাগোবিন্দ বিগ্র-হের প্রতি তিনি যারপরনাই ভক্তি দেখাইতেন এবং যারপরনাই ভক্তিনহকারে আপনাদের ধর্মসম্মত ক্রিয়া কাণ্ড নির্দাহ করিতেন। কথিত আছে, তিনি ভাগ-বতের এক অধ্যায় পাঠ না করিয়া জলগ্রহণ করিতেন না। রামকান্ত ও ফুলঠাকুরাণী তনয়ের এইরূপ ধর্মনিষ্ঠা ও কৌলিক ক্রিয়ায় আন্থা দেখিয়া প্রীত হইলেন। পুত্র যে, কালে আপনবংশের ধর্মপদ্ধতি পরিত্যাগ করিবে, এ ছুশ্চিস্তা তাঁহাদের মনে উদিত হইল না।

রামমোহন প্রথমে গুরু মহাশয়ের পাঠশালায় বিভাশিক্ষা করিতে প্রয়ন্ত হন। তাঁহার স্মৃতিশক্তি অনাধারণ ছিল। অনাধারণ স্মৃতিশক্তির সুহিত অনাধারণ বুদ্ধির সংযোগ থাকাতে তিনি অল্প আয়াদে ও অল্প সময়েই অনেক বিষয় শিখিতে সমর্থ হইয়াছিলেন। এই সময়ে পারসী ও আরবী ভাষাতেই প্রায় সমূদয় কার্য্য নির্কাহ হইত। স্কৃতরাং ঐ তুই ভাষা আয়ত্ত করা, শিক্ষার্থীদিগের প্রধান কর্ত্তব্যের মধ্যে পরিগণিত ছিল। রামমোহন পিতৃগৃহে পারস্থ ভাষা শিখিতে আরম্ভ করেন। শেষে পিতা তাঁহাকে পারসী ও আরবীতে ব্যুৎপদ্ম করিবার জন্য পাটনায় পাঠাইয়া দেন। এই সময়ে রামমোহনের বয়ন বার বৎনর। রামমোহন দাদশবর্ষবয়দে পাটনায় যাইয়া আরবী শিখিতে প্রস্তুত্ত হন, এবং তিন বৎনর কাল তথায় অবস্থিতি করিয়া ইউক্লিডের জ্যামিতি ও কোরাণ প্রভৃতি প্রধান প্রধান আরবী গ্রন্থ অধ্যয়ন পূর্ব্ধক উক্ত ভাষায় ব্যুৎপত্তি লাভ করেন।

ইহার পর রামকান্ত পুত্রকে সংস্কৃত নিখাইবার জনা, কাশীতে পাঠাইয়া দেন। রামমোহন কাশীতে উপস্থিত হইয়া বিশেষ মনোযোগের সহিত সংস্কৃত শান্ত্র অধ্যয়নে প্রবৃত্ত হইললেন। ক্রমে বেলাদি গ্রন্থ তাঁহার আয়ন্ত হইল। প্রগাঢ় বুদ্ধি ও অসীম স্মৃতিশক্তিতে তিনি প্রাচীন আর্য্যপ্রমিদিগের নিরূপিত ব্রক্ষজান হৃদয়ঙ্গম করিলেন। রামমোহন অল্প সময়ের মধ্যে এইরপে শান্ত্রপারদর্শী হইয়া গৃহে প্রত্যাগত হইলেন। এই সময় হইতে তিনি ধর্মসম্বন্ধে নানা চিন্তা করিতেন। প্রচলিত ধর্মপদ্ধতির সম্বন্ধে তাঁহার মনে গুরুতর সন্দেহ উপস্থিত হইত। শিক্ষা তাঁহার অন্তঃকরণ প্রশন্ত করিয়াছিল তিনি আরবী ভাষায় মুসলমানদিগের ধর্মগ্রন্থ অধ্যয়ন

করিয়াছিলেন, মৌলবীদিগের দহিত আলাপ করিয়া মুসল-মানধর্মের অনেক নিগৃঢ় তত্ত্ব হৃদয়ঙ্গম করিয়াছিলেন, কাশীতে যাইয়া বেদাদিশান্ত্রে স্থপণ্ডিত হইয়াছিলেন। এখন মুসলমান-শান্তের একেশ্বরবাদে ও প্রাচীন হিন্দুশান্তের ব্রহ্ম-জ্ঞানে তাঁহার পূর্ব্বমন্ত পরিবর্ত্তিত হইতে লাগিল। তিনি ক্রমে পৌতলিকতার বিরুদ্ধবাদী হইয়া উঠিলেন। রামকান্ত ও ফুলঠাকুরাণী পুত্রকে ভিন্নপথবর্তী হইতে দেখিয়া, তুঃখিত হইলেন। পিতা রামমোহনকে অনেক বুঝাইলেন, কিছ তাহাতে রামমোহনের মত পরিবর্তিত হইল না। পিতা পুত্রে মধ্যে মধ্যে তর্কবিতর্ক হইতে লাগিল। এই সময়ে রামমোহনের বয়স ধোল বংসর। রামমোহন এই বয়সেই "হিন্দুদিগের পৌতুলিকধর্মপ্রণালী" নামে একথানি গ্রন্থ রচনা করেন। এই গ্রন্থে পৌতলিকতার বিরুদ্ধে অনেক কথা লিখিত হয়। পুলের এইরূপ ব্যবহারে রামকান্তের হৃদয়ে আঘাত লাগিল। রামকান্ত পুত্রের উপর বড় বিরক্ত হইয়া উঠিলেন। বিরাগের আবেগে তাঁহার কোধ প্রবল হইল। রামমোহন গৃহ ইইতে নিকাশিত ইইলেন।

রামমোহন যোল বংশর বয়দে গৃহ হইতে তাড়িত হইলা, ভারতবর্ষের নানাস্থান প্রিভ্রমণে উন্থত হইলেন। তিনি বিভিন্ন প্রদেশের ধর্মগ্রন্থ পড়িবার জন্ম নানা ভাষা শিথিয়া-ছিলেন। ইহাতে তাঁহার অভীষ্ট সিদ্ধির পথ সুগম হইল। তিনি ক্রমে হিমালয় অতিক্রম পূর্বক তিব্বত দেশে উপস্থিত হইলেন। এই সময়ে বিদেশে ভ্রমণের কোন সুবিধা ছিল না।

নানা স্থানে দম্যতশ্বরের প্রাত্মন্তবি ছিল। বাঙ্গীর শকট বা বাঙ্গীর্যান কিছুই প্রচলিত ছিল না। বাঙ্গালী তখন বিদেশভ্রমণের নামে চমকিত হইয়া উঠিত। এই ছঃসময়ে বাঙ্গালার একটি ধোড়শবর্ষীয় অসহায় যুবক বিপদাকীণ পথ অতিক্রম করিয়া, ভারতবর্ষ পরিত্যাগ পূর্বক স্থানুরবর্তী তিন্ধতে যাইয়া বৌদ্ধধর্মের আলোচনায় প্রস্ত হইলেন।

রামমোহন রায় ৩ বংসর তিবতে বাসু করেন। ঐ সময়ের মধ্যে তিনি বৌদ্ধর্ম্ম হৃদয়ঙ্গম করিয়াছিলেন। তিব্বতবাসিগণ জীবিত মনুষ্যবিশেষকে ব্রহ্মাণ্ডের সৃষ্টিকর্ত্ত। বলিয়া বিশ্বাস করে। এই মনুষ্যের উপাধি 'লামা।' রামমোহন তিক্তবাদীদিগের ঐ মতের বিরুদ্ধে অনেক তর্কবিতর্ক করেন। বিদেশে বন্ধহীন হইয়াও তিনি অকুতো-ভয়ে উহার তীব্র প্রতিবাদ করিতে নিরস্ত থাকেন নাই। তিব্বতবাদিগণ আপনাদের ধর্মদম্মত কার্য্যের প্রতিবাদ জন্ম সাতিশয় ক্রুদ্ধ হইয়া, রামমোহনকে সমুচিত শাস্তি দিতে উত্তত হইত। রামমোহন কেবল তিব্বতের কোমলহাদয়া কামিনী-গণের স্নেহে সমস্ত বিপদ হইতে রক্ষা পাইতেন। এই আত্মীয়ম্বজন-শূন্ত দূরতর দেশে কেবল নারীজাতিই তাঁহার স্থুখ ও শান্তির অদ্বিতীয় অবলম্বনম্বরূপ ছিল। রাজা রামমোহন রায় এজন্য আজীবন নারীজাতির পক্ষপাতী ছিলেন। তিক্তবাদিনী দ্যাশীলা রুমণীগণ তাঁহার কোমল হৃদয়ে যে শ্রদা ও প্রীতির বীক্ষ রোপণ করিয়া দের, বয়োরদ্ধির সহিত নেই বীজ হইতে অনেক মহৎ ফলের উৎপত্তি হয়। রাম-

মোহন নারীজাতির প্রতি শ্রদ্ধা ও প্রীতি দেখাইতে কখনও বিরত থাকেন নাই। তিনি স্থদেশে, বিদেশে, স্থাণীত এন্থে বা বন্ধুজনগরিধানে, সর্ব্বেই নারীচরিত্রের মহত্ব কীর্তন করিতেন।

রামমোহন তিব্বত হইতে ভারতবর্ষে প্রত্যাগত হইলেন।
রামকান্ত বিরক্ত ও কুদ্ধ হইয়া তাঁহাকে গৃহ হইতে বহিন্তৃত
করিয়া দিয়াছিলেন বটে, কিন্তু সন্তানবাৎসল্যে একবারে জলাঞ্জলি দিতে পারেন নাই। এখন রামমোহনের জক্ম তাঁহার
কদয় অধীর হইল। তিনি রামমোহনকে গৃহে আনিবার জন্ম
উত্তরপশ্চিম প্রদেশে একজন লোক পাঠাইলেন। প্রেরিত
লোকের সঙ্গে রামমোহন বিংশতি বর্ষবয়নে আবাসবাদীতে
প্রত্যাগত হইলেন। রামকান্ত রায় অপরিসীম আনন্দের সহিত
পুক্ররত্বকে গ্রহণ করিলেন। কুলঠাকুরাণী অপরিসীম স্নেহ
ও আদরের সহিত পুক্রকে আশীর্কাদ করিয়া সন্তোষ প্রকাশ
করিতে লাগিলেন।

গৃহে আনিয়া, রাম্মাহন রায় বিশেষ মনোঘোণের নহিত সংস্কৃত শাস্ত্রের আলোচনা করিতে লাগিলেন। বেদ, স্মৃতি, পুরাণ প্রভৃতিতে তাঁহার ব্যুৎপত্তি জন্মিল। এ সময়েও পিতাপুল্লে মধ্যে মধ্যে তর্কবিতর্ক হইত। রামকান্ত ভাবিয়াছিলেন বে, কয়েক বৎনর কাল বিদেশে বহুকষ্টে থাকাতে, পুল্লের সমুচিত শিক্ষা হইয়াছে। স্থৃতরাং পুল্লে এখন বাঙ নিষ্পত্তি না করিয়া আপনাদের কৌলিক ধর্ম্ম পালনে ও সাংসারিক কার্যাসম্পাদনে মনোনিবেশ করি-

বেন। কিন্তু তাঁহার দে আশা দূর হইল। রামমোহন পূর্বাপেক্ষা অধিকতর সাহসের সহিত পৌতুলিকতার বিরুদ্দে দণ্ডায়মান হইলেন। রামকান্ত এই দুর্বিনীত ব্যবহার আর সহ্ম করিতে পারিলেন না। পুত্রকে পুনর্বার গৃহ হইতে বহিষ্কৃত করিয়া দিলেন। তিনি পুত্রকে এইরূপে গৃহ হইতে নিষ্কাশিত করিয়া দিলেও কিছু কিছু অর্থসাহায্য করিতেন।

থ্রীঃ ১৮০৪ অবদ রামকান্ত রায়ের পরলোকপ্রাপ্তি হয়। কথিত আছে, মৃত্যুর দুই বংসর পূর্বের রামকান্ত রায় আপ-নার সমুদয় সম্পত্তি তিন পুজের মধ্যে ভাগ করিয়া দিয়া ছিলেন। কিন্তু রামমোহন রায় পিতার মৃত্যুর পর অনেক দিন পর্যাম্ভ এ সম্পৃত্তি গ্রহণ করেন নাই। কেহ কেহ নির্দেশ করিয়াছেন যে, রামমোহন রায় পৌতলিকতার বিরুদ্ধ-বাদী হওয়াতে তাঁহার জননী তাঁহাকে বিধন্মী বলিয়া সম্পত্তিচ্যুত করিবার জন্য কলিকাত। "স্থপ্রিমকোর্ট" নামক বিচারালয়ে মোকদ্দমা উপস্থিত করিয়াছিলেন। রামমোহন রায় ঐ মোকদমায় জয়ী হন। তিনি আপনাকে বিধন্মী বলিয়া স্বীকার করেন নাই। তাঁহার বিপক্ষগণও আদালতে তাঁহাকে বিধন্মী বলিয়া প্রমাণ করিতে পারেন নাই। রামমোহন রায় এক সময়ে স্বয়ং লিথিয়াছিলেন, 'আমি কথনও হিন্দু ধর্মকে আক্রমণ করি নাই। উক্ত নামে যে বিক্লত ধর্ম এক্ষণে প্রচলিত আছে, তাহাই আমার আক্রমণের বিষয় ছিল।<sup>\*</sup>

ক্ষিত আছে যে, রামমোহন যদিও পিতৃসম্পত্তির সম্পূর্ণ অধিকারী ছিলেন, তথাপি আত্মীয়ম্বজনের মনে

কষ্ট দিয়া উহা স্বহস্তে গ্রহণ করিতে নিরস্ত হন। সমস্ত সম্পত্তিই তাঁহার মাতা ফুলঠাকুরাণীর অধীনে থাকে। করিতেন। যাহাহউক, রামমোহন পিতার মৃত্যুর পর পুনর্কার গৃহে আদিয়া বাদ করিতে লাগিলেন। এ দময়েও তাঁহার পাঠানুরাগ পূর্ববং ছিল। এরপ গল্প আছে যে, একদা তিনি প্রাতঃস্নান করিয়া, একটি নির্জ্জন গৃহে বসিয়া বেলা তৃতীয় প্রহর পর্যান্ত মহর্ষি বাল্মীকিপ্রাণীত সংস্কৃত রামায়ণ আছোপান্ত পাঠ করিয়াছিলেন। রামমোহনের পিতামহ ও পিতা নবাবের সরকারে চাকরী করিয়াছিলেন। ঘে দকল বিষয়ে শিক্ষিত হইলে, ঐ দকল চাকরী পাওয়া যাইত, রামকান্ত রামমোহনকে ত্রিষয় শিক্ষা দিতে ক্রাট করেন নাই। এ সময়ে পারস্থ ভাষায়ই অধিকতর চলিত ছিল, এজস্থ রামমোহন ঐ ভাষাতে বিশেষ ব্যুৎপত্তি লাভ করেন। তিনি বাইশ বৎদর বয়:ক্রম পর্যান্ত কিছুই इक्र (त्रिक निर्थन नाहे। वाहेन वर्मत व्याप इक्र (त्रिक শিবিতে তাঁহার ইচ্ছা হয়। কিন্তু পরবর্তী আরও পাঁচ ছয় বৎসর তিনি উহাতে মনোযোগ দেন নাই। স্থতরাং ২৭। ২৮ বৎসর বয়সে তিনি ইঙ্গরেজি ভাষায় মনোগত ভাব সামান্তরপে প্রকাশ করিতে পারিতেন বটে, কিন্তু ভাল কবিষা ইঙ্গৱেজি লিখিতে জানিতেন না।

রামমোহন রায় এই সময়ে গবর্ণমেন্টের অধীনে কর্ম গ্রহণ করেন। তিনি রঙ্গপুরের কলেক্টর জন ডিগবি সাহেবের নিকটে কেরাীগিরির প্রার্থী হইলেন। ভাঁহার প্রার্থনা গ্রাছ হইল। রামমোহন কর্মগ্রহণের পূর্ব্বে সাহেবের নিকটে প্রস্তাব করিলেন যে, যথন তিনি কার্য্যের জন্য সাহেবের সম্মুথে আদিবেন, তথন তাঁহাকে আদন দিতে হইবে। আর, সামান্য আমলাদিগের প্রতি যেরূপ হুকুমজারি করা হয়, তাঁহার প্রতি দেরূপ করা হয়বে না। ডিগ্রি সাহেব এই প্রস্তাবে সম্মুত হইলে, রামমোহন রায় কর্ম গ্রহণ করিলেন। রামমোহন কিরূপ স্থাধীনপ্রকৃতি ছিলেন, চরিত্রগুণ তাঁহাকে কিরূপ উন্নত করিয়া তুলিয়াছিল, তাহা এই বিবরণে প্রকাশ পাইতেছে।

রামমোহন রায় যেরপে যত্ন ও উৎসাহের সহিত আপনার কার্য্য নির্কাহ করিতে লাগিলেন, তাহাতে ডিগ্রি সাহেবের মনে বড় আক্ষাদের সকার হইল। এই সময়ে দেওয়ানী (জজের ও কলেক্টরের সেরেস্তালারী তথন "দেওয়ানী" বলিয়া অভিহিত হইত ) আমাদের পক্ষে উচ্চপদ বলিয়া পরিগণিত ছিল। রামমোহন স্বীয় দক্ষতা ও বিদ্যাবুদ্ধির বলে কমে ঐ উন্নত পদে নিযুক্ত হইলেন। রামমোহনের অসাধারণ গুণের পরিচয় পাইয়া, ডিগ্রি সাহেব তাঁহাকে শ্রদ্ধা করিতে লাগিলেন। ক্রমে উভয়ের মধ্যে প্রগাঢ় বন্ধুতা জনিল। মৃত্যুপর্যস্ত ঐ বন্ধুতার বিচ্ছেদ হয় নাই।

চির প্রচলিত ধর্মপদ্ধতির বিরুদ্ধে দণ্ডায়মান হওয়াতে রামমোহনের অনেক শক্র হইয়াছিল। আনেকে তাঁহার বাড়ীতে নানা প্রকার উপদ্রব করিত। কিন্তু রামমোহন অনাধারণ ধীরতার দহিত দমন্ত দছ করিতেন। তিনি কথনও কোন রূপ প্রতিহিংনায় উত্যত হন নাই। ক্রমে ঐ দকল উৎপাত আপনাআপনি থামিয়া যায়। রাম-মোহনের তিন বিবাহ। তাঁহার প্রথম স্ত্রীর মৃত্যুর পর, তদীয় পিতা, এক স্ত্রীর জীবদ্দশায় আর একটি কুমারীর দহিত তাঁহাকে পরিণয়সূত্রে আবদ্ধ করেন। রামমোহনের জ্যেষ্ঠ পুত্র রাধাপ্রদাদের বিবাহ দময়ে হিন্দু দমাজে বড় আন্দোলন উপস্থিত হইয়াছিল। কিন্তু আন্দোলনকারিগণ রুতকার্য্য হইতে পারেন নাই। হুগলী জেলার একজন সম্ভ্রান্ত ব্যক্তির কন্যার দহিত যথাবিধানে রাধাপ্রদাদের পরিণয়কার্য্য সম্পান্ধ হয়।

আপনাদের বংশ বছবিস্তৃত হওয়াতে রামকান্ত রায় রাধানগর হইতে সপরিবারে লাল্ডুপাড়া গ্রামে আদিয়া বাস করিয়াছিলেন। যাহাইউক, রামমোহন পৌন্তলিকতার বিরুদ্ধে ও ব্রহ্মজ্ঞানের প্রয়োজনীয়তা সম্বন্ধে যতই তর্কবিতর্ক করিতে লাগিলেন, ততই তাঁহার মাতার কোধ বাড়িতে লাগিল। ক্রমে ফুলঠাকুরাণী রামমোহনের ছই স্ত্রী ও তাঁহার নব পুক্রম্বর্ধক লাল্ডুপাড়ার বাটী হইতে বহিষ্কৃত করিয়া দিতে উষ্ণত হইলেন। রামমোহন এই জন্য লাল্ডুপাড়া পরিত্যাগ পুর্ক্কক উহার নিকট্যন্ত্রী রঘুনাথপুরে একটি বাটী প্রস্তুত করেন। তিনি সময়ে সময়ে ঐ বাটীতে যাইয়া বাস করিতেন।

রকপুরের কর্ম পরিত্যাগের পর রামমোহন কিছু দিন
মুধিদাবাদে ঘাইরা বাস করিয়াছিলেন। এই খানে তিনি

পারস্থ ভাষার 'তোহাক্তুল মোহদিন্" ( সকল জাতীয় লোকের পৌতলিকতার প্রতিবাদ ) নামক এক খানি এন্থ প্রস্তুত করেন। এই গ্রন্থের ভূমিকা আরবী ভাষায় লিখিত হয়। এই গ্রন্থের জন্য বর্ত্সংখ্যক লোক তাঁহার শক্র হইয়া উঠে।

মুর্যদাবাদ পরিত্যাগ করিয়া ১৮১৪ খ্রীঃ অবেদ ৪০ বংসর বয়সে রামমোহন রায় কলিকাতায় আসিয়া বাস করিতে লাগিলেন। এই সময় হইতেই তাঁহার কার্য্যক্ষেত্র অধিকতর বিস্তৃত হইল। তিনি এই বিস্তৃত কার্য্যক্ষেত্র প্রবেশ করিয়া অকুতোভয়ে, অবিচলিত সাহসসহকারে, জীবনের মহন্তর ব্রত সম্পাদনে প্রবৃত্ত হইলেন। ধর্মসংস্কার, সমাজসংস্কার, রাজনীতির সংস্কার ও বাঙ্গালা সাহিত্যের উয়তি প্রভৃতি সকল বিষয়েই তাঁহার সমান দক্ষতা, সমান একাগ্রতা ও সমান প্রমশীলতা পরিষ্কৃতি হইতে লাগিল। যে মহৎকার্যের জন্ম রামমোহন রায় আজ পর্যন্ত সমস্ত সভ্যক্ষাত্রের বরণীয় হইয়া রহিয়াছেন, এই সময় হইতেই সেই কার্য্যের স্কৃতা উৎসর্গ করেন।

রামমোহন রায় কলিকাতায় আদিলে কলিকাতার কতি-পর প্রধান ব্যক্তি তাঁহার সহিত সর্বাদা আলাপ করিতে লাগিলেন। এই আলাপে অনেকে তাঁহার প্রগাঢ় ধর্ম-জ্ঞানের পরিচয় পাইয়া তৎপ্রতি প্রদ্ধাবান্ হইয়া উঠিলেন। মারকানাথ ঠাকুর, প্রসন্তুমার ঠাকুর, বৈজ্ঞনাথ মুখোপাধ্যায়, রবুরাম শিরোমণি প্রভৃতি আমাদের দেশীয় সম্ভ্রান্ত ব্যক্তিগণ এবং প্রদিদ্ধ ডেবিড্ হেয়ার ও পাদরী আডাম্ সাহেব প্রস্থৃতি সকলেই তাঁহার নিকটে সর্বাদা আসিতেন। রাম্মোহন প্রথম বন্দজানপ্রতিপাদক গ্রন্থ সকল নিজবায়ে মুদ্রিত করিয়া বিনামূল্যে বিতরণ করিতে লাগিলেন। তাঁহার প্রতিবন্ধি-গণও পুস্তক প্রচার করিয়া ভাঁহার বিরুদ্ধ পক্ষ সমর্থনে উদ্যত হইলেন। রামমোহন আবার স্বাপত্তিকারিগণের যুক্তি খণ্ডন করিয়া নৃতন পুস্তক প্রচার করিতে লাগিলেন। যাহাতে সকল সম্প্রদায়ের পরিশুদ্ধ মত সকল সংগৃহীত হয়, এবং দকল সম্প্রদায়ের মধোই দতোর বিমল আলোক বিকাশ পায়, তৎপ্রতি রামমোহনের বিশেষ যত্ন ছিল। পূর্ব্বে উক্ত হইয়াছে যে, মুর্যদাবাদে অবস্থিতিকালে রামমোহন পারস্থ ভাষায় একথানি গ্রন্থ রচনা করিয়াছিলেন। মুদলমান-দিগের মধ্যে কুনংস্কারের মূলোচ্ছেদ ও সত্যপ্রচারই ঐ গ্রন্থের প্রধান উদ্দেশ্য ছিল। রামমোহন রায় একণে খ্রীষ্ট-ধর্ম্মের আলোচনায় প্রবৃত্ত, হইলেন। কিন্তু খ্রীষ্টীয় ধর্ম্মগ্রন্থের ইঙ্গরেজী অনুবাদপাঠে তাঁহার ভৃপ্তি হইল না। তিনি মূল গ্রন্থ পড়িবার জন্ম হিব্রু ভাষা শিথিতে প্রবন্ধ হইলেন, এবং অল্প সময়ের মধ্যে ঐ ভাষায় ব্যুৎপত্তি লাভ করিয়া 'বাইবেল' হইতে খ্রীষ্টের উপদেশ সঙ্কলন পূর্বক এক খানি গ্রন্থ প্রচার করিলেন। এ স্থলে বলা আবশ্যক যে, হিব্রুর সহিত আরবীর অতি নিকট সম্বন্ধ। রামমোহন আরবীতে স্থপণ্ডিত ছিলেন, এ জন্ম মুসলমানেরা তাঁহাকে মৌলবী

বলিত। আরবীতে বাংপতি থাকাতে রামমোহন অতি অল্প আয়ানেই হিব্ৰু ভাষা আয়ন্ত করিতে সমর্থ হইয়া-ছিলেন। রামমোহন হিত্রু ভাষায় খ্রীষ্টীয় ধর্মগ্রন্থ পডিয়া থ্রীষ্টের উপদেশ গুলি মাত্র সংগ্রহ করিয়াছিলেন। কিন্ত উক্ত ধর্মগ্রন্থে খ্রীষ্টের ঈশ্বরত্ব ও অলৌকিক ক্রিয়াকলাপের যে বিবরণ আছে, খীয় গ্রন্থে তৎসমুদয়ের কোন উল্লেখ করেন নাই। এ জন্ম অনেক গোঁড়া পাদরী তাঁহার বিরোধী হইয়া উঠিলেন। পৌতুলিকতার বিরুদ্ধবাদী হওয়াতে রাম-মোহন পূর্বেই হিচ্ছুদিগের বিরাগভাজন হইয়াছিলেন, এখন অনেক খ্রীষ্টীয় ধর্মপ্রচারকও তাঁহার বিপক্ষ হইলেন। কিন্তু ইহাতে উদারস্বভাব রামমোহনের কিছুমাত্র তুশ্চিস্তার আরিভাব হয় নাই। নিরাশা বা হতাখাস কখনও তাঁহাকে কর্ত্তবাপথ হইতে বিচলিত করিতে সমর্থ হয় নাই। তিনি ধীর ও প্রশান্তভাবে আপনার কর্ত্তব্য সম্পাদন করিতে লাগিলেন, এবং অটল পর্বতের স্থায় অটল ভাবে থাকিয়া বিপক্ষসম্প্রদায়ের কঠোর আক্রমণে বাধা দিতে লাগিলেন।

খ্রীঃ ১৮১৫ অব্দে রামমোহন আপনার কলিকাতান্থিত বাসভবনে 'আত্মীরসভা'' নামে একটি সভার প্রভিষ্ঠা করেন। রপ্তাহে একদিন মাত্র ঐ, সভার অধিবেশন হইত। ঐ সভার বেদপাঠ ও ব্রহ্মসদীত হইত। এই সময়ে রাম-মোহন রারের কয়েক জন সহচর লোকের নিদা সম্ভ করিতে না পারিয়া ভাঁহাকে পরিত্যাগ করেন। যাঁহারা নিয়মিতরূপে আত্মীয়সভারে উপস্থিত হইতেন, লোকে নাস্তিক বলিয় ভাঁহাদের প্রতিও নানা প্রকার কটুক্তি করিত। এই রূপ নানা বিদ্ব উপস্থিত হওয়াতেও রামমোলন কখনও অধীর इन नारे, **তিনি প্রতিদিন সায়ংকালে প্রশান্তভাবে** সৃষ্টিকর্তা ঈশ্বরের আরাধনা করিতেন। আত্মীয়দভা স্থাপনের কিছু কাল পরে তাঁহার ভাতুষ্পুত্র তাঁহাকে বিধর্মী বলিয়। পৈতৃক বিষয় হইতে বঞ্চিত করিবার নিমিত্ত স্থপ্রিম কোটে মোকদ্দমা উপস্থিত করেন। রামমোহন ইহাতে এরপ বিব্রত হইয়াছিলেন যে, তুই বংসর কাল আত্মীয়নভার অধিবেশন হর্ম নাই। ব্রন্ধোপাদনা ও ব্রাহ্ম ধর্মের প্রচার জক্ত একটি সভা স্থাপন করিতে রামমোহনের অনেক দিন হইতে ইচ্ছা ছিল। রামমোহন এখন এই ইচ্ছা পূর্ণ করিতে অগ্রসর হইলেন। খ্রীঃ ১৮২৮ অব্দে কমন্তলোচন বস্থর # বাটীতে উপাদনাসভা স্থাপিত হইল। ঐ সভা স্থাপনের কিছুদিন পরেই অনে**ক অর্থ** সংগৃহীত হইয়াছিল। ঐ অর্থে এখন চিৎপুর রোডের পারে বর্ত্তমান ব্রাক্ষ সমাজ গৃহ নির্মিত ইইল। খ্রীঃ ১৮২৯ অন্দের ১১ই মাঘ হইতে ঐ নবনির্মিত গৃহে সমাজের কার্য্য হইতে লাগিল। এই জন্য প্রতি বংসর ১১ই মাঘ ত্রাকা সমাজের সামৎস্বিক উৎস্ব হইয়া থাকে।

রামমোহনের জ্যেষ্ঠ • সংঘাদর জগন্মোহনের প্রলোক-প্রাপ্তি হইলে, তাঁহার স্ত্রী সহমৃতা হন। রামমোহন স্বরং এই সহম্রণের ভীষণ দৃশ্য দেখিয়াছিলেন। ঐ ভীষণ দৃশ্যে

<sup>\*</sup> কমললোচন বস্থ পর্তুগীজ বণিকদিগের অধীনে কর্ম করিতেন। ্র প্রস্তু লোকে ভাহাকে ফিরিকী কমলবস্থ বলিত।

ভাঁহার হাদর ব্যথিত হয়। উহা তাঁহার মনে এরপ দৃঢ়ভাবে আছিত হইয়াছিল যে, তিনি কখনও ঐ শোচনীয় কাওছালিয়া যান নাই। যেরূপেই হউক, হিল্ফুনমাজ হইতে ঐ কুপ্রথার মূলোচ্ছেদ করিতে তিনি দৃঢ়প্রতিজ হইয়াছিলেন। সভীদিগকে যেরূপ বলপূর্বক মৃত পতির সহিত এক চিতার দক্ষ করা হইত, যাহাতে তাহারা চিতা হইতে উঠিতে না পারে, এজন্য যেরূপ বলপূর্বক তাহাদের বুকে বাঁশ চাপাইয়া দেওয়া হইত, যাহাতে তাঁহাদের মর্মাভেদী ভীষণ আর্জনাদ লোকের শ্রুতিপ্রবিষ্ট না হয়, এ জন্য যেরূপ মহার্শকে নানাবিধ বাত্ম বাদিত হইতে, তাহা রামমোহনের অবিদিত ছিল না। রামমোহন এই ভীষণ প্রথা উচ্ছেদের জন্য তিন খানি গ্রন্থ প্রণয়ন করেন। সহমরণ অপেক্ষা ব্রক্ষচর্য্যই যে শ্রেষ্ঠ, তাহা তিনি অনেক শান্ত্রীয় প্রমাণ দারা ঐ সকল গ্রন্থে প্রতিপর করিয়াছিলেন।

সতীদাহের বিরুদ্ধে রামমোহনকে এইরপ বদ্ধপরিকর দেখিয়া প্রাচীন মতাবলম্বী হিন্দুগণ যারপরনাই বিরক্ত ও কুদ্ধ হইলেন। এ সম্বন্ধে রামমোহনের সঙ্গে তাঁহাদের যোরতর তর্কবিতর্ক হইতে লাগিল। কিন্তু রামমোহন তর্ক্ত্র্যুদ্ধে পরাজিত হইলেন না। তিনি সময়ে সময়ে ভাগীরথীতীরে উপস্থিত হইয়া মৃতপতিক রমণীর সহমরণ নিবারণের অনেক চেষ্টা করিতেন। কথিত আছে, কলিকাতার কোন সন্ধান্ত বংশীয়া একটি মহিলা সহমৃতা হইবার জন্য ভাগীরথীতীরে উপনীতা হন। রামমোহন এই সংবাদ পাইয়া অবিলম্বে

তথায় উপস্থিত হইলেন, এবং সেই মহিলাকে সহমরণ হইতে নির্ত্ত রাখিবার জন্য তাঁহার আত্মীয়দিগকে শান্তভাবে বুকাইতে লাগিলেন। এক ব্যক্তি ইহাতে কোধান হইয়া কহিলেন, হিন্দুর কার্য্যে মুদলমান কেন? এই অপমান-বাক্যেও রামমোহন রায় কুদ্ধ হইলেন না। তিনি পূর্কের ন্যায় শান্তভাবে আত্মপক্ষ সমর্থন করিতে লাগিলেন। তাঁহার নঙ্গে হে ভূত্য ছিল, প্রভুর প্রতি অসম্মান প্রদর্শিত হওয়াতে তাহার বড় কোধ হইয়াছিল, কিন্তু রামমোহন রায় ভাহাকে স্থির থাকিতে আদেশ দিয়াছিলেন।

এই সময়ে লর্ড উইলিয়ম বেণ্টির ভারতবর্ধের গবর্ণর জেনে-রল ছিলেন। কথিত আছে, একদা গবর্ণর জেনেরল দতীদাহের সম্বন্ধে রামমোহন রারের সহিত পরামর্শ করিবার জন্য, তাঁহাকে আপনার প্রাসাদে আনিতে আপনার একজন সৈনিক কর্মাচারীকে পাঠাইয়া দেন। উক্ত কর্ম্মচারী রামমোহন রায়ের নিকট উপস্থিত হইলে, রামমোহন তাঁহাকে কহিলেন, "আমি এক্ষণে বৈষয়্লিক কার্য্য হইতে অপস্থত হইয়া শান্তামু-শীলনে নিযুক্ত রহিয়াছি, আপনি অনুগ্রহ পূর্বক লাট সাহেবকে জানাইবেন যে, আমার রাজদরবারে উপস্থিত হইতে বড় ইছা নাই।" কর্মচারী যাহা শুনিলেন, লর্ড বেণ্টিক্লের নিকটে বাইয়া অবিকল তাহাই বলিলেন। গবর্ণর জেনেরল তাঁহাকে কহিলেন, "আপনি রামমোহন রায়কে কি বলিয়াছিলেন।" তিনি উত্তর করিলেন, "আমি কহিয়াছিলাম আপনিগবর্ণর জেনেরল লর্ড উইলিয়মবেণ্টিক্লের সহিত একবার সাক্ষাৎ করিলে

তিনি বাধিত হন।" গবর্ণর জেনেরলের মুখমণ্ডল গম্ভীর হইল। তিনি গম্ভীরভাবে পারিষদকে কহিলেন, 'আপনি আবার তাঁহার নিকটে যাইয়া বলুন যে, আপনি অনুগ্রহ পূর্বক উই লিয়ম বেণ্টিস্ক সাহেবের সহিত একবার সাক্ষাৎ করিলে. তিনি বড বাধিত হন। "উক্ত দৈনিককর্মচারী আবার রামমোহন রায়ের নিকটে উপস্থিত হইয়া বিনয়ের সহিত ঐ কথা বলিলেন। ভারতের গবর্ণর ক্লেনেরলের এইরূপ শিষ্টাচারে রামমোহন রায় যারপরনাই প্রীত হইলেন। তিনি আর কাল-বিলম্ব না করিয়া গবর্ণর জেনেরলের সহিত সাক্ষাৎ করিয়া সতীদাহ সম্বন্ধে আপনার উদার মত তাঁহাকে জানাইলেন। মণিকাঞ্চন যোগ' হইল। গ্রব্র জেনেরল স্তীদাহপ্রথার অনিষ্টকারিতা বুঝিয়া ১৮২৯ অব্দে ঐ কুপ্রথা রহিত করিয়া দিলেন। রামমোহনের কীর্ত্তি অধিকতর উজ্জল হইল। পবিত্র ইতিহান হইতে এ পবিত্র কীর্ত্তির কথা কখনও বিচ্যুত হইবে না।

সতীদাহ প্রথা উঠিয়া যাওয়াতে প্রাচীন মতাবলম্বী হিন্দুগণ অধিকতর কুদ্ধ হইলেন। চারি দিক হইতে রাম্মোহনের উপর গালিবর্ধণ হইতে লাগিল। কলিকাতার কোন কোন ধনী লোক তাঁহাকে মারিয়া ফ্লেলিবার ভয় দেখাইতে লাগিলেন। রাম্মোহন রায় ইহাতে শক্কিত হইয়া আপনার পবিত্র কর্তব্যপথ হইতে অনুমাত্র বিচলিত হন নাই। তাঁহার হিতৈমী বন্ধুগণ তাঁহাকে সর্বাদা সাবধানে থাকিতে কহিতেন, এবং বাহিরে যাইতে হইলে প্রহরী সঙ্গে লইয়

যাইতে পরামর্শ দিতেন। কিন্তু রামমোহন কথনও প্রহরী সঙ্গে লইতেন না। বাহিরে যাইবার সময়ে তিনি বক্ষঃস্থলে পরিচ্ছদের অভ্যন্তরে এক খানি কিরীচ রাখিয়া নির্ভয়ে রাজ-পথে একাকী ভ্রমণ করিতেন।

রামমোহন রায়ের সময়ে ইঙ্গরেজী শিক্ষা ও পাশ্চাত্য জ্ঞানপ্রচারের কোনও স্থবিধা ছিল না। রাজপুরুষদিগের এক পক্ষের মত ছিল যে, ভারতবর্ষীয়দিগকে ইকরেজী শিক্ষা না দিয়া সংস্কৃত ও পারসী শিক্ষা দেওয়াই উচিত। কিন্তু অপর পক্ষ ইঙ্গরেজী শিক্ষা দেওয়াই অধিকতর সঙ্গত বলিয়া নির্দেশ করিতেছিলেন। রামমোহন এই শেষোক্ত দলের পরিপোষক হইলেন। ইঙ্গরেজী শিক্ষা না করিলে যে, পাশ্চাতা জ্ঞানলাভ ও নানা বিষয়ে অভিজ্ঞতা সংগ্রহ করিতে পারা যাইবে না, ইহা তাঁহার দুঢ় বিশ্বাস জন্মিয়াছিল। তিনি ইঙ্গরেজী শিক্ষার সমর্থন করিয়া, খ্রীঃ১৮২৩ অব্দে তদানীন্তন গবর্ণর জেনেরল লর্ড আমহর্ত্ত কে এক খানি পত্র লিখেন। পত্রখানি . ইঙ্গরেজিতে লিখিত হয়। ঐ পত্রে ইঙ্গরেজীশিক্ষার উপকারিতা বিশেষ রূপে প্রতিপন্ন হইয়াছিল। উক্তপত্র এরপ অকাট্য যুক্তিপূর্ণ ও প্রাঞ্জল -ভাষায় লিখিত ছিল যে, তৎকালীন সুবিজ্ঞ ইপরেজেরা উহা পাঠ করিয়া বিশ্বিত হইয়াছিলেন। এ পত্র পড়িয়া অনেকে রামমোহন রায়ের ইঙ্গরেজী ভাষায় অভিজ্ঞতার विखत श्रमाश्मा करतन। याशाता हेकरतकी मिक्काविकारतत পক্ষপাতী ছিলেন, শেষে তাঁহাদেরই জয়লাভ হয়। ইক-

রেজী শিক্ষার জন্ম হিন্দু কলেজ প্রতিষ্ঠার উদ্যোগ হইতে থাকে। ইহাতে রামমোহন রায় যারপরনাই আহলাদিত হন। যে ইঙ্গরেজী শিক্ষার গুণে আমাদের এরপ উন্নতি হইয়াছে, তেবিড্ হেয়ার প্রভৃতি ইঙ্গরেজ ও রামমোহন রায়ই তাহার বীজ রোপণ করেন।

উপস্থিত সময়ে বাঙ্গালা গত সাহিত্যের অবস্থা বড মন্দ ছিল। রামমোহন রায়ের পর্বেষ বে কয়েক খানি গদ্য গ্রন্থ প্রকাশিত হইয়াছিল, তাহার ভাষা এরূপ অপরুষ্ট ছিল মে, সাধারণে তাহা পড়িতে ইচ্ছা করিত না। রামমোহন রায়ই বাঙ্গালা গতা সাহিত্যের উন্নতির পথ প্রদর্শন করেন। তিনি धर्म ७ नमाजनः छोत नम्रत्व जानक छिन धर् ध्वारान করিয়াছিলেন। অপরাপর বিষয়েও তিনি কয়েক থানি পুস্তক লিখিয়া গিয়াছেন। তাঁহার ভাষা বিশুদ্ধ ও সরল ছিল। তিনি 'গৌডীয় ব্যাকরণ' নামে বাঙ্গালা ভাষায় একথানি ব্যাকরণ প্রস্তুত করেন। তৎকত্ত্ ক "দংবাদকৌমুদী" নামে একখানি পত্রিকা প্রকাশিত হয়। এই পত্রিকায় রাজনীতি, ধর্মনীতি, বিজ্ঞান, ইতিহাস প্রভৃতি সকল বিষয়ই প্রকাশিত ু হইত। রামমোহন রায় এতদ্বাতীত এক থানি ভূগোল ও একখানি থগোলও লিথিয়াছিলেন। ছঃখের বিষয় যে, ঐ পুস্তকদ্বয় এখন আর প্রাপ্ত হওয়া যায় না।

ব্রহ্মসঞ্চীতরচনায় রামমোহন রায়ের অসাধারণ পারদশিতছিল। তাঁহার গীতগুলি এরপ স্থললিত, এরপ গভীর ভাবপূর্ণ ও এরপ ঐশ্বরিক তত্ত্বের বিকাশক যে, এক্ষণে তৎসমুদয় আমাদের জাতীয় সম্পত্তির মধ্যে পরিগণিত হইয়াছে। অনেকেই রামমোহন রায়ের প্রক্ষাস্পীত আদর-সহকারে শুনিয়া থাকেন। তাঁহার সঙ্গীতে অনেক পাষণ্ডের হৃদয়ও আর্জ হয় এবং অনেক সংসারবিষয়-নিময় ব্যক্তির মনও উদাসীন করিয়া তুলে।

রামমোহন রায় রাজনীতির আন্দোলনেও নিরস্ত ছিলেন না। তিনি আমাদের দেশে মুদ্রণহাধীনতা প্রতি-ছিতে করিতে অনেক যত্ন করেন। এ জন্ম অনেক উচ্চ পদস্থ ইন্ধরেজ তাঁহার প্রতি বিরক্ত হইলেও তিনি জাতীয় সাহিত্যের উন্নতির জন্ম ঐ কার্য্যে বিরত হন নাই। এত-দ্যুতীত রামমোহন রায় গ্রণমেন্টের অনেক কঠোর আইনের প্রতিকুলেও দণ্ডায়মান হইয়াছিলেন।

ইউরোপ দেখিতে রাজা রামমোহন রায়ের বড় ইছা ছিল। এত দিন সুযোগ অভাবে সেই ইছা পূর্ণ হয় নাই। এই সময়ে ইপ্ত ইণ্ডিয়া কোম্পানি দিল্লীর সম্রাটকে কয়েক বিষয়ে অধিকারচ্যুত কৢরাতে সম্রাট ইদলণ্ডে আবেদন করিবার জন্ম রামমোহন রায়কে পঠাইতে কৢতনকল্প হন। রামমোহন রায় এখন সম্রাটের বিষয় ইদ্দলণ্ডের কর্তৃপক্ষের গোচর করিবার জন্ম বিলাত্যাতার দিন তিনি তাঁহার বয়ু ঘারকানাথ ঠাকুরের বাড়ীতে আনিয়াছিলেন। তাঁহাকে দেখিবার জন্ম এত লোক হইয়া ছিল যে, গুহের সোপান-শ্রেণীতে দাঁড়াইবার অগুমাত্রও স্থান ছিল না। রামমোহন রায়

मकरलत निकं विनाय लहेशा औः ১৮৩० अरक ১६३ नरवश्वत সমুদ্রপোতে আরোহণ করিলেন। জাহাজে রামমোহন রায় নিজের কামরায় আহার করিতেন। রন্ধনের জন্ম বতন্ত্র স্থান না থাকাতে প্রথমে বড় অসুবিধা হইয়াছিল। একটি মাত্র মূথায় চুল্লীতে পাক হইত। তাঁহার ভূত্যেরা সমুদ্রশীড়ায় কাতর হইয়া তাঁহার কামরায় শয়ন কঁরিয়া থাকিত। তিনি এমন দদয় প্রকৃতি ছিলেন যে, ভূত্য-দিগকে আপনার কামরা হইতে কখনও অন্তহিত করিতে ইচ্ছা করিতেন না; নিজে অন্য স্থানে অতি কণ্টে শ্রন করিয়া থাকিতেন। জাহাজের যাত্রিগণের সকলেই রাম-মোহনের উদার প্রকৃতি ও দৌম্য মূর্ত্তি দেখিয়া এরূপ প্রীত হইয়াছিল যে, কেহই তাঁহার সহিত অশিষ্ঠ ব্যবহার করিত না। সকলেই তাঁহাকে সম্ভুষ্ট রাখিতে ব্যথা থাকিত। ঝটিকা উপস্থিত হইলে তিনি জাহাজের উপর দাঁড়াইয়া স্থিরভাবে প্রকৃতির গাঙীর্যা ও সুদূরপ্রসারিত শুভকেণ-মালা শোভিত স্থনীল সাগরের ভীষণ মূর্ত্তি দেখিয়া সেই পরাৎপর পরমেশ্বরের গুণগান করিতেন।

৪ মাস ২০ দিনে জাহাজ নিদিপ্ত হানে উপনীত হইল।
রামমোহন রায় প্রথমে লিবরপুল, নগরে উপস্থিত হইলেন।
বিলাতের অনেক প্রধান প্রধান বিক্ত ব্যক্তি তাঁহার সহিত
সাক্ষাৎ করিতে আদিতে লাগিলেন। অনেকের সহিত
ধর্ম সন্থন্ধে তাঁহার বাদানুরাদ হইতে লাগিল। ইকলণ্ডের
জ্ঞানিগণ ভাঁহার বিচারনৈপুণ্য, তাঁহার বাকৃপ্টুতা, তাঁহার

উদার ভাব, ও তাঁহার জ্ঞান-পরিমায় এমন মুগ্ধ হইরাছিলেন যে, ইঙ্গলণ্ডের তদানীন্তন সর্বপ্রধান জ্ঞানী বেন্থাম সাহেব তাঁহাকে, মানবজাতির হিতসাধন ব্রতে তাঁহার শ্রাক্ষেয় ও প্রিয় সহযোগী বলিয়া নির্দেশ করিতে কুঠিত হন নাই।

রামমোহন রায় লিবরপুল, লগুন ও মানচেষ্টর নগরে
কিছু কাল অবস্থিতি করেন। তিনি ভারতবর্ষের শাদনপ্রণালীর দয়কে পার্লিয়ামেন্ট মহাদভার নিয়োজিত স্মিতির
দুমক্ষে আপনার অভিপ্রায় প্রকাশ করিয়াছিলেন। ইঙ্গলক্ষ্টের অধিপতি তাঁহাকে আদরসহকারে গ্রহণ করেন, এবং
একটি প্রকাশ্র ভোজে তাঁহাকে নিমন্ত্রণ করিয়া তাঁহার
দুমান বন্ধিত করিয়া তুলেন। রামমোহন ইঙ্গলগু হইতে
ব্রীঃ ১৮০২ অব্দের শরৎকালে ফরাসীদেশ দুর্শন করিতে
যাত্রা করেন। ক্রালের তদানীন্তন সম্রাট্ তাঁহার যথোচিত
অভ্যর্থনা করিয়াছিলেন। তিনি রামমোহন রায়কে
নিমন্ত্রণ করিয়া তাঁহার দহিত একত্র ভোজন করিতেও
সঙ্কুচিত হন নাই। ক্রান্সের অনেক রাজপুরুষ ও স্কুপণ্ডিত
ব্যক্তি রামমোহন রায়ের অদাধারণ বিক্তাবুন্ধিতে বিশ্বিত
হইয়া তাঁহার দমুচিত দুমান রক্ষা করিয়াছিলেন।

রামমোহন রার পরবর্তী বৎসর ইদ্রলণ্ডে উপনীত হইরা, ব্রিষ্টল নগরে একটি উজ্ঞানীপরিবেষ্টিত স্থন্দর নগরে আদিরা বাস করেন। এই খানে ব্রিষ্টলের পণ্ডিতমগুলীর সহিত ভারতবর্ষের রাজনীতি ও ধর্মনীতির সম্বন্ধে তাঁহার জনেক আলাপ হয়। পণ্ডিতগণ তাঁহাকে যে সকল কঠিন প্রশ্ন করেন, রামমোহন রায় ও ঘন্টাকাল সমভাবে দণ্ডায়মান থাকিয়া, তৎসমুদ্ধের সদুত্র দিয়াছিলেন। ইহাই রাম-মোহনের পবিত্র জীবনের শেষ ঘটনা। ইহার পরেই রাম-মোহন ইহলোক হইতে অস্তর্হিত হন।

ব্রীঃ ১৮৩৩ অব্দের ১৯এ সেপ্টেম্বর রামমোহন রায়ের ছর হইল। ঐ ছরের বিরাম না হইয়া ক্রমেই রৃদ্ধি হইতে লাগিল। ক্রমে বিকার উপস্থিত হইল। প্রধান প্রধান চিকিৎসকেরা যত্ত্বের সহিত তাঁহার চিকিৎসায় নিযুক্ত হইলেন। ভারতহিতৈবী ডেবিড হেয়ারের কন্যা কুমার্রী হেয়ার দিবারাত্রি তাহার শুশ্রমা করিতে লাগিলেন। কিন্তু কিছুতেই রোগের উপশম হইল না। ২৭এ সেপ্টেম্বর শুক্রবার জ্যোৎস্বাময়ী রজনীতে সকল শেষ হইল। ছই ঘণ্টা পানর মিনিটের সময়ে ভারতের প্রধান পুরুষ, জ্ঞানের প্রধান উপদেষ্ঠা, বহুদ্রদেশে ইহলোক হইতে অন্তর্হিত হইলেন। তাঁহার মৃত শরীরে যজ্ঞোপবীত ছিল। সেই উত্যানপরিবিটিত স্থানের একটি নির্জনে রক্ষরাটিকায় তাঁহাকে সমাহিত করা হইল।

রামমোহন রায় দিল্লীর সমাটের নিকট হইতে 'রাজা' উপাধি প্রাপ্ত হন। তিনি সমাটের যে কার্য্যের জন্ম বিলাতে গিয়াছিলেন, কর্তৃপক্ষের 'বিচার-কাষে সে কার্য্য সিদ্ধ হয় নাই। যাহাহউক, দ্রদর্শী জ্ঞানী ব্যক্তিগণ তাঁহার অসাধারণ গুণের ক্ষ্মন্ত অব্যান্ন। ক্রেন নাই। তিনি যেম্থানে গ্রিয়াছেন, সেই স্থানেই তাঁহার প্রতি যথোচিত সম্মান ও

আদর প্রদর্শিত হইয়াছে। তাঁহার যেরপ মানদিক ক্ষমতা, দেইরপ শারীরিক বল ছিল। ছঃখীদিগের প্রতি তাঁহার যথোচিত সমবেদনা ছিল। একদা তিনি চোগা চাপকান পরিয়া পদরক্ষে কলিকাতার রাস্তায় ভ্রমণ করিতেছিলেন, এমন সময়ে দেখিলেন যে, একজন তরকারীওয়ালা তাহার বোঝা নামাইয়া আর উহা ভুলিতে পারিতেছেনা। তিনি তৎক্ষণাৎ তাহার মোটট মাথায় ভুলিয়া দিলেন। আর একদিন রামমোহন রায় কলিকাতার মুটয়াদের অবস্থা জানিবার জ্বাল, কোন মুটয়ার দহিত বিদয়া আগ্রহসহকারে আলাপ করিয়াছিলেন।

রামমোহন রায় কোমলমতি বালকদিগের সহিত আমোদ করিতে বড় ভাল বাসিতেন। তাঁহার বাদিতে একটি দোল্না ছিল। বালকেরা ঐ দোল্নায় বসিলে তিনি স্বয়ং তাহা-দিগকে দোলাইতেন, পরে 'এখন আমার পালা" বলিয়া নিজে দোল্নায় বসিতেন। বালকেরা উল্লাসের সহিত তাঁহাকে দোলাইত। তাঁহার বাবরী চুল ছিল। তিনি প্রতিদিন স্থান করিয়া, দর্পণ সম্মুখে রাখিয়া, অনেকক্ষণ কেমা

রামমোহন রায় অধিক ভোজন করিতে পারিতেন।
তাঁহার ভোজনের সম্বক্ষে অনেক গুলি গল্প প্রচলিত আছে।
ঐ সকল গল্পে জানা যায় যে, তিনি একাকী একটি ছাগের সম্দয় মাংস ভোজন ও সমস্ত দিনে বার্নের ছগ্ধ পান করিতে
পারিতেন। একদা পঞ্চাশটি আাম্র দিয়া জলযোগ করিয়া-

ছিলেন। আর এক সময়ে তিনি একটি মুপরিচিত লোকের বাসায় গিয়া প্রায় এক কাঁদি নারিকেল ভক্ষণ করেন।

পূর্বে উক্ত হইরাছে, রামনোহনের মাতা তাঁহাকে গৃহ হইতে বহিষ্ঠত করিয়া দিলে তিনি রঘুনাথপুর গ্রামে বাটী নির্মাণ করেন। এই বাটীতে তাঁহার কনিষ্ঠপুত্র রমাপ্রসাদ রায়ের জন্ম হয়। মাতৃকর্তৃক তাড়িত হইলেও রামমোহন মাতার প্রতি কখনও অসম্মান প্রদর্শন করেন নাই। কিছু কাল পরে ফুলঠাকুরাণী পুত্রের মহত্ব বুঝিতে পারিয়া তাঁহার সহিত মিলিত হন, এবং জগনোহন, রামলোচন ও রাম্নোর্ধিনের পুত্রদিগের মধ্যে জনীদারী ভাগ করিয়া দিয়া, স্বয়ং জগরাথদশ্যন গমন করেন।

অসাধারণ সহিষ্ণুতা, অসাধারণ উদারতা ও অসাধারণ বিদ্যাবুদ্ধির প্রভাবে রামমোহন রায় সমস্ত সভ্যজনপদবাদীর বরণীয় হইয়া রহিয়াছেন। তিনি সমগ্র জগতের বর্ছ ছিলেন। তাঁহার অসামান্য জ্ঞানালোকে অনেকের অজ্ঞানান্ধকার দ্রীভূত হইয়াছে। যতদিন সাধুতা ও জ্ঞানের সম্মান থাকিবে, ততদিন মহাক্মা রাজা রামমোহন রায়ের নাম কথনও বিদুপ্ত হইবেনা।